দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর কালে প্রচলিত নীতিবিদ্যার অপর্যাপ্ততার প্রতিবাদে ব্যবহারিক নীতিবিদ্যার উদ্ভব হয় ইউরোপে।

ষাটের দশকে আমেরিকায় ব্যবহারিক নীতিবিদ্যার প্রসার ঘটে বর্ণ-বৈষম্য, লিঙ্গ-বৈষম্য ইত্যাদি প্রশ্ন সামনে রেখে।

সত্তুরের দশকে ব্রিটিশ দার্শনিকরা ব্যবহারিক নীতি দর্শনের প্রতি আকৃষ্ট হন। আর. এম. হেয়ার তাঁর Application of Moral Philosophy (১৯৭২) এশান্তি, জীবনের অধিকার ইত্যাদি নিয়ে আলোচনা করেন। তাঁর অস্ট্রেলিয়ান শিষ্য পিটার সিঙ্গার তাঁর বিখ্যাত পুস্তক Practical Ethics এ যেসব গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন সেগুলো হচ্ছে, সমতা, নারীর অধিকার, গর্ভপাত, প্রাণীর অধিকার, কৃপা-মৃত্যু, ধনী-দরিদ্রের ব্যবধান ইত্যাদি। এই সব দার্শনিকদের বেশির ভাগই উপযোগবাদী চিন্তাধারা দ্বারা কমবেশি প্রভাবিত। আর এর ফলে উপযোগবাদ বিরোধীরাও তাদের নিজেদের মত নিয়ে এগিয়ে এসেছেন। এর ফলে সদ্‌গুণের ওপর জোর দিয়ে সাম্প্রতিককালে বেশ কিছু পুস্তক প্রকাশিত হয়েছে। এগুলো হচ্ছে জি. এইচ. ভনরাইট (G.H. Von Wright)-এর The Varieties of Goodness (১৯৬৩), পিটার গীচ-এর (Peter Geach) The Virtues (১৯৭৭) এবং ফিলিপ্পা ফুট-এর (Philippa Foot) Virtues and Vices। ইতোমধ্যে পেশাভিত্তিক ব্যবহারিক নীতিবিদ্যারও প্রসার ঘটেছে। কিছু কিছু পেশা-ভিত্তিক ব্যবহারিক নীতিবিদ্যায় কান্টের কর্তব্য-তত্ত্বকে ব্যবহার করা হয়েছে; যেমন, চিকিৎসা-বিষয়ক নীতিবিদ্যায় রুথ চেডউইক (Ruth Chadwick)-এর কান্টিয় তত্ত্বের ব্যবহার এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। রলস্ (Rawls)-Hl A Theory of Justice সঠিকভাবে ব্যবহারিক নীতিবিদ্যার পুস্তক না হলেও এর ব্যবহারিক তাৎপর্য রয়েছে এবং সুরও মূলত কান্টিয়।

সত্তুরের দশক থেকে ব্রিটেনে উপযোগবাদী দৃষ্টিকোণ থেকে একদিকে সমতা, নারীর অধিকার, প্রাণীর অধিকার, গর্ভপাত, কৃপা-মৃত্যু ইত্যাদি নিয়ে আলোচনা শুরু হয়; অপরদিকে সদ্‌গুণ, কর্তব্যবোধ ইত্যাদির ওপর জোর দিয়ে উপযোগবাদ বিরোধী ব্যবহারিক নীতিবিদ্যার চর্চা চলতে থাকে।

ব্যবহারিক নীতিবিদ্যার উপর্যুক্ত ক্রমবিকাশ একান্তভাবে পাশ্চাত্যের ব্যাপার হলেও প্রাচ্যের অনুন্নত ও উন্নয়নশীল দেশগুলিতেও তাদের নিজেদের কিছু সমস্যার ব্যাপারে ব্যবহারিক নীতিবিদ্যার ভূমিকা পরিলক্ষিত হচ্ছে। বাংলাদেশে জনসংখ্যাধিক্য এক বিরাট নৈতিক সমস্যা হিসেবে চিহ্নিত। নারী অধিকার, পরিবেশ দূষণ ইত্যাদি কিছু সমস্যাও এখানে খুবই প্রাসঙ্গিক। অনেক উন্নয়নশীল দেশে অগণতান্ত্রিক শাসন-ব্যবস্থার বিরুদ্ধে আইন-অমান্য আন্দোলন ইত্যাদিও এখন নৈতিক সমস্যার বিষয়বস্তুতে পরিণত হয়েছে। এই ইউনিটের দ্বিতীয় পাঠে আমরা এসব সমস্যা সম্পর্কে কিছু আলোকপাত করার চেষ্টা করব।

বাংলাদেশে জনসংখ্যাধিক্য, নারীর অধিকার, পরিবেশ দূষণ প্রাসঙ্গিক নৈতিক সমস্যা বলে চিহ্নিত হয়েছে।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। ব্যবহারিক নীতিবিদ্যা উদ্ভবের মূল কারণ কী? সংক্ষেপে আলোচনা করুন।
২। ব্যবহারিক নীতিবিদ্যার প্রকৃতি ব্যাখ্যা করুন। যে পদ্ধতিতে এ কাজ করে তা সংক্ষেপে আলোচনা করুন।
৩। ব্যবহারিক নীতিবিদ্যার অন্তর্ভুক্ত বিষয়গুলোর সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। ব্যবহারিক নীতি আলোচনা করে কিছু
ক. ব্যবহারিক প্রশ্ন খ. অমূলক প্রশ্ন
গ. কঠিন প্রশ্ন
২। কেন আমরা নৈতিক হবো এ প্রশ্ন আলোচনা করে
ক. ব্যবহারিক নীতিবিদ্যা খ. মানমূলক নীতিবিদ্যা
গ. পরা-নীতিবিদ্যা
৩। নৈতিক নীতি মিথ্যা হয় যখন তারা হয়
ক. অসামঞ্জস্যপূর্ণ খ. বর্ণনামূলক
গ. কষ্টকর
৪। জ্ঞচোখের বদলে চোখঞ্চ প্রবন্ধটি লিখেছিলেন
ক. মার্টিন হাইডেগার খ. সিমো দ্য ব্যুভোয়া
গ. কিয়ার্কেগার্ড
৫। Human Rights and Racial Discrimination এর লেখক ছিলেন
ক. বার্ট্র্যান্ড রাসেল খ. ডেভিড হিউম
গ. রিচার্ড ওয়াসারস্ট্রম

সত্য/মিথ্যা

১. মানমূলক নীতিবিদ্যা নৈতিক জীবনের পুরো দাবি মিটাতে পারে না। সত্য/মিথ্যা
২. একজন ব্যবহারিক নীতিবিদকে সংশ্লিষ্ট সমস্যা সম্পর্কে বিশেষজ্ঞ হতে হয়। সত্য/মিথ্যা
৩. ব্যবহারিক নীতিবিদ্যায় বৈজ্ঞানিক গবেষণা পদ্ধতি অচল। সত্য/মিথ্যা
৪. ব্রিটিশ দার্শনিকরা প্রথম ব্যবহারিক নীতিবিদ্যার গোড়াপত্তন করেন। সত্য/মিথ্যা
৫. বাংলাদেশে জ্ঞকৃপামৃত্যুঞ্চ এক বিরাট নৈতিক সমস্যা। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। ক ২। গ ৩। ক ৪। খ ৫। গ।
সত্য/মিথ্যা: ১। সত্য ২। মিথ্যা ৩। মিথ্যা ৪। মিথ্যা ৫। মিথ্যা।

পাঠ ২

ব্যবহারিক নীতিবিদ্যায় ব্যবহৃত কিছু মুখ্য ধারণা
Key Concepts of Practical Ethics

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- ব্যবহারিক নীতিবিদ্যায় অধিকার ও কর্তব্য এই দুটো পরস্পর নির্ভরশীল ধারণার ভূমিকা সম্পর্কে জানতে পারবেন।
- একইক্ষেত্রে অন্য একটি ধারণা স্বাধীনতার ভূমিকা সম্পর্কে অবহিত হতে পারবেন।
- আরেকটি ধারণা সমতার ভূমিকা সম্পর্কে অবহিত হতে পারবেন।
- ব্যবহারিক নীতিবিদ্যায় আরেকটি প্রাচীন ধারণা ন্যায় এর ভূমিকা সম্পর্কেও অবহিত হতে পারবেন।

ব্যবহারিক নীতিবিদ্যায় ব্যবহৃত মুখ্য ধারণাগুলো হচ্ছে : অধিকার ও কর্তব্য, সমতা, স্বাধীনতা ও ন্যায় ইত্যাদি।

এই ইউনিটের প্রথম পাঠে আমরা ব্যবহারিক নীতিবিদ্যার প্রকৃতি ও প্রসার সম্পর্কে যে ধারণা পেয়েছি তা থেকে নীতিবিদ্যার এই শাখার বিষয়বস্তু সম্পর্কেই শুধু আমরা অবহিত হইনি, যে যে ধারণা এর উপজীব্য তাও আমাদের কাছে স্পষ্ট হয়ে ওঠেছে। বলা বাহুল্য, সনাতন নীতিবিদ্যায় তত্ত্বীয়ভাবে এই ধারণাগুলোর যে পরিচয় পাওয়া যায় তা মোটেও সন্তোষজনক নয়। সত্যি বলতে কি, সামাজিক ও রাজনৈতিক পরিমন্ডলেই এই ধারণাগুলো তাদের ভূমিকাসহ সমুজ্জ্বল হয়ে ওঠে। মুখ্যত এ ধারণাগুলো হচ্ছে অধিকার ও কর্তবা (rights and duties), স্বাধীনতা (liberty), সমতা (equality) ও ন্যায় (justice) প্রভৃতি। আমরা এখন এ ধারণাগুলো সম্পর্কে সংক্ষেপে কিছু আলোচনা করব।

এ কালে মানুষের কিছু মৌলিক অধিকার রয়েছে যা মানবাধিকারের বিশ্বজনীন সনদ অনুযায়ী স্বীকৃত।

অধিকার ও কর্তব্য

ইংরেজিতে যাকে right বলে বাংলায় তাকেই আমরা অধিকার বলি। মানমূলক নীতিবিদ্যা এবং পরানীতিবিদ্যা উভয় ক্ষেত্রেই এই right এর বিপরীত যে শব্দটি ব্যবহৃত হয় তা হচ্ছে wrong। আমরা দেখেছি সেখানে right এর অর্থ সঠিক বা যথোচিত এবং wrong এর অর্থ বেঠিক বা অযথোচিত। ব্যবহারিক নীতিবিদ্যায় right এর অর্থ যে শুধু অধিকার তা নয়, এর বিপরীত শব্দ হিসেবে এখানে wrong এর পরিবর্তে duty শব্দটি ব্যবহৃত হয় যার অর্থ হচ্ছে কর্তব্য। এ দুটো ধারণা মানব সমাজের গোড়া থেকেই প্রচলিত; মানুষ যখন রাষ্ট্রের অধীনে বাস করতে শিখে তখন এ ধারণাগুলো আরো শক্তিশালী হয়। এক সময় ছিল যখন সমাজ বা রাষ্ট্রের কাছে মানুষের অধিকার ছিল খুবই সীমিত, যদিও তার কর্তব্য ছিল সেই অনুপাতে খুবই বেশি। কালে কালে এ ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এসেছে। এখন মানুষ তার অধিকারের ব্যাপারে খুবই সচেতন এবং সে তার জন্য কতগুলো অধিকারকে খুবই মৌলিক মনে করে থাকে। এ সব

অধিকারের পেছনে যে নৈতিক সমর্থন লক্ষ্য করা যায় তাতে রাষ্ট্র কিংবা অন্য কারো দ্বারা তা লঙ্ঘিত হলে তাদেরকে অবশ্যম্ভাবীরূপে নিন্দার সম্মুখীন হতে হয়। ১৯৪৮ সালের মানব অধিকারের এক বিশ্বজনীন সনদ অনুযায়ী মানুষের নিম্নোক্ত মৌলিক অধিকারগুলোর ওপর বিশেষ জোর দেয়া হয়ে থাকে :

খাদ্য বস্ত্র ও বাসস্হানের অধিকার,

মান-সম্মানসহ বেঁচে থাকার অধিকার,

ভোট প্রদানের অধিকার,

সম্পত্তি অর্জন ও রক্ষার অধিকার,

মত প্রকাশের অধিকারসহ স্বাধীনভাবে জীবনযাপনের অধিকার,

আইনের চোখে সকলের সমানাধিকার ও

ন্যায় বিচারের অধিকার।

শেষোক্ত অধিকারগুলো স্পষ্টত উল্লিখিত অপর কয়েকটি নীতিবিদ্যক ধারণার সঙ্গে যুক্ত যা হচ্ছে স্বাধীনতা, সমতা ও ন্যায়।

স্বাধীনতা বলতে বুঝায় মানুষের আত্ম-নির্ধারণের ক্ষমতা।

স্বাধীনতা

নীতিবিদ্যায় স্বাধীনতার অর্থই হলো ব্যক্তি স্বাধীনতা। আমরা এই পুস্তকের ইউনিট ২ এর ৪র্থ পাঠে দেখিয়েছিলাম যে, মানুষের আত্ম-নির্ধারণের ক্ষমতা রয়েছে। ব্যক্তি স্বাধীনতার মূলকথাই হলো তার এই আত্ম-নির্ধারণের ক্ষমতায় হস্তক্ষেপ না করা। বিভিন্নভাবে যুগে যুগে এ ব্যাপারে হস্তক্ষেপ করা হয়েছে। কখনো তা করা হয়েছে মানুষের চলাফেরার ওপর নিয়ন্ত্রণ আরোপ করে, কখনো বা করা হয়েছে তার চিন্তা-ভাবনা বা মতামত প্রকাশের ব্যাপারে বিধি-নিষেধ আরোপ করে। যাকে আমরা বলি বাক-স্বাধীনতা, কলমের স্বাধীনতা, শেষোক্ত বিষয়টি মূলত তাই নির্দেশ করে।

ব্যক্তি-স্বাধীনতার ওপর জোরারোপে অবশ্য একথা বুঝায় না যে, সামষ্টিক বা জাতীয় স্বাধীনতার ব্যাপারে ব্যবহারিক নীতিবিদ্যার কোন বক্তব্য নেই। দুটো ক্ষেত্রেই আত্ম-নির্ধারণ তথা নিয়ন্ত্রণের নীতি সমান কার্যকর। অনেক সময় মনে করা হয় যে অনুন্নত জাতিগুলোর ব্যাপারে উন্নত জাতিগুলোর একটা দায়িত্ব আছে এবং এ দায়িত্বের সুবাদে তাদের ওপর খবরদারী করার তাদের পূর্ণ অধিকার রয়েছে। এই ধরনের ধারণা খুবই ব্যাপক হলেও এর নৈতিক বৈধতা নিয়ে এখন সর্বত্রই প্রশ্ন ওঠেছে।

স্বাধীনতা এও বুঝায় না যে, ব্যক্তির যা খুশী তাই করার অধিকার রয়েছে। মানুষ যা খুশী তাই বলতে পারে না, কিংবা যা খুশী তাই লিখতে পারে না। কিন্তু সীমাটা কোথায় তা নিয়ে ব্যক্তি ও সমাজের মধ্যে দ্বন্দ্ব হতে পারে। এ ব্যাপারে ব্যবহারিক নীতিবিদ্যার পদ্ধতি থেকে আমরা সাহায্য পেতে পারি।

সামাজিক সুযোগ-সুবিধা প্রদানে অনীহা এবং বিরূপ মনোভাবই বৈষম্যের মূল কারণ।

সমতা

মানুষে মানুষে বৈষম্যের নীতি মানব-ইতিহাসের মতই প্রাচীন। আবার এর বিরুদ্ধে প্রতিবাদও এরই মত প্রাচীন যার অর্থ হচ্ছে মানবীয় সমতার কথা মানুষ আদিকাল থেকেই ভেবে এসেছে, এর স্বপ্ন দেখেছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, আজ পর্যন্ত মানুষে মানুষে পূর্ণ সমতা অর্জিত হয়নি। এখনো বর্ণগত, জাতিগত ও লিঙ্গগত বৈষম্য পরিদৃষ্ট হয় পৃথিবীর সর্বত্র। সামাজিক সুযোগ-সুবিধা প্রদানে অনীহা এবং বিরূপ মনোভাব সৃষ্ট পার্থক্যকরণই বিভিন্ন ধরনের বৈষম্যের সৃষ্টি করে। মনোভাবের ব্যাপারটা জড়িত আছে বলেই বহু আইন করেও বৈষম্যের অবসান সম্ভব হয়নি। এ কারণেই বিষয়টির নৈতিক আবেদনের প্রতি সকলের এত আগ্রহ।

রল্‌স-এর মতে মানুষের কিছু সাধারণ নৈতিক গুণের কারণে সব মানুষ সমান।

তবে নীতি-দার্শনিকদের মধ্যে মতের ভিন্নতা বিষয়টিকে ব্যবহারিক দিক থেকে বেশ জটিলতা দান করেছে। এটা অবধারিত এই জন্য যে, মানুষের এমন কিছু বৈশিষ্ট্য রয়েছে যেগুলো ব্যক্তিতে ব্যক্তিতে ভিন্ন হয়। এই সব ভিন্নতাকে স্বীকার করা বেশ দুরূহ কাজ, যদিও অসম্ভব কিছু নয়। রল্‌স (John Rawls) তাঁর বিখ্যাত পুস্তক A Theory of Justice এ মত প্রকাশ করেছেন যে, মানুষের কিছু নৈতিক গুণের কারণে সকল মানুষ সমান। এসব গুণগুলোকে একটি বৃত্তের মধ্যে কল্পনা করলে এর কোনটি বৃত্তের কেন্দ্রের কাছে থাকে, কোনটি বা কেন্দ্র থেকে দূরে থাকে, কিন্তু সবগুলিই বৃত্তের মধ্যে থাকে। এরা যে বৃত্তের মধ্যে আছে, এর বাইরে নয়, এটাই প্রত্যেকটি বৃত্তই (নৈতিক ব্যক্তিত্ব) যে সমান মর্যাদার অধিকারী তার প্রমাণ; কিন্তু উপযোগবাদীরা এই তত্ত্ব অস্বীকার করেন। তাঁরা সন্দেহ প্রকাশ করেন যে, নৈতিকভাবে গুরুত্বপূর্ণ এমন কোন গুণ আছে সব মানুষ সমানভাবে যার অধিকারী। এর ফলে এসেছে 'সমান সুযোগের' মতবাদ। এই মতবাদ অনুযায়ী সমাজে প্রত্যেক মানুষেরই সমান সুযোগ নিশ্চিত করতে হবে। এই সমান সুযোগ পেয়ে কেউ যদি তার মেধা বলে অন্যকে ছাড়িয়ে যায় তাহলে তাকে বৈষম্য বলা যাবে না। কিন্তু যে কোন সমাজেই সর্বক্ষেত্রে সবার জন্য সমান সুযোগ সম্ভব নয়। একটি উদাহরণ দিয়ে বিষয়টি পরিষ্কার করা যেতে পারে। স্কুলে ক ও খ এর সুযোগ সমান, কিন্তু ক যদি না খেয়ে স্কুলে আসে আর খ আসে ভাল খেয়ে তাহলে স্কুলের সমান সুযোগ ক এর কোন উপকারেই আসবে না। এ কারণেই অনেক দার্শনিক স্বার্থের সম-বিবেচনার কথা বলেন।

স্বার্থের সম-বিবেচনার মতবাদ

নিশ্চয়তা না দিয়েও সমতা-নীতি বাস্তবায়নে কথা বলে। ব্যবহারিক নীতিবিদ্যা তার নিজস্ব ছাঁচে ফেলে বিচার-বিবেচনা করে এসব তত্ত্বের আলোকে সমানাধিকারের প্রশ্নগুলো আলোচনা করতে পারে।

পিছিয়ে পড়াদেরকে এক সারিতে আনার জন্য 'বিপরীত বৈষম্যের' প্রবর্তন সমতা-নীতির বিরোধী নয়।

সমতার প্রশ্নে "বিপরীত-বৈষম্যের" (reverse discrimination) ধারণাও কম গুরুত্বপূর্ণ নয়। অনেক সময় বহু সমাজে এমন কিছু লোক থাকে যারা অন্যান্যদের চেয়ে কোন কোন দিক থেকে পিছিয়ে থাকে। অন্যান্যদের সমান করার জন্য তাদেরকে তখন ঐসব দিকগুলোতে কিছু অতিরিক্ত সুযোগ-সুবিধা দিতে হয়। বাইরের দিক থেকে একে বৈষম্যমূলক আচরণ বলে মনে হলেও, তা সমতা-নীতিরই একটি প্রতিফলন। আর একেই বলে 'বিপরীত-বৈষম্যের' নীতি। একটা উদাহরণ

দেয়া যাক। আমাদের সমাজে মেয়েরা শিক্ষা-দীক্ষায়, চাকুরীতে পুরুষদের চেয়ে পেছনে পড়ে আছে। এমতাবস্থায় শিক্ষা-প্রতিষ্ঠানগুলোতে তাদেরকে বিশেষ বৃত্তি দেয়ার ব্যবস্থা নেয়া হয়েছে এবং চাকুরীর ক্ষেত্রে তাদের জন্য কোটা-প্রথা রয়েছে। এটা সমতা-নীতির স্বার্থেই। অবশ্য অনেকে একে এ নীতির পরিপন্থী বলেও মনে করেন।

ন্যায়ের আলোচনা খুবই প্রাচীন এবং অধিকার, স্বাধীনতা, সমতা সবগুলো ধারণাই এর সঙ্গে জড়িত।

ন্যায় (Justice)

অধিকার, স্বাধীনতা ও সমতা ইত্যাদি নিয়ে যখন থেকে আলোচনা শুরু হয় তা খুব বেশিদিনের কথা নয়। কিন্তু ন্যায় সম্পর্কিত আলোচনা খুবই প্রাচীন এবং বিষয়টি অত্যন্ত সংবেদনশীলও। যে কোন লোককে, তা যতই সে অন্যায়কারী হোক না কেন, যদি ন্যায়ের দোহাই দিয়ে কিছু বলা হয় তা তার হৃদয় স্পর্শ করে। এক সময় মনে করা হতো শাসন-কর্তার কাজ মূলত ন্যায় নিশ্চিত করার কাজ। সঙ্গত কারণেই প্লেটো তাঁর 'রিপাবলিক' নামক পুস্তকটি রচনা করেন ন্যায় সম্পর্কিত তাঁর মতবাদ প্রচার করতে। তিনি রাষ্ট্র ও ব্যক্তির মাঝে কিছু সাধারণ বৈশিষ্ট্য উল্লেখ করেন (প্রজ্ঞা, সাহস, কামনা, বাসনা) যার মধ্যে সুসমন্বয় ঘটলে ন্যায় প্রতিষ্ঠিত হয় বলে তাঁর ধারণা ছিল। অন্যভাবে বললে বলা যায়, অনুপাত ও হিসাব-নিকাশের একটা ব্যাপার তিনি ন্যায়ের বেলায় বিবেচনা করেছিলেন। তাঁর শিষ্য অ্যারিস্টটলও এই নীতি সমর্থন করেন। তিনি ন্যায়কে দুঞ্চভাগে ভাগ করেন : বিতরণমূলক ও প্রতিকারমূলক (distributive and rectificatory)। প্রথমোক্ত ন্যায়কে তিনি সমানুপাতমূলক অর্থে গ্রহণ করেন, আর শেষোক্তকে গ্রহণ করেন সমতামূলক অর্থে। একটিকে তিনি বলেন জ্যামিতিক অপরটিকে গাণিতিক। অ্যারিস্টটল আরেকটি অর্থেও ন্যায় কথাটাকে ব্যবহার করেছেন। এ হচ্ছে প্রতিদানমূলক ন্যায় (Justice in exchange)। তবে এতেও অনুপাত ও সমতার নীতি কাজ করে বলে তিনি মনে করেন। ন্যায়ের আধুনিক মতবাদগুলোও ন্যায়ের ধারণা থেকে সমতা, সমানুপাত ইত্যাদি ধারণাকে বাদ দিতে পারেনি। বস্তুত অধিকার, স্বাধীনতা, সমতা সকল ধারণাগুলোই ন্যায়ের ধারণার সঙ্গে জড়িত বলে আধুনিক চিন্তাধারায় দেখা হয়। ব্যবহারিক নীতিবিদ্যার আলোচনায়, বিশেষ করে ন্যায়ের প্রশ্নে এসব ধারণাগুলোর সম্পৃক্ততা আমরা পরিহার করতে পারব না কিছুতেই।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। মানবাধিকার বলতে কি বুঝায়? মুখ্য মানবাধিকারগুলো সনাক্ত করুন।
২। সমতার ধারণাটি ব্যাখ্যা করুন। বিপরীত-বৈষম্য কি সমতার নীতি-বিরোধী?
৩। ন্যায়ের ধারণা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। ব্যবহারিক নীতিবিদ্যায় right এর বিপরীত শব্দ হচ্ছে
ক. Wrong খ. Duty
গ. Mighty

২। বৈষম্য সৃষ্টিতে সাহায্য করে
ক. বিরূপ মনোভাব খ. প্রেমের মনোভাব
গ. নিরাসক্ত মনোভাব

৩। প্লেটো ন্যায় সম্পর্কে আলোচনা করেন যে পুস্তকে তা হচ্ছে
ক রিপাবলিক খ. ইউথাইফ্রো
গ. ল'স

৪। অ্যারিস্টটল ন্যায়কে যে কয়টি ভাগে ভাগ করেন তার একটি হচ্ছে
ক জ্ঞানমূলক খ. বিতরণমূলক
গ. গঠনমূলক

৫। মেয়েদের চাকুরীর ক্ষেত্রে কোটা প্রথা
ক. সমতা-নীতির পরিপন্থী নয় খ. সমতা-নীতির পরিপন্থী
গ. আইনের পরিপন্থী

সত্য/মিথ্যা

১. ব্যবহারিক নীতিবিদ্যায় ইংরেজি right শব্দটির বাংলা অর্থ হচ্ছে সঠিক। সত্য/মিথ্যা
২. মানবাধিকারের বিশ্বজনীন সনদ রচিত হয় ১৯৪৮ সালে। সত্য/মিথ্যা
৩. উন্নত দেশগুলোর অনুন্নত দেশের ওপর খবরদারী করার নৈতিক অধিকার রয়েছে। সত্য/মিথ্যা
৪. স্বাধীনতা বলতে এই বুঝায় যে, ব্যক্তি যা ইচ্ছা তাই করতে পারবে। সত্য/মিথ্যা
৫. রলস্-এর মতে সব মানুষ সমান, কারণ তাদের সাধারণ কিছু নৈতিক গুণ রয়েছে। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। ক ৩। ক ৪। খ ৫। ক।
সত্য-মিথ্যা: ১। মিথ্যা ২। সত্য ৩। মিথ্যা ৪। মিথ্যা ৫। সত্য।

7

কিছু ব্যবহারিক নৈতিক সমস্যা

Some Practical Ethical Problems

এই ইউনিটে ব্যবহারিক নীতিবিদ্যার এমন কিছু সমস্যা নিয়ে আলোচনা করা হবে যা বর্তমান পৃথিবীতে বহুল আলোচিত। এদের মধ্যে পরিবার-পরিকল্পনা, মানবাধিকার ও নারী-বৈষম্য, পরিবেশ দূষণ আমাদের দেশের ক্ষেত্রে খুবই প্রাসঙ্গিক। অন্যান্য সমস্যাগুলো, যেমন মানবেতর প্রাণীর অধিকার, কৃপা-মৃত্যু, যুদ্ধ ও শান্তি, অপরাধ ও তার শাস্তি ইত্যাদি এদেশের চেয়ে উন্নত দেশগুলোতে অধিক আলোচিত বিষয়।

ইউনিট সূচি

১. **পরিবার পরিকল্পনা (১ম ভাগ)**
২. **পরিবার পরিকল্পনা (২য় ভাগ)**
৩. **কৃপা-মৃত্যু**
৪. **মানবাধিকার ও নারী-বৈষম্য (১ম ভাগ)**
৫. **মানবাধিকার ও নারী-বৈষম্য (২য় ভাগ)**
৬. **অপরাধ ও শাস্তি (১ম ভাগ)**
৭. **অপরাধ ও শাস্তি (২য় ভাগ)**
৮. **যুদ্ধ ও শান্তি (১ম ভাগ)**
৯. **যুদ্ধ ও শান্তি (২য় ভাগ)**
১০. **পরিবেশ দূষণ (১ম ভাগ)**
১১. **পরিবেশ দূষণ (২য় ভাগ)**
১২. **মানবেতর প্রাণীর অধিকার (১ম ভাগ)**
১৩. **মানবেতর প্রাণীর অধিকার (২য় ভাগ)**

পাঠ ১

পরিবার পরিকল্পনা (১ম ভাগ)
Family Planning (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- পরিবার পরিকল্পনার নৈতিক বৈধতার প্রশ্নটি ব্যাখ্যা করতে পারবেন।
- সাধারণভাবে জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে যেসব যুক্তি রয়েছে তা উল্লেখ করতে পারবেন।
- জন্ম-নিয়ন্ত্রণের বিপক্ষে যেসব যুক্তি রয়েছে তা উল্লেখ করতে পারবেন।
- উপর্যুক্ত যুক্তিগুলোর বিপক্ষে যে বক্তব্য রয়েছে তা বর্ণনা করতে পারবেন।

পরিবার-পরিকল্পনা একটি ব্যাপক অর্থবহ ধারণা। যেকোন কাজ সুচারুরূপে সম্পাদন করার জন্য এবং তা থেকে সর্বাধিক মঙ্গল পাওয়ার জন্য আগে থেকেই পরিকল্পনার প্রয়োজন রয়েছে। পরিবার-পরিকল্পনার মধ্যেও একই উদ্দেশ্য বিদ্যমান। এর মূল উদ্দেশ্য হচ্ছে সুখী-সুন্দর পরিবার গড়ে তোলা। এই লক্ষ্যে পরিবারের প্রতিটি সদস্যের স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য সুযোগ-সুবিধার কথা এতে সবচাইতে বেশি ভাবা হয়। সাধারণত মনে করা হয়, খুব বেশি বড় পরিবার হলে- বিশেষত গরীব দেশে এগুলো সম্ভব নয়। এই কারণে বিশেষ অর্থে পরিবার-পরিকল্পনা বলতে এখন বুঝায় পরিবারের সদস্য-সংখ্যা সীমিত রেখে উপর্যুক্ত সুযোগ সুবিধাগুলো নিশ্চিত করা। স্বাভাবিকভাবেই জন্ম-নিয়ন্ত্রণ ও পরিবার-পরিকল্পনা এখন সমার্থক শব্দ হয়ে দাঁড়িয়েছে। তাই নৈতিক দিক থেকে যখন পরিবার-পরিকল্পনা নিয়ে ভাবা হয় সে ভাবনাটা আসলে হয়ে ওঠে জন্ম-নিয়ন্ত্রণ সম্পর্কিত নৈতিক ভাবনা। সহজ ভাষায় বলতে গেলে, আমাদের মনে প্রশ্ন জাগে, জন্ম-নিয়ন্ত্রণ কি নৈতিকভাবে গ্রহণযোগ্য? এর উত্তরে প্রথমে আমরা জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে-বিপক্ষে সাধারণভাবে যা বলা যায় তা উল্লেখ করব এবং পরে উল্লেখ করব জন্ম-নিয়ন্ত্রণের পদ্ধতিগত প্রশ্নে এর বৈধতা বিষয়ে যে বিতর্ক রয়েছে তা। আমাদের সাধারণ আলোচনার প্রথমেই আমরা জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে যে যুক্তিগুলি দেয়া যায় তা নিয়ে আলোচনা করব।

পরিবার পরিকল্পনা বলতে এখন জন্মনিয়ন্ত্রণকেই বুঝায়।

ম্যালথাসের তত্ত্ব ও জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে যুক্তি

এমন এক সময় ছিল যখন যে-কোন পরিবারে সন্তানের আধিক্যকে অত্যন্ত সুনজরে দেখা হতো। প্রচলিত বিশ্বাস ছিল এই যে, অধিক সন্তান মানে অধিক আয়, অধিক ক্ষমতা ও অধিক সম্মান। কিন্তু কালক্রমে এই ধারণার পরিবর্তন ঘটে। এক সময় ইংরেজ অর্থনীতিবিদ ম্যালথাস দেখান যে, জনসংখ্যা যে হারে বাড়ে সে হারে অর্থনৈতিক প্রবৃদ্ধি ঘটে না। এর ফলে এক সময় দুর্ভিক্ষ, মহামারি ইত্যাদির কারণে প্রচুর মানুষের মৃত্যু ঘটে এবং এর ফলে জনসংখ্যায় একটা স্থিতাবস্থা বজায় থাকে। ম্যালথাসের এই তত্ত্বকে প্রাকৃতিক উপায়ে জন্ম-নিয়ন্ত্রণের একটি প্রকৃষ্ট উদাহরণ বলা চলে। কিন্তু প্রক্রিয়াটি যে অত্যন্ত নিষ্ঠুর ও দুর্ভাগ্যজনক তাতে কোন সন্দেহ নেই। স্বভাবতই তাই অবাধ জনসংখ্যা বৃদ্ধির নৈতিক ভিত্তি এই স্তরে এসে প্রশ্নের সম্মুখীন হয় এবং কৃত্রিমভাবে জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে একটা নৈতিক যুক্তি অনুভূত হয়। বলাবাহুল্য সব ধরনের নীতিবিদরাই এই

ম্যালথাসের মতে প্রকৃতিই মানুষের জন্ম নিয়ন্ত্রণ করে। তবে এ পদ্ধতিটি বড় নিষ্ঠুর।

যুক্তির চাপ অনুভব করেন; কেননা ব্যষ্টিক ও সামষ্টিক পর্যায়ে কেউ নিষ্ঠুরতাকে নৈতিকভাবে সমর্থন করতে পারেন না, এমনকি স্বজ্ঞাবাদী ও আকারবাদী চিন্তাবিদরাও।

আমরা অবশ্য এমন একটি সমাজের কথা চিন্তা করতে পারি যেখানে প্রাকৃতিক নিষ্ঠুরতাকে মোটামুটিভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে। বর্তমানে অধিকাংশ উন্নয়নশীল দেশে এই অবস্থা বিরাজ করছে। এসব দেশে কি জন্ম নিয়ন্ত্রণকে সমর্থন করা যাবে? সামগ্রিক সুখবাদী নীতি অনুযায়ী এই ধরনের সমাজ উন্নত জীবনযাত্রাসম্পন্ন স্বল্প বসতিপূর্ণ সমাজের চাইতে নিকৃষ্ট নয়; কেননা অধিক সংখ্যক লোকের অল্পমাত্রার সুখের যোগফল কমসংখ্যক লোকের অধিক পরিমাণ সুখের যোগফলের চেয়ে বেশি হতে পারে। স্বাভাবিকভাবেই তাই জন্ম নিয়ন্ত্রণকে এই সব সমাজে অপরিহার্য ভাবার কোন কারণ নেই বলে ধরে নেয়া যায়। কিন্তু ডেরিক পারফিট এই ধরনের ভাবনাকে নিরুৎসাহিত করেছেন। তিনি তাঁর বিখ্যাত প্রবন্ধ Over Population And the Quality of Life এ প্রতিটি ব্যক্তি জীবনের গুণগত দিকের ওপর জোর দেন। তাঁর মতে আমাদের যা বিবেচ্য তাহলো প্রতিটি ব্যক্তি তাঁর জীবনে কতখানি মূল্য পাচ্ছে, তার জীবন কতটুকু অর্থবহ, উত্তম জীবন যাপনে তার সামর্থ্য কতটুকু ইত্যাদি। এদিক থেকে বিচার করলে জন্ম-নিয়ন্ত্রণকে সমর্থন ভিন্ন উপায় নেই।

জন্ম-নিয়ন্ত্রণ, সুখবাদী নীতি ও ডেরিক পারফিটের মত।

১. জন্ম-নিয়ন্ত্রণের বিপক্ষে কিছু যুক্তি

ম্যালথাস অব্যাহত জনসংখ্যা বৃদ্ধির ভয়াবহ যে পরিণামের কথা প্রচার করেছিলেন তার মধ্যে যথেষ্ট সত্যতা ছিল তাতে কোন সন্দেহ নেই। কিন্তু সময় বদলে গেছে। দু'শতাব্দী আগে মানুষ যেমন প্রকৃতির হাতের পুতুল ছিল এখন আর তা নেই। বিজ্ঞানের নব নব আবিষ্কারের ফলে মহামারী-মন্বন্তর এখন অনেকটাই মানুষের নিয়ন্ত্রণাধীন। চিকিৎসা-বিজ্ঞানসহ বিজ্ঞানের বিভিন্ন শাখায় এখন যে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে এসব তারই ফল। পঞ্চাশ বছর আগে কেউ কল্পনাও করতে পারেনি বর্তমান বাংলাদেশের ১২ কোটি লোকের খাদ্য সংস্থান করা এদেশের পক্ষে সম্ভব হবে। কিন্তু ষাটের দশকে উচ্চ-ফলনশীল ধানের আবিষ্কারের ফলে অবস্থার আমূল পরিবর্তন সাধিত হয়েছে। প্রতিবেশী অন্যান্য দেশের বেলায়ও একই কথা খাটে। তাছাড়া পৃথিবীতে এখনো এমন সব পতিত ভূমি রয়েছে উপযুক্ত সেচ ব্যবস্থার মাধ্যমে যাকে কর্ষণযোগ্য করে তোলা যায়। এ ব্যাপারে যা দরকার তাহলো আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপক সাহায্য-সহযোগিতা। জাতিসংঘ এ দায়িত্ব এখন নিতে পারে। অনেকের মতে জাতিসংঘ এ পর্যন্ত জনসংখ্যা সীমিত রাখার ব্যাপারে যে অর্থ ব্যয় করেছে তা যদি কৃষির ক্ষেত্রে ব্যয় করতো তাহলে আরো সুবিবেচনার কাজ হতো।

বিজ্ঞানের অগ্রগতির ফলে জন্ম-নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা নিয়ে প্রশ্ন ওঠেছে।

২. অনাগত প্রজন্মের অধিকার সংক্রান্ত যুক্তি

জন্ম-নিয়ন্ত্রণের ফলে অনাগত প্রজন্মের অস্তিত্বে আসার অধিকারকে খর্ব করা হয় বলে অনেকে মনে করেন। এই অধিকারের বিষয়টিকে একটি উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করা যায়। বাংলাদেশে রেল ভ্রমণ খুব একটা সুখপ্রদ ঘটনা নয়। যখন ট্রেন কোন একটি স্টেশনে প্রবেশ করে তখন প্রত্যেকটি কামরাই থাকে প্রায় পূর্ণ। ফলে ভেতরের যাত্রীরা প্রায়ই চিৎকার করে সম্ভাব্য যাত্রীদেরকে জানিয়ে দেন, 'এই কামরায় জায়গা নেই, অন্য কামরায় দেখুন'। কিন্তু তদ্‌সত্ত্বেও কিছু লোক ওঠে যায় এবং দাঁড়িয়ে থাকে। পরবর্তী স্টেশন যখন আসে তখন দাঁড়িয়ে থাকা লোকগুলোই আগেকার বসে থাকা লোকগুলোর মত একই কথা বলে লোকজনকে তাদের কামরায় ওঠতে নিরুৎসাহিত করে। কিন্তু কে কার কথা শুনে, কিছু লোক ওঠে পড়ে এবং গাদাগাদি করে

অনাগত প্রজন্মের অস্তিত্বে আসার অধিকারে হস্তক্ষেপ স্বার্থপরতার শামিল।

দাঁড়িয়ে থাকে। আবার নতুন স্টেশন এলে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে। এভাবে গাদাগাদি ধাক্কাধাক্কির মধ্যে একসময় ট্রেন তার গন্তব্যে পৌঁছে এবং সকলেই স্বস্তির নিশ্বাস ফেলে ট্রেন ত্যাগ করে। এই যে সবাই গন্তব্যে পৌঁছাতে পারল তা ফলাফলের দিক থেকে শুধু ভাল নয়, মানুষের স্বার্থপরতা অতিক্রমের একটা বিষয়ও এখানে লক্ষ্য করা যায়। একইভাবে অনাগত প্রজন্মের ব্যাপারটাকেও আমরা দেখতে পারি। আমরা যদি পৃথিবী নামক এই ট্রেনটির যাত্রী হতে পারি, তাদেরও একই অধিকার রয়েছে। এ অধিকারে বাধা দিলে আমরা চরম স্বার্থপরতারই পরিচয় দিব।

এছাড়া আরো কিছু যুক্তি আছে যা সচরাচর উল্লেখ করা হয়; যেমন মানুষ শুধু পেট নিয়েই জন্মায় না, তার দুটো হাতও আছে। অতএব সে কারো ভার হয়ে থাকবে তা মনে করা অন্যায়। অনেকে আবার তার মস্তিস্কের কথা উল্লেখ করতেও ভুলেন না। এ ব্যাপারে সবচাইতে মোক্ষম যুক্তি হলো, সন্তান যত বেশি হবে তত তাদের মধ্যে প্রতিভাবান সন্তান থাকার সম্ভাবনা বেশি থাকবে, আর এর ফলে অধিক সন্তান থেকে পৃথিবী লাভবানই বেশি হবে। এ প্রসঙ্গে অনেক মহাপুরুষের কথা উল্লেখ করা হয় যাদের জন্ম তাদের পিতা মাতার বহু সন্তানের মধ্যে একেবারে শেষের দিকে। তাঁদের জন্ম না হলে পৃথিবী নৈতিক, আধ্যাত্মিক কিংবা জাগতিক দিক থেকে দরিদ্রতর থেকে দরিদ্রতর থেকে যেতো।

অধিক সন্তান মানে অধিক প্রতিভাবান লোকদের সম্ভাবনা।

জন্ম-নিয়ন্ত্রণের বিপক্ষে উপর্যুক্ত সমালোচনাসমূহ অবশ্য অকাট্য তেমন ভাবার কারণ নেই। এ ব্যাপারে যেসব বক্তব্য উপস্থাপন করা যায় তা নিম্নে উল্লেখ করা হলো:

১. এতে কোন সন্দেহ নেই, বিজ্ঞানের উন্নতির ফলে খাদ্য ও জীবন avi‡Yi জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ উৎপাদনের ক্ষেত্রে বিরাট সাফল্য অর্জিত হয়েছে। কিন্তু বিজ্ঞানের সামর্থ্য সীমাহীন তেমন ভাবার কোন কারণ নেই। জনসংখ্যা সীমাহীনভাবে বাড়লে এমন সময় আসবে যখন মানুষের প্রয়োজনের সামনে বিজ্ঞানও থমকে দাঁড়াবে। এমতাবস্হায় বিচক্ষণতার কাজ হচ্ছে উৎপাদন বাড়ানোর সাথে সাথে জন্মও নিয়ন্ত্রণ করা।

বিজ্ঞানের সামর্থ্য সীমাহীন নয়।

২. অনাগত সন্তানের অধিকারের প্রশ্নটিও বিতর্কমূলক। তাদের কি অস্তিত্বে আসার সত্যিই কোন অধিকার আছে? অনেকেই মনে করেন তারা যেহেতু অধিকার দাবি করতে পারে না, সুতরাং তাদের কোন অধিকারও থাকতে পারে না। রেলযাত্রীদের উদাহরণ দিয়ে যা বলা হয়েছে তাতে এটা পরিষ্কার যে, ভ্রমনেচ্ছু যাত্রীদেরকে রেল কর্তৃপক্ষ আগে থেকেই টিকিট দিয়ে থাকেন যার ফলে তাদের ট্রেনে আরোহণের অধিকারের একটা ভিত্তি সত্যি সত্যিই থাকে। প্রশ্ন ওঠতে পারে, অনাগত প্রজন্মের অধিকারের এ ধরনের কোন ভিত্তি আছে কি? এ পর্যায়ে বিষয়টি বেশ জটিলতা নিয়ে হাজির হয়। একমাত্র ধর্মীয় দৃষ্টিকোণ থেকেই আমরা অনাগত প্রজন্মের একটা অর্থযোগ্য ধারণা পাই। ধর্ম আত্মার স্বীকৃতি দিয়ে সুস্পষ্টভাবে বলতে পারে অনাগত প্রজন্ম বলতে কী বুঝায়? নীতিবিদ্যায় এখন আত্মা স্বীকার্য বিষয় নয়, তাই শারীরিক অস্তিত্বের বাইরে তা অনাগত প্রজন্মের অধিকার অন্বেষণ করতে পারে না। এই শারীরিক অস্তিত্ব সম্পর্কিত কিছু খুঁটিনাটি প্রশ্ন নিয়ে পরবর্তী পাঠে আমরা আলোচনা করব।

যারা অধিকার দাবি করতে পারে না, তাদের কোন অধিকার নেই।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। পরিবার-পরিকল্পনা সম্পর্কিত মূল নৈতিক প্রশ্নটি কি?

২। জন্ম-নিয়ন্ত্রণের পক্ষে সাধারণভাবে যেসব যুক্তি রয়েছে তা বিবৃত করুন। এ ব্যাপারে আপনার মত কি i/c?

৩। জন্ম-নিয়ন্ত্রণের বিপক্ষে সাধারণ যেসব যুক্তি রয়েছে তা কি গ্রহণযোগ্য? সংক্ষেপে আলোচনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। পরিকল্পনার প্রয়োজন, কারণ এতে
   ক) মঙ্গল বয়ে আনে খ) লোকের প্রশংসা অর্জনে সাহায্য করে
   গ) কল্পনাশক্তি বাড়ায়

২। ম্যালথাসের মতে জনসংখ্যার বৃদ্ধি অর্থনৈতিক প্রবৃদ্ধির চেয়ে
   ক) কম খ) বেশি
   গ) সমান

৩। সামগ্রিক-সুখবাদী নীতি অনুযায়ী অনেক উন্নয়নশীল দেশে জন্মনিয়ন্ত্রণ
   ক) অপরিহার্য খ) অপরিহার্য নয়
   গ) অত্যাবশ্যকীয়

৪। ডেরিক পারফিটের প্রবন্ধের নাম
   ক) Over Population in Under Developed Countries
   খ) Over Population and the Quality of Life
   গ) Morality And Over Population

৫। অনাগত প্রজন্ম সম্পর্কে সবচেয়ে সুস্পষ্ট ব্যাখ্যা হচ্ছে
   ক) ধর্মের খ) বিজ্ঞানের
   গ) সাহিত্যের

সত্য/মিথ্যা

১. পরিবার পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে সুখী-সুন্দর পরিবার গড়ে তোলা।সত্য/মিথ্যা

২. ম্যালথাসের তত্ত্বকে প্রাকৃতিক উপায়ে জন্মনিয়ন্ত্রণের উদাহরণ বলা চলে না।সত্য/মিথ্যা

৩. প্রাকৃতিক উপায়ে জন্ম-নিয়ন্ত্রণ নিষ্ঠুর, তাই অনৈতিক। সত্য/মিথ্যা

৪. অনাগত প্রজন্মের অধিকার নিয়ে কোন তর্ক চলে না।সত্য/মিথ্যা

৫. বিজ্ঞানের সামর্থ্য সীমাহীন।সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। ক ২। খ ৩। খ ৪। খ ৫। ক।

সত্য-মিথ্যা: ১। সত্য ২। মিথ্যা ৩। সত্য ৪। মিথ্যা ৫। মিথ্যা।

পাঠ ২

পরিবার পরিকল্পনা (২য় ভাগ)
Family Planning (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

১. মাতৃগর্ভে ভ্রূণের বিকাশ সম্পর্কে জানতে পারবেন।
২. ভ্রূণের বিকাশের কোন্ পর্যায়ে গর্ভপাত নৈতিকভাবে সমর্থনীয় সে বিতর্ক সম্পর্কে অবহিত হতে পারবেন।
৩. গর্ভপাতের পক্ষে নারীবাদী যুক্তি সম্পর্কে অবহিত হতে পারবেন।
৪. গর্ভপাতের মাধ্যমে জন্ম-নিয়ন্ত্রণ সম্পর্কে একটি ভারসাম্যপূর্ণ মত গঠন করতে পারবেন।

জন্ম-নিয়ন্ত্রণের পদ্ধতি

পরিবার পরিকল্পনা তথা জন্ম-নিয়ন্ত্রণের যেসব পদ্ধতি রয়েছে তাকে মোটামুটিভাবে দু'ভাগে ভাগ করা যায় : (১) জন্মের জন্য অত্যাবশ্যক পুরুষের শুক্রাণুকে স্ত্রীর ডিম্বাbর সাথে মিলিত হতে না দেয়া এবং (২) স্বামী-স্ত্রীর শুক্রাb ও ডিম্বাb নিষিক্ত হওয়ার মাধ্যমে যে জীবনের সৃষ্টি হয় স্ত্রীর জরায়ু থেকে তাকে বহিষ্কার করা। প্রথমোক্ত পদ্ধতিটি নৈতিকতার দিক থেকে তেমন বিতর্কিত নয়; কিন্তু দ্বিতীয় পদ্ধতিটি, যা বহুল প্রচলিত এবং প্রাচীন, মানুষের নৈতিক ভাবনাকে বিশেষভাবে উদ্দীপ্ত করেছে। এর একটা কারণ সম্পর্কে আমরা ইতোমধ্যেই আলোচনা করেছি যা হচ্ছে অনাগত শিশুর অধিকার। জন্মের সূত্রপাত না ঘটা পর্যন্ত শিশুর পৃথিবীতে আসার অধিকারের কথা ভাবা যায় না। কিন্তু জন্মের সূত্রপাত হওয়ার সঙ্গে সঙ্গে অস্তিত্বে আসার ব্যাপারে একটা ছাড়পত্র পাওয়া গেল এমন যুক্তি দেয়া চলে। এ ছাড়পত্র প্রত্যাহার করাটা সঠিক নয় তেমনও ভাবা চলে, যদিও যুক্তি হিসেবে এ তেমন জোরালো নয়। দ্বিতীয় কারণটি হচ্ছে এই প্রচলিত বিশ্বাস যে, গর্ভপাত এক ধরনের নরহত্যা বৈ নয়। এটা অত্যন্ত শক্তিশালী যুক্তি। আমরা এ পর্যায়ে এ বিষয়টি নিয়েই আলোচনা করব। এ আলোচনার পূর্বশর্ত হিসেবে ভ্রূYর বিকাশ সম্পর্কে কিছু আলোচনা জরুরী।

গর্ভপাতের মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ নরহত্যার শামিল।

ভ্রূণের বিকাশ ও জীবন হিসেবে তার মূল্য

মাতৃজঠরে ভ্রূণের বিকাশ ঘটে অত্যন্ত ধীরে ধীরে। গর্ভধারণের প্রাথমিক স্তরে একে বলা হয় জাইগট (Zygot) যা কতগুলো কোষের সমষ্টিমাত্র। এই পর্যায়ে এ অনেক সময় জরায়ুর দেয়ালে সেঁটে থাকতে ব্যর্থ হয় এবং এর ফলে মায়ের অজান্তেই এর স্বাভাবিক স্খলন ঘটে। সাধারণত গর্ভধারণের দুই সপ্তাহের মধ্যে এ দুই মিলিমিটার ভ্রূণে (embryo) পরিণত হয় এবং ৬ সপ্তাহের পর মানবাকৃতি ধারণ করতে থাকে। ১২ সপ্তাহের মধ্যে এ একটি পূর্ণ মানব-শিশুতে পরিণত হয়। এই পর্যায়ে একে ইংরেজিতে ফিটাস (foetus) বলা হয়। এই সময় কিংবা এর কিছু পরে মা ভ্রূYi নড়াচড়া অনুভব করে। সাধারণত গর্ভধারণের ২৬৬ দিন পর সন্তান ভূমিষ্ঠ হয়। তবে ১৮ সপ্তাহের পূর্বে ভ্রূণের স্নায়ুমন্ডলী পূর্ণরূপে বিকশিত হয় না বলেই মনে করা হয়।

ভ্রূণের ক্রম-বিকাশের এ বৃত্তান্ত থেকে তার মধ্যে কখন জীবনের সূচনা হয় তা নিয়ে প্রশ্ন ওঠে। আর এ প্রশ্নের সঙ্গে গর্ভপাতের নৈতিকতার প্রশ্নটি অঙ্গাঙ্গিভাবে জড়িত।

অনেকে সন্তানের ভূমিষ্ঠ হওয়াকে জীবনের সূচনা বলে ধরে নেন। তাঁদের মতে গর্ভপাত তাই জন্মের পূর্বক্ষণেও অনৈতিক নয়। কিন্তু একটু চিন্তা করলেই বুঝা যায় যে, এ মত সঠিক নয়। জন্মের ঠিক পূর্বে এবং পরে ভ্রূণের আকার-আকৃতি এবং অন্যান্য বৈশিষ্ট্যের মধ্যে কোন পার্থক্য থাকে না; এমতাবস্থায় শুধু জন্মগ্রহণ বা ভূমিষ্ঠ হওয়া নৈতিকতা-অনৈতিকতার কোন বিভেদ-রেখা হতে পারে না। অনেক সময় কিছু বাচ্চা ২৬৬ দিনের অনেক আগেই জন্মগ্রহণ করে এবং বেঁচে থাকে। আধুনিককালে চিকিৎসা-বিজ্ঞানের উন্নতির ফলে ৬ মাসের ভ্রূণকেও ভূমিষ্ঠ হওয়ার পর বাঁচিয়ে রাখা সম্ভব হচ্ছে। জীবন হিসেবে ৯ মাসের পরিপক্ক ভ্রূণের তাহলে কেন কোন মূল্য থাকবে না? এই প্রশ্নের প্রেক্ষিতে জীবনধারণ সক্ষমতাকে (Viability) অনেকে গর্ভপাতের বৈধতা বিষয়ে বিভেদ-রেখা হিসেবে গ্রহণের পক্ষপাতী। ১৯৭৩ সালে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট গর্ভপাতের ব্যাপারে যে রায় দেয় তা জীবন-ধারণ-সক্ষমতার এই নীতিকে মেনে নিয়েছে। কিন্তু এই নীতির ব্যাপারে অসুবিধাটা হচ্ছে এই যে, স্থান ও কাল ভেদে ভ্রূণের জীবন-ধারণ সক্ষমতা ভিন্ন হতে পারে। আমেরিকা বা ইউরোপে ৬ মাসের ভ্রূণকে হয়ত বাঁচিয়ে রাখা সম্ভব, কিন্তু আমাদের দেশে এখন তা সম্ভব নাও হতে পারে। এমতাবস্থায় আমেরিকা-ইউরোপে ৬ মাসের ভ্রূণের গর্ভপাত অনৈতিক এবং আমাদের দেশে তা নৈতিক এমন ভাবা কঠিন; কেননা নৈতিকতার ক্ষেত্রে বিশ্বজনীনতার একটা ব্যাপার রয়েছে তা আমরা জানি।

অনেকে সন্তান ভূমিষ্ঠ হওয়ার পূর্বে এবং অনেকে ভ্রূণের জীবনধারণ সক্ষমতাকে গর্ভপাতের নৈতিকতা-অনৈতিকতার বিভেদ-রেখা হিসেবে গ্রহণ করতে চান।

অনেকে আবার মাতৃজঠরে সন্তানের নড়াচড়াকে জীবনের লক্ষণ বলে মনে করেন। বিশেষ করে অনেক ধার্মিক মানুষের মধ্যে এই তত্ত্বের প্রতি সমর্থন দেখা যায়। এই তত্ত্বের পরিণতি হিসেবে অনেকে ভ্রূণের নড়াচড়া শুরু হওয়ার পূর্বপর্যন্ত গর্ভপাত সমর্থনীয় বলে মনে করেন। অনেক ধার্মিক লোক এতে সন্তুষ্ট নন; আবার আধুনিক অনেক দার্শনিকও এই তত্ত্বের সঙ্গে একমত নন। তাঁরা ভ্রূণের আত্মসচেতনতা, অনুভূতিশীলতা, বুদ্ধিমত্তা ইত্যাদির ওপর জোর দেন এবং ব্যক্তি হিসেবে ভ্রূণের মর্যাদা নিয়ে প্রশ্ন তোলেন। এই প্রশ্নটি বিশেষ করে তাঁরা তোলেন আমরা যেসব প্রাণী ভক্ষণ করি, যেমন গরু, ছাগল, মুরগী, তাদের কথা উল্লেখ করে। ভ্রূণকে তাঁরা এসব প্রাণীর চেয়ে বেশি সচেতন হিসেবে গ্রহণ করতে নারাজ, আর তাই এসব প্রাণী হত্যার চেয়ে ভ্রূণ-হত্যা তথা গর্ভপাতকে অধিক নিন্দনীয় মনে করেন না। পিটার সিঙ্গার তাঁর Practical Ethics এ এ বিষয়ে বেশ জোরালো বক্তব্য রেখেছেন। গর্ভপাতের নৈতিক বৈধতা বিষয়ে আরেকটি যুক্তি যার ওপর তিনি জোর দিয়েছেন তা নারীবাদীদের কাছ থেকে ধার করা। এ সম্পর্কে এখানে কিছুটা আলোচনা করা যেতে পারে।

অনেকে মাতৃগর্ভে সন্তানের নড়াচড়া শুরু করার পূর্বে গর্ভপাত সমর্থন করেন।

গর্ভপাতের পক্ষে নারীবাদী যুক্তি

যে গর্ভধারণ করে গর্ভপাতের ব্যাপারে তার সিদ্ধান্তই চূড়ান্ত।

"দেহ আমার, সিদ্ধান্ত আমার" নারীবাদীদের বহুল-কথিত এই শ্লোগানের সঙ্গে গর্ভপাতের বিষয়টি বিশেষভাবে যুক্ত। জে. জে. থমসন বিষয়টাকে একটি উপমার মাধ্যমে সুন্দরভাবে উপস্থাপন করেছেন। তার বক্তব্যটি এরকম : ধরা যাক আপনি একদিন ঘুম থেকে ওঠে দেখতে পেলেন যে, হাসপাতালের শয্যায় শুয়ে আছেন এবং আপনার পাশে আরেকটি শয্যায় আরেকজন রোগী শুয়ে আছেন যার রক্ত-সঞ্চালন প্রক্রিয়ার সঙ্গে আপনার রক্ত-সঞ্চালন প্রক্রিয়াকে একটি নলের সাহায্যে যুক্ত করে দেয়া হয়েছে। আপনাকে বলা হলো যে লোকটি একজন বিখ্যাত বেহালাবাদক এবং

তাঁর বেঁচে থাকার একমাত্র উপায় হচ্ছে এমন একজন লোকের সঙ্গে ৯ মাস নলের মাধ্যমে যুক্ত থাকা যার সঙ্গে তাঁর রক্তের মিল রয়েছে। যেহেতু আপনিই সেই ধরনের ব্যক্তি সেহেতু পূর্বরাত্রে আপনাকে অপহরণ করা হয় এবং নলের মাধ্যমে তাঁর সঙ্গে যুক্ত করে দেয়া হয়। আপনাকে এও বলা হয় যে আপনি ইচ্ছা করলে এই বন্ধন ছিন্নও করতে পারেন; কিন্তু তা করলে লোকটি মারা যাবে। থমসন মনে করেন, এমতাবস্হায় লোকটি যদি বন্ধন ছিন্ন করে তবে সে অন্যায় কিছু করবে না, যদিও বেহালাবাদক একজন নির্দোষ লোক এবং তাঁরও বাঁচার অধিকার রয়েছে। একইভাবে একজন মা-ও ৯ মাস তাঁর সন্তানের ভারবহন থেকে অবশ্যই মুক্ত হতে পারেন বলে থমসন যুক্তি প্রদর্শন করেন।

মানব অস্তিত্বের সঙ্গে একটি স্বতঃমূল্যের ব্যাপার জড়িত আর তাই একে হালকাভাবে গ্রহণ করা যায় না।

যুক্তিটি যে অত্যন্ত শাণিত তাতে কোন সন্দেহ নেই। কিন্তু একে একটি মন্দ-উপমার যুক্তি বলেও গ্রহণ করা যায়। মায়ের গর্ভধারণ ও গর্ভপাতের সঙ্গে যে ধরনের চিন্তা-চেতনা-অনুভূতি-মূল্যবোধ জড়িত একজন রোগী এবং তাঁর ত্রাতার মধ্যে সেই একই জিনিষের কল্পনা মোটেই যুক্তিসঙ্গত নয়। তবে মায়ের স্বাস্হ্যগত মঙ্গলামঙ্গলের সঙ্গে গর্ভপাতের বিষয়টিকে যুক্ত করার মধ্যে কোন অসঙ্গতি নেই এমন ধরে নেয়া চলে। প্রকৃত ব্যাপার হচ্ছে মানব-অস্তিত্বের বিষয়টিকে সব সমাজেই একটা স্বতঃমূল্যের ব্যাপার বলে মনে করা হয়, আর তাই যে কোন পর্যায়ে এর ধ্বংসকে খুব সহজভাবে গ্রহণ করা হয় না; অন্তত ভ্রূণ যখন চেতনার স্তরে চলে আসে তখন এ বিষয়ে খুব কমই দ্বিমত করা হয়। উপযোগবাদীদের মত পিটার সিঙ্গার তাই স্বীকার করেন,

"১৮ সপ্তাহ এবং জন্মগ্রহণের মধ্যবর্তী সময়ে-যখন ভ্রূণ আত্ম-সচেতন না হলেও হয়ত সচেতন থাকে-গর্ভপাত অবশ্যই কিছুটা স্বগতঃমূল্য সম্পন্ন জীবনের পরিসমাপ্তি ঘটায় এবং একে হালকাভাবে গ্রহণ করা চলে না।"

পিটার সিঙ্গারের উপর্যুক্ত বক্তব্য থেকে অনেকেই যে সিদ্ধান্ত গ্রহণ করেন তা হচ্ছে, গর্ভধারণের প্রাথমিক স্তরে যখন ভ্রূণে অনুভূতিশীলতা, সচেতনতা ইত্যাদির অভাব থাকে তখন গর্ভপাতকে হত্যা বলা চলে না, আর সে হিসেবে এর মাধ্যমে পরিবার পরিকল্পনাকে অনৈতিক বলা চলে না। তবে প্রাথমিক স্তরকে আমরা ১২ সপ্তাহ ধরব না ১৮ সপ্তাহ ধরব সেজন্য হয়ত আমাদেরকে আরো অপেক্ষা করতে হবে, যে পর্যন্ত না চিকিৎসা-বিজ্ঞান সুনিশ্চিতভাবে আমাদেরকে কিছু বলতে পারে। ততদিন পরিবার পরিকল্পনার সমগ্র বিষয়টিকেই আমাদের বিবেক বুদ্ধির ওপর ছেড়ে দেয়াই ভাল।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। মাতৃগর্ভে ভ্রূণের বিকাশ এবং জীবন হিসেবে এর মূল্য সম্পর্কিত বিতর্কটি? বর্ণনা করুন।
২। গর্ভপাতের পক্ষে নারীবাদী যুক্তিটি ব্যাখ্যা ও পরীক্ষা করুন।
৩। আপনি জন্ম-নিয়ন্ত্রণের কোন্ পদ্ধতিটিকে নৈতিক বলে মনে করেন সংক্ষেপে আলোচনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। জাইগট ভ্রূণে পরিণত হয় সাধারণত গর্ভধারণের
ক. এক সপ্তাহের মধ্যে খ. দুই সপ্তাহের মধ্যে
গ. তিন সপ্তাহের মধ্যে
২। ভ্রূণ একটি পূর্ণাঙ্গ মানব শিশুতে পরিণত হয়
ক. ছয় সপ্তাহের মধ্যে খ. আট সপ্তাহের মধ্যে
গ. বার সপ্তাহের মধ্যে
৩। যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট গর্ভপাতের বৈধতা স্বীকার করেছে
ক. ভ্রূণের ফিটাসে পরিণত হওয়ার স্তরে
খ. ভ্রূণের জীবন-ধারণ-সক্ষমতা অর্জনের স্তরে
গ.জন্মের পূর্বে যে কোন সময়
৪। পিটার সিঙ্গার ভ্রূণ হত্যাকে
ক. একজন মানব হত্যার সমান নিন্দনীয় মনে করেন।
খ. গরু ছাগল হত্যার সমান নিন্দনীয় মনে করেন।
গ. পিঁপড়া হত্যার সমান নিন্দনীয় মনে করেন।
৫। "দেহ আমার, সিদ্ধান্ত আমার", এটা
ক. উপযোগবাদীদের উক্তি খ. পিটার সিঙ্গারের উক্তি
গ. নারীবাদীদের উক্তি

সত্য/মিথ্যা

১. জন্ম-নিয়ন্ত্রণের পদ্ধতি হিসেবে গর্ভপাত নৈতিক প্রশ্নের সম্মুখীন হয় না।সত্য/মিথ্যা
২. জাইগট ভ্রূণের পরিণত অবস্থা। সত্য/মিথ্যা
৩. সাধারণত গর্ভধারণের ৩৬৬ দিন পর সন্তান ভূমিষ্ঠ হয়। সত্য/মিথ্যা
৪. নারীবাদীদের মতে যে গর্ভধারণ করে গর্ভপাতের ব্যাপারে তার সিদ্ধান্তই চূড়ান্ত। সত্য/মিথ্যা
৫. পিটার সিঙ্গারের মতে গর্ভধারণের ১৮ সপ্তাহের পূর্বে গর্ভপাত অনৈতিক নয়। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। গ ৩। খ ৪। খ ৫। গ।

সত্য/মথ্যা : ১। মিথ্যা ২। মিথ্যা ৩। মিথ্যা ৪। সত্য ৫। সত্য।

পাঠ ৩

কৃপা-মৃত্যু
Euthanasia

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- কৃপা-মৃত্যুর নৈতিক বৈধতা নিয়ে যে বিতর্ক রয়েছে সে বিষয়ে সম্যক অবহিত হতে পারবেন।
- কৃপা-মৃত্যুর বিভিন্ন ধরন সম্পর্কে জানতে পারবেন।
- প্রদত্ত বিভিন্ন সমালোচনার আলোকে কৃপা-মৃত্যুর বিষয়ে আপনার নিজস্ব মত গঠন করতে পারবেন।

মরিতে চাই না আমি সুন্দর পঁনগ্ধথ

মানবের মাঝে আমি বাঁচিবারে চাই

এই সূর্যকরে এই পুষ্পিত কাননে

জীবন্ত হৃদয় মাঝে যদি স্হান পাই।

কাউকে যন্ত্রণা থেকে মুক্তি দেয়ার জন্য মরতে সাহায্য করাই হচ্ছে কৃপা-মৃত্যু।

কবির ওপরের কথায় অধিকাংশ মানুষের মনের কথাই প্রতিধ্বনিত হয়েছে। মানুষ চিরকালই প্রেম-প্রীতির মাঝে পৃথিবীতে বাঁচতে চেয়েছে। কিন্তু সব সময় বেঁচে থাকা খুব সুখের নয়। আরোগ্যাতীত কোন রোগে কিংবা কোন দুর্ঘটনার কারণে জীবন যখন অসহনীয় যন্ত্রণায় কাতর হয়ে পড়ে তখন অনেকেই জীবনের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলে বা জীবন যাপন তাদের জন্য অর্থহীন হয়ে পড়ে। এমতাবস্হায় তাদের জীবন যন্ত্রণার অবসানকল্পে মরতে দেয়া বা মৃত্যু ঘটানোকেই বলা হয় কৃপা-মৃত্যু।

সক্রিয় ও নিষ্ক্রিয় কৃপা-মৃত্যুর উদাহরণ

নৈতিক দিক থেকে এই কৃপা-মৃত্যু কতটুকু গ্রহণযোগ্য তা নিয়ে এখন বিশ্বের প্রায় সভ্য সমাজেই বিতর্ক চলছে। চিকিৎসকরা যেহেতু এর সঙ্গে সরাসরি জড়িত সেহেতু তাঁদের মাঝেই এ বিতর্ক বেশি। একটা ব্যাপারে মনে হয় তাঁরা একমত যে, যেখানে বাঁচার কোন আশা নেই, সেখানে ঔষধ-পত্রের মাধ্যমে রোগীর জীবনকে দীর্ঘায়িত না করাই ভাল। এ স্হলে তাঁরা রোগী বা তার আত্মীয়-স্বজনের অনুমতিসাপেক্ষে রোগীর জীবন বাঁচানোর যেসব চিকিৎসা উপকরণ, যেমন অক্সিজেন যন্ত্র, কৃত্রিম শ্বাস-প্রশ্বাস যন্ত্র ও প্রয়োজনীয় ঔষধ ইত্যাদি রোগী থেকে প্রত্যাহারের মাধ্যমে তাকে মরে যেতে দেন। অপরপক্ষে চিকিৎসকদের প্রায় অধিকাংশই একমত যে, কোন অবস্হায়ই রুগীকে তার যন্ত্রণা থেকে অব্যাহতি দেয়ার জন্য কোন জীবন-হরণকারী পদ্ধতি, যেমন প্রাণঘাতী ইনজেকশন, ঘুমের ঔষধ বা অন্য কোন পদ্ধতির মাধ্যমে মেরে ফেলা যাবে না। প্রথমোক্ত পদ্ধতিতে মৃত্যু ঘটানোকে নিষ্ক্রিয় কৃপা-মৃত্যু বলা হয় এবং শেষোক্তটিকে বলা হয় সক্রিয় কৃপা-মৃত্যু। আমেরিকান মেডিক্যাল এসোসিয়েশন তার ১৯৭৩ সালের এক ঘোষণায় নিষ্ক্রিয় কৃপা-

মৃত্যুকে সমর্থন করেছে এবং সক্রিয় কৃপা-মৃত্যুর বিষয়টি প্রত্যাখ্যান করেছে। শুধু তারাই নয়, নিষ্ক্রিয় কৃপা-মৃত্যুর ব্যাপারটি বহুকাল থেকে সাধারণ মানুষ ও অনেক প্রথিতযশা চিন্তাবিদদেরও সমর্থন পেয়ে এসেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, এটা কি সক্রিয় কৃপা-মৃত্যুর চেয়ে খুব বেশি ভাল পদ্ধতি?

সক্রিয় কৃপা-মৃত্যুর পক্ষে রাচেলের যুক্তি

অনেকে মনে করেন, যন্ত্রণা লাঘবই যদি উদ্দেশ্য হয় তাহলে সক্রিয় কৃপা-মৃত্যুই বেশি কার্যকর এবং সেই হিসেবে নৈতিকভাবে বেশি গ্রহণযোগ্য। জেম্‌স রাচেল এই মতটিই ব্যক্ত করেছেন তাঁর 'Active and Passive Euthanasia', নামক এক বিখ্যাত প্রবন্ধে। তিনি বিশেষ করে যুক্তরাষ্ট্রের হাসপাতালগুলোতে যেসব বিকলাঙ্গ শিশু জন্মগ্রহণ করে তাদের উদাহরণ দিয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। বেঁচে থাকলে এসব শিশুরা সারাজীবন যন্ত্রণা ভোগ করবে এই অজুহাতে তাদেরকে চিকিৎসা থেকে বঞ্চিত রাখা হয় এবং এর ফলে তাদের মৃত্যু ঘটে। মৃত্যুর পূর্বপর্যন্ত পানিশূন্যতা ও জীবানু-সংক্রমণে তাদের যে কষ্ট হয় সে সম্পর্কে তিনি একজন সার্জনকে উদ্ধৃত করে খুবই মর্মস্পর্শী একটি বর্ণনা দেন এবং মন্তব্য করেন, "যে মতবাদ বলে যে একটি শিশুকে পানিশূন্যতায় ভুগতে ও মরে যেতে দেয়া যেতে পারে, কিন্তু ইনজেকশনের মাধ্যমে কোন যন্ত্রণা ছাড়াই তার জীবন শেষ করে দেয়া যেতে পারে না তাকে এমনি প্রকাশ্য নিষ্ঠুরতা বলে মনে হয় যাকে অধিক কিছু বলে প্রত্যাখ্যানের প্রয়োজন পড়ে না।"

তিনি আরো যুক্তি দেন যে, কাউকে মরতে দেয়া এবং হত্যা করার মধ্যে কোন পার্থক্য নেই। উদাহরণস্বরূপ তিনি বলেন, যে ব্যক্তি সম্পত্তির লোভে তার কোন আত্মীয়কে হত্যা করে সে যেমন অপরাধী, যে তার কোন আত্মীয়কে কোন দুর্ঘটনার কারণে মরতে দেখে কিন্তু তাকে বাঁচানোর কোন চেষ্টাই করে না মূলত এই কারণে যে তার মৃত্যুর ফলে সে কিছু সম্পত্তি পাবে, সেও সমান অপরাধী। তাঁর এ যুক্তির উদ্দেশ্য একটাই : যদি কাউকে যন্ত্রণা থেকে মুক্তি দেয়ার জন্য মরতে দেয়া নৈতিক হয়, তাহলে তাকে একই কারণে মেরে ফেলাও নৈতিক হবে।

নিষ্ক্রিয় ও সক্রিয় কৃপা-মৃত্যুর পার্থক্য এবং এ সম্পর্কিত ওপরোক্ত বাদানুবাদ প্রসঙ্গে কৃপা-মৃত্যুর আরো কয়েকটি ধরন সম্পর্কে এবার আমরা আলোচনা করব।

ঐচ্ছিক কৃপা-মৃত্যু (Voluntary Euthanasia)

মৃত্যুবরণে রোগীর ইচ্ছা থাকলে তাকে ঐচ্ছিক কৃপা-মৃত্যু বলে।

যন্ত্রণা-কাতর রোগী কর্তৃক স্বেচ্ছায় মৃত্যুবরণ করার অনুরোধে যে মৃত্যু কার্যকর করা হয়, কিংবা রোগী যা নিজেই কার্যকর করে তাকে ঐচ্ছিক কৃপা-মৃত্যু বলে। বোধগম্য কারণেই এটা বেশিরভাগ ক্ষেত্রেই সক্রিয় কৃপা-মৃত্যু। উল্লেখযোগ্য ব্যাপার হলো যেখানে এই ধরনের মৃত্যুর জন্য সাহায্য কামনা করা হয় সেখানে রোগীটি হয় পূর্ণ বয়স্ক, সচেতন ও বুদ্ধির অধিকারী। পাশ্চাত্যে এই ধরনের কৃপা-মৃত্যুর বহু উদাহরণ পাওয়া যায়। ব্যবহারিক নীতিবিদ্যার বিখ্যাত লেখক পিটার সিঙ্গার এর একটি দৃষ্টান্ত দিয়েছেন জিন হামফ্রে নামক একজন মহিলার স্বেচ্ছা মৃত্যুবরণের কাহিনী উল্লেখ করে। উক্ত মহিলা আরোগ্যাতীত ক্যানসারে ভুগছিলেন এবং তাঁর স্বামী ডেরেক হামফ্রেকে অনুরোধ করেছিলেন এমন কিছু তাঁকে দিতে যাতে করে দ্রুত ও বেদনাহীনভাবে তার জীবনের ইতি ঘটে। তারা জিনের পরিস্থিতি সম্পর্কে আঁচ করতে পেরেছিলেন এবং আগেই এ ব্যাপারে আলোচনা করে রেখেছিলেন। ডেরেক কিছু ঘুমের বড়ি যোগাড় করলেন এবং তার স্ত্রীকে দিলেন।

তিনি তা খেয়ে খুব শীঘ্রই মারা গেলেন। ডেরেক তাঁর কাজকে অনৈতিক মনে করেননি, যদিও AMA এর দৃষ্টিতে এটি ছিল অনৈতিক কাজ।

অনৈচ্ছিক কৃপা-মৃত্যু (Involuntary Euthanasia)

যে কৃপা-মৃত্যুতে রোগীর ইচ্ছা থাকে না, তাই অনৈচ্ছিক কৃপা-মৃত্যু।

রোগীর ইচ্ছা নেই, কিংবা তার ইচ্ছা জানা সম্ভব নয়, ঐ ধরনের ক্ষেত্রে যখন চিকিৎসক কিংবা রোগীর আত্মীয়-স্বজন তার যন্ত্রণা ও আশাহীন অবস্থার কারণে তার মৃত্যুর ব্যবস্থা করে তখন তাকে অনৈচ্ছিক কৃপা-মৃত্যু বলা যায়। এই ধরনের কৃপা-মৃত্যুর কথা বাস্তবে খুব কমই শোনা যায় এবং নৈতিকতার দিক থেকেও এর পক্ষে তেমন সমর্থন পাওয়া যায় না।

ইচ্ছা-নিরপেক্ষ কৃপা-মৃত্যু (Non-voluntary Euthanasia)

পরিস্থিতি যেখানে কৃপা-মৃত্যু দায়ী করে কিন্তু রোগীর ইচ্ছা বা অনিচ্ছা কোনটাই জানা যখন সম্ভব হয় না তখন তাকে ইচ্ছা-নিরপেক্ষ কৃপা-মৃত্যু বলে।

যখন কোন মানুষের জীবন-মৃত্যু সম্পর্কে কোন ধারণা থাকে না এবং এর ফলে তার মৃত্যু কার্যকর করার ব্যাপারে ইচ্ছা বা অনিচ্ছা কোনটাই প্রকাশ করতে পারে না, তার বেলায় যে কৃপা-মৃত্যু কার্যকর করা হয় তাকে ইচ্ছা-নিরপেক্ষ কৃপা-মৃত্যু বলা চলে। যেসব লোকের ক্ষেত্রে এই ধরনের কৃপা-মৃত্যু প্রযোজ্য হয় তারা হচ্ছে সাংঘাতিকভাবে অঙ্গবিকৃতিসম্পন্ন প্রতিবন্ধী শিশু বা বয়স্ক লোক যারা কোন বড় দুর্ঘটনা বা অসুখ-বিসুখের কারণে বোধশক্তি হারিয়ে ফেলেছে, কিন্তু পূর্বে কৃপা-মৃত্যুর ব্যাপারে হ্যাঁ বা না কিছুই বলেনি। সিঙ্গার এই ধরনের কৃপা-মৃত্যুর একটি উদাহরণ দিয়েছেন। তাঁর বর্ণনায় লুই রিপুইলির একটি আরোগ্যাতীত জড়বুদ্ধিসম্পন্ন ছেলে ছিল যে ছিল আবার জন্ম থেকে শয্যাশায়ী ও পাঁচ বছর যাবৎ অন্ধ। সে হাঁটতে পারতো না কথা বলতে পারতো না এবং সব সময় মৃতের মত পড়ে থাকতো। রিপুইলি শেষপর্যন্ত ছেলেটিকে ক্লোরোফরম প্রয়োগ করে হত্যা করে। বলা বাহুল্য এটি একটি সক্রিয় কৃপা-মৃত্যুর ঘটনা এবং আমরা আগেই দেখেছি নিষ্ক্রিয় কৃপা-মৃত্যুর চেয়ে জেমস রাচেল সক্রিয় কৃপা-মৃত্যুর পক্ষেই ওকালতি করেছেন।

জীবনের পবিত্রতার ধারণা কৃপা-মৃত্যুর বিপক্ষে বড় যুক্তি

কৃপা-মৃত্যুর এসব বিভিন্ন ধরন এবং এদের নিয়ে এই যে বিতর্ক তার ভিত্তি নিয়ে এবার আমরা কিছু আলোচনা করতে পারি। যাঁরা এর বিপক্ষে, Zv‡`i বক্তব্যের ভিত্তি হচ্ছে জীবনের পবিত্রতা সম্পর্কে সেই সনাতন ধারণা। তাঁরা প্রশ্ন তোলেন, এমনকি প্রাণীদের জীবন রক্ষার জন্যও আজকাল যেখানে দাবি উঠেছে সেখানে মানুষের জীবন নষ্ট করার অধিকার মানুষ কি করে লাভ করে? পৃথিবীর উন্নত ধর্মসমূহে মানবজীবন সম্পর্কে যেসব উচ্চকথা বলা হয়েছে তাদের মনোভাবে এরও প্রতিফলন রয়েছে। নৈতিক স্বজ্ঞাবাদীদের মধ্যে এ মনোভাব প্রবল।

কৃপা-মৃত্যুকে বৈধ করলে অনেকে এর সুযোগ নিতে পারে

দ্বিতীয় আরেকটি যুক্তি যা কৃপা-মৃত্যুর বিপক্ষে দেয়া যেতে পারে তা হচ্ছে : একবার একে নীতিসম্মত করে দিলে এ আর শুধু তখন আরোগ্যাতীত রোগী কিংবা দুর্ঘটনাজনিত অতিমাত্রায় ক্ষতিগ্রস্থ লোকদের বেলায়ই সীমিত থাকবে না আস্তে আস্তে মানুষ নিজেদের ইচ্ছামত এর পরিধিকে বাড়াবে। যেমন বিবেকহীন একনায়কতন্ত্রী সরকারগুলো সুবিধামত আইন প্রণয়ন করে তাদের নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য তাদের বিরোধীদেরকে মেরে ফেলার চেষ্টা করবে, যেমন

হয়েছিল নাৎসী-জার্মানীতে। তাছাড়া বর্তমানে জনসংখ্যার চাপ জর্জরিত গরীব দেশগুলোও এ পদ্ধতি গ্রহণে এগিয়ে আসতে পারে।

কৃপা-মৃত্যুর বিরোধিদের বিরুদ্ধে পাল্টা যুক্তি

এসব যুক্তির বিরুদ্ধে পাল্টা যুক্তিরও অভাব নেই। যেমন উপযোগবাদীরা বলতে পারেন যে কৃপা-মৃত্যু যখন ঐচ্ছিক হয় তখন শুধুমাত্র জীবনের পবিত্রতার কথা বলে রোগীকে যন্ত্রণা দেয়ার মধ্যে নৈতিকতার কোন প্রকাশ থাকতে পারে না। ইচ্ছা-নিরপেক্ষ কৃপা-মৃত্যুর পক্ষেও তাঁরা বলতে পারেন যে, এতে করে বেশি সংখ্যক লোকের বেদনা দূর হবে তথা আনন্দ বাড়বে।

কৃপা-মৃত্যু বৈধ করা হলে কিছু লোক তথা কোন অসন্দিগ্ধ সরকার এর সুযোগ নিতে পারে এই যুক্তি সম্পর্কেও বলা চলে যে, এসব সুযোগ যারা গ্রহণ করে, তাদের মতলব ভিন্ন থাকে যেমন নাৎসীরা কৃপা-মৃত্যুকে ব্যবহার করেছিল, কারণ তারা ছিল বর্ণবাদী। কৃপা-মৃত্যুর বৈধতা-অবৈধতা নিয়ে তাদের কোন মাথা ব্যথা ছিল না।

এসব যুক্তি-পাল্টাযুক্তির বৈধতার বিচারে না গিয়ে আমরা উপসংহারে যে কথাটি বলতে পারি তা হচ্ছে, আধুনিক চিকিৎসা পদ্ধতির উন্নতির কারণে বহু রোগীই আজ আর পূর্বের মত অসহায় নয়। এমতাবস্থায় পূর্বের অবস্থা যাই হোক, কৃপা-মৃত্যুর গুরুত্ব ও প্রয়োজনীয়তা আগের মত আর নেই। ভবিষ্যতে শহগ্ধণৎ এর আর দরকারই হবে না।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। কৃপা-মৃত্যুর প্রয়োজন অনুভূত হয় কেন? কৃপা-মৃত্যুর বিভিন্ন পদ্ধতির মধ্যে পার্থক্য করুন।
২। সক্রিয় ও নিষ্ক্রিয় কৃপা-মৃত্যুর মধ্যে পার্থক্য করুন। এদের মধ্যে কোন্‌টি বেশি গ্রহণযোগ্য?
৩। কৃপা-মৃত্যু বলতে কী বুঝায়? এর পক্ষে ও বিপক্ষের যুক্তিগুলো তুলে ধরুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi w`b

১। আমেরিকান মেডিক্যাল এসোসিয়েশন সমর্থন দিয়েছে,
ক. সক্রিয় কৃপা-মৃত্যুকে খ. নিষ্ক্রিয় কৃপা-মৃত্যুকে
গ. অনৈচ্ছিক কৃপা-মৃত্যুকে

২। জেম্‌স রাচেল-এর প্রবন্ধের নাম
ক. Active and Passive Euthanasia খ. Voluntary Euthanasia
গ. Non-Voluntary Euthanasia

৩। পিটার সিঙ্গার যে মহিলার স্বেচ্ছা মৃত্যুবরণের কথা বলেছেন তার নাম
ক. জিন হামফ্রে খ. লুই হাডসন
গ. ডেরেক হামফ্রে

৪। কৃপা-মৃত্যুর বিরোধিরা মূলত জীবন সম্পর্কে যা ভাবেন তা হচ্ছে
ক. জীবন পবিত্র খ. জীবন অসংজ্ঞেয়
গ. জীবনের মূল্য নেই

৫। কৃপা-মৃত্যু বৈধ করলে এর সুযোগ নিতে পারে যারা তাদের অন্যতম হচ্ছে
ক. দালাল খ. একনায়কতন্ত্রী সরকার
গ. ডাক্তার

সত্য/মিথ্যা

১. নৈতিক দিক থেকে কৃপা-মৃত্যু একটি বিতর্কিত বিষয়।সত্য/মিথ্যা
২. অধিকাংশ চিকিৎসক নিষ্ক্রিয় কৃপামৃত্যু সমর্থন করেন।সত্য/মিথ্যা
৩. জেম্‌স রাচেল সক্রিয় কৃপা-মৃত্যু সমর্থন করেন না।সত্য/মিথ্যা
৪. ঐচ্ছিক কৃপা-মৃত্যুর ক্ষেত্রে রোগীকে পূর্ণবয়স্ক, সচেতন ও বুদ্ধির অধিকারী হতে হয়।সত্য/মিথ্যা
৫. নিরপেক্ষ কৃপা-মৃত্যুর ক্ষেত্রে রোগীর মৃত্যুবরণের ইচ্ছা জানার উপায় থাকে না।সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। ক ৩। ক ৪। ক ৫। খ।
সত্য/মিথ্যা : ১। সত্য ২। সত্য ৩। মিথ্যা ৪। সত্য ৫। সত্য।

পাঠ ৪

মানবাধিকার ও নারী-বৈষম্য (১ম ভাগ)

Human Rights and Discrimination Against Women (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

১. মানবাধিকারের প্রেক্ষিতে নারীর অবস্হান সম্পর্কে জানতে পারবেন।
২. বৈষম্যের পক্ষের যুক্তিসমূহ সম্পর্কে অবহিত হতে পারবেন।
৩. বৈষম্যের বিপক্ষের যুক্তিসমূহ সম্পর্কে অবহিত হতে পারবেন।
৪. দু'ধরনের যুক্তি থেকে একটা সমন্বিত মত গ্রহণে সাহায্য পাবেন।

আমরা ইতোমধ্যেই দেখেছি অধিকারের প্রশ্নটি ব্যবহারিক নীতিবিদ্যায় এক অতি গুরুত্বপূর্ণ স্হান দখল করে আছে। জাতিসংঘের ১৯৪৮ সালের বিশ্বজনীন মানবাধিকারের ঘোষণায় স্পষ্টভাবে বলা হয়েছে, "জাতিসংঘের অŠf³ জাতিসমূহ এই ঘোষণায় মৌলিক মানবাধিকারের প্রতি মানব-ব্যক্তিত্বের মর্যাদা ও মূল্যের প্রতি, নারী এবং পুরুষের সমান অধিকারের প্রতি তাদের বিশ্বাস পুনর্ব্যক্ত করছে এবং বৃহত্তর স্বাধীনতার মধ্যে সামাজিক প্রগতি ও জীবনযাপনের মান উন্নয়নের জন্য দৃঢ় প্রত্যয় ব্যক্ত করছে।" এ ধরনের ঘোষণা সত্ত্বেও দেখা গেছে বর্ণবাদ, দাস-প্রথা প্রভৃতি ক্ষেত্রে অন্তত তাত্ত্বিকভাবে যতটুকু অগ্রগতি হাসিল করা সম্ভব হয়েছে, নারীদের ক্ষেত্রে তা হয়নি। আজো জীবনের বিভিন্ন ক্ষেত্রে নারীরা তাদের ন্যায্য অধিকার থেকে e‖ÂZ হচ্ছে এবং পাশ্চাত্যসহ বিভিন্ন সমাজে এর পরিমাণের ব্যাপারে তারতম্য থাকলেও কোন না কোন আকারে এর অস্তিত্ব রয়েছে। এর অবশ্যম্ভাবী পরিণতি হিসেবে বর্তমানে সারা বিশ্বেই নারীবাদী আন্দোলন (feminist movement) বলে পরিচিত একটি বিশেষ চিন্তা-চেতনা খুবই দ্রুত প্রসার লাভ করেছে। মূলত মহিলাদের দ্বারা পরিচালিত এ আন্দোলনের পেছনে বহু পুরুষদেরও সমর্থন রয়েছে। তবে এ বিতর্কও সৃষ্টি করেছে প্রচুর। এ পর্যায়ে প্রথমেই নারী-বৈষম্যের পক্ষের ও বিপক্ষের যুক্তিগুলো সবিশেষ উল্লেখের দাবি রাখে।

জাতিসংঘ সনদে নারীর অধিকার স্বীকৃত হলেও আজো নারীরা সর্বত্র তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে।

নারী-বৈষম্যের পক্ষের যুক্তিসমূহ

যাঁরা নারী বৈষম্যে বিশ্বাস করেন তাঁরা নর-নারীর মনোদৈহিক পার্থক্যগুলোর ওপরই বেশি জোর দিয়ে থাকেন। যেমন নর নারীর তুলনায় বেশি শক্তিশালী বলে যেসব কাজের সঙ্গে শারীরিক সামর্থ্যের ব্যাপার জড়িত সেসব ক্ষেত্রে নর-নারীকে এক পাল্লায় দাঁড় করানো তাঁদের মতে অযৌক্তিক ও অন্যায়। তাছাড়া প্রাকৃতিকভাবেই নারীকে সন্তান ধারণ ও তার লালন-পালনের ভার নিতে হয়। আর তার ফলে নারীর পক্ষে নরের সমান কাজ করা সম্ভব নয়। এই যুক্তিতেই মহিলা ও পুরুষের মজুরীতে তারতম্য করা হয়। শুধু প্রাচ্যে নয়, পাশ্চাত্যের অনেক দেশের কল-কারখানায় এখনো এ রীতি প্রচলিত।

পুরুষ নারীর চেয়ে বেশি শক্তিশালী।

পুরুষ নারীর চেয়ে বেশি আক্রমণাত্মক মনোভাবের অধিকারী।

পুরুষ যে শুধু দৈহিক দিক থেকে নারী থেকে শক্তিশালী তা নয়, হয়ত এ দৈহিক শক্তির কারণেই নারী থেকে সে বেশি আক্রমণাত্মক মনোভাবের অধিকারী। অল্প বয়স থেকেই পুরুষদের মধ্যে এই বৈশিষ্ট্যটি পরিলক্ষিত হয়। দেখা যায় যে, ছেলেরা মেয়েদের চেয়ে বেশি কঠিন খেলাধুলা, একে অন্যের সঙ্গে মারামারি ইত্যাদিতে বেশি আগ্রহী। এই আক্রমণাত্মক মনোভাবের সঙ্গে যুক্ত রয়েছে প্রতিযোগিতামূলক মনোভাবের যা ছেলেদেরকে সব সময় অন্যকে ডিঙ্গিয়ে যেতে এবং যে কর্মক্ষেত্রেই সে থাকুক না কেন, তার সর্বোচ্চ শিখরে আরোহণ করতে তাকে প্ররোচিত করে। এ থেকে ধরে নেয়া স্বাভাবিক যে, সে দুর্বল নারীর ওপর প্রভূত্ব করবে।

পুরুষ ও নারীর দৃষ্টিগত-স্থানগত সামর্থ্যের অনুপাত ২:১

ইদানিং নারী-পুরুষের মধ্যে আরেকটি যে পার্থক্যের কথা বলা হয় তা হচ্ছে, দৃষ্টিগত-স্থানগত সামর্থের (Visual-spatial ability) ক্ষেত্রে তাদের মধ্যে তারতম্য। দৃষ্টিগত-স্থানগত সামর্থ্যের একটি প্রকৃষ্ট উদাহরণ হলো মনৌবৈজ্ঞানিকগণ কর্তৃক পরিচালিত পরীক্ষায় কোন জটিল নকশার মধ্যে লুক্কায়িত বিভিন্ন ধরনের আকার-আকৃতি, যেমন বর্গক্ষেত্র, বৃত্ত, ত্রিভূজ ইত্যাদি নিরূপণ করা। এই ধরনের পরীক্ষার ক্ষেত্রে দেখা গেছে সফল নারী পুরুষের অনুপাত ১:২। অর্থাৎ যেখানে ২৫% নারী এই ধরনের পরীক্ষায় উত্তীর্ণ হয় সেখানে পুরুষদের উত্তীর্ণের সংখ্যা ৫০%। পৃথিবী যেহেতু একটি জটিল জায়গা, সেহেতু নারী-বৈষম্যে বিশ্বাসীরা এ থেকে যুক্তি দিয়ে থাকেন যে, পুরুষরা এ জটিলতা অনুধাবনে অধিক সক্ষম।

পুরুষ গণিতে বেশি পারদর্শী আর মহিলারা ভাষায়।

আরেকটি মনৌবৈজ্ঞানিক পরীক্ষার ফলও নারী-বৈষম্যের সমর্থকদের উৎসাহিত করেছে, আর তা হচ্ছে পুরুষরা গাণিতিক সমস্যাদি সমাধানে নারীদের চেয়ে অগ্রগামী, যেখানে নারী ভাষাঘটিত বিষয়ে পুরুষদের চেয়ে অগ্রগামী। আধুনিক বিশ্ব যেহেতু মূলত বিজ্ঞান-নির্ভর, সাহিত্য বা ভাষানির্ভর সেই পরিমাণে নয়, সেহেতু তাঁরা মনে করেনে যে, গণিতে পারদর্শী পুরুষরা এই বিশ্বে প্রাধান্য পাওয়ার অধিক দাবিদার। নারী মুখরা এই সনাতন অপবাদও এই পরীক্ষা থেকে প্রমাণ হয় বলে তাঁরা দাবি করেন।

নারী-বৈষম্যের বিপক্ষের যুক্তিসমূহ

বর্তমানে যন্ত্রের যুগে পুরুষের পেশী শক্তির আর তেমন মূল্য নেই।

ওপরে নারী-বৈষম্যের পক্ষে যেসব যুক্তি দেয়া হলো তাদের বিপক্ষে নারীবাদীরা বেশ শক্তিশালী পাল্টা যুক্তির অবতারণা করেছেন। তাদের মতে নারীর তুলনায় পুরুষের শারীরিক শক্তি এক সময় খুব মূল্যবান বিবেচিত হলেও এখন আর তেমন পরিস্থিতি নেই। এখন যন্ত্রের যুগ; যন্ত্রের সাহায্যে নারী-পুরুষ নির্বিশেষে সকলেই সহজে একই পরিমাণ কাজ সম্পন্ন করতে পারে। একটি মাত্র বোতাম টিপে যে কোন নারী ক্রেনের সাহায্যে যে কোন পুরুষের সমানই মাল উত্তোলন করতে পারে। সন্তান ধারণ ও লালন-পালনের জন্যও নারী এখন আর আগের মত অসহায় অবস্থায় নেই। কার্যকর জন্ম-নিয়ন্ত্রণ পদ্ধতি আবিষ্কারের ফলে নারী এখন তার সুবিধামত সময়ে সন্তান নিতে পারে এবং এ সন্তান লালন-পালনের ব্যাপারেও রাষ্ট্র তার দায়িত্ব বহুল পরিমাণে কমিয়ে দিতে পারে। উন্নত বিশ্বে কর্মজীবী মহিলারা এখন বিভিন্ন শিশু-পরিচর্যা কেন্দ্রে দিনের বেলায় বাচ্চাকে রেখে নিয়মিত অফিস-আদালত, কলকারখানা করছেন।

পরিকল্পনামাফিক সন্তানের জন্মদানে সক্ষম হওয়ায় নারী এখন আর আগের মত কর্মক্ষেত্রে অসহায় নয়।

পুরুষদের আক্রমণাত্মক মনোভাবের জন্য নারীবাদীরা আমাদের সামাজিক ও পারিবারিক পরিবেশকে দায়ী করেন। তাঁদের মতে বর্তমানে যে কোন পরিবারে ছেলেদের মধ্যে প্রথম থেকেই ছেলেসুলভ তথা আক্রমণাত্মক মনোভাব গড়ে তোলার জন্য আপ্রাণ চেষ্টা করা হয়। তাদের হাতে তুলে দেয়া হয় বন্দুক, বাস, ট্রাক, ট্যাংক এসব খেলনা আর মেয়েদের হাতে তুলে দেয়া হয়

হাড়ি-পাতিল, পুতুল, চিরুনী ইত্যাদি। মেয়েদের সৌন্দর্যের প্রশংসা করা হয়, আর ছেলেদের প্রশংসা করা হয় তাদের সাহসের জন্য। এর ফলে মেয়েরা গোড়া থেকেই হয়ে পড়ে ভীতু ও পরনির্ভরশীল।

পুরুষের আক্রমণাত্মক মনোভাব সৃষ্টিতে সমাজ সাহায করে। মেয়েদেরকেও সমাজই ভীতু করে রাখে।

নারী-পুরুষে দৃষ্টিগত-স্থানগত সামর্থ্যের পার্থক্য সামাজিক অবদমনের ফল

দৃষ্টিগত-স্থানগত সামর্থ্য এবং গাণিতিক বিষয়ে ছেলেদের অগ্রগামিতার ব্যাপারকেও নারীবাদীরা সামাজিক-অবদমনের ফল বলে মনে করেন। যেসব পরীক্ষায় দৃষ্টিগত-স্থানগত সামর্থ্যের বিষয়টি প্রতিষ্ঠিত হয়েছে তাতে এও দেখা গেছে যে, যেসব নারী ছোট থেকেই স্বাধীনভাবে গড়ে ওঠেছে তাদের মধ্যে এই সামর্থ্য বেশি। যদি তাই হয়, তাঁরা যুক্তি দেখান, যখন সব নারী স্বাধীনভাবে জীবন যাপন করতে পারবে তখন নারী-পুরুষের এই ব্যবধান কমে যাবে। আর তাছাড়া এটাও তাঁদের মতে সত্য যে, এসব পরীক্ষায় অন্তত এটাও প্রমাণিত হয়েছে যে, যা কিছু পার্থক্য পরিলক্ষিত হয় তা গড়পড়তা নারী পুরুষের বেলায়ই খাটে; এমন নারী রয়েছে যারা অনেক নরের চেয়ে আক্রমণাত্মক মনোভাব, গাণিতিক পারদর্শিতা, দৃষ্টিগত-স্থানগত সামর্থ্য ইত্যাদি সর্বক্ষেত্রেই অগ্রগামী। এমতাবস্থায় নারী বলেই একজন ব্যক্তিকে ঢালাওভাবে হীনতর গণ্য করা ঠিক নয়।

নারীবাদী এসব যুক্তি বেশ শক্তিশালী। তবে এটাও সত্য যে, নারী-পুরুষের মধ্যেকার জৈবিক পার্থক্য এবং এর নিহিতার্থকে খুব সহজে অস্বীকার করা যায় না। পুরুষের শক্তির ভূমিকা যন্ত্রের আগমণে ম্লান হয়ে যেতে পারে, কিন্তু সামাজিক জীবনে একে অগ্রাহ্য করা এখনো সম্ভব হয়নি; কখনো হবে কিনা বলা শক্ত। পুরুষ যে শুধু পরিবেশের কারণেই বেশি আক্রমণাত্মক মনোভাবের অধিকারী তা সম্পূর্ণ ঠিক নয়। কেননা গবেষকরা দেখিয়েছেন যে (১) পৃথিবীর সব সমাজেই পুরুষরা বেশি আক্রমণাত্মক, (২) মানুষের কাছাকাছি সকল প্রাণীর মধ্যেই এই প্রবণতা দেখা যায়, (৩) এমন অল্প বয়সে এই প্রবণতা মানুষের মধ্যে দেখা যায় যে, একে সামাজিক পরিবেশের ফল বলে গ্রহণ করা কঠিন, (৪) শরীরে পুরুষ ও স্ত্রী-হরমোনের হ্রাস-বৃদ্ধি করে আক্রমণাত্মক মনোভাবকে কমানো বা বাড়ানো যায়। দৃষ্টিগত-স্থানগত সামর্থ্যের ব্যাপারটিও যে নারী-পুরুষের জেনেটিক বৈশিষ্ট্যের দ্বারা প্রভাবিত তাও দেখা গেছে, যদিও এ ব্যাপারে এবং পুরুষের গাণিতিক পারদর্শিতার ব্যাপারে এখনো চূড়ান্তভাবে কোন রায় দেয়া যাচ্ছে না।

নারীবাদীদের যুক্তিগুলো শক্তিশালী, কিন্তু গবেষণার ফলে দেখা গেছে পুরুষদের আক্রমণাত্মক মনোভাব এবং দৃষ্টিগত-স্থানগত সামর্থ্য ইত্যাদির সঙ্গে প্রাকৃতিক ব্যাপার জড়িত রয়েছে।

এর অর্থ অবশ্য এই নয় যে, নারী-পুরুষের বৈষম্য আমাদেরকে মেনে নিতে হবে। মানব সমাজে বহু ধরনের লোক রয়েছে যারা কোন না কোন দিক থেকে অন্য থেকে অসুবিধাজনক বা সুবিধাজনক অবস্থায় থাকে, কিন্তু তদসত্ত্বেও মানুষ হিসেবে তারা সবাই সমান। একইভাবে মানুষ হিসেবে বহুক্ষেত্রে পুরুষ যেমন নারীর চেয়ে অগ্রগামী, নারীও অনেক ক্ষেত্রে পুরুষের চেয়ে অগ্রগামী। এমতাবস্থায় একটি ভারসাম্যপূর্ণ জীবন-ব্যবস্থা সুনিশ্চিত করেই কেবল তাদের মধ্যে সমতা আনা যায় এবং সেটাই কাম্য। এ ব্যবস্থায় একাধিক নৈতিক সূত্র কাজ করতে পারে; যেমন কখনো সামর্থ্য অনুযায়ী কাজ এবং প্রয়োজন অনুযায়ী প্রাপ্তি, কখনো সমান সুযোগের নিশ্চয়তা, কখনো বা স্বার্থের সমবিবেচনা বা উল্টোবৈষম্য ইত্যাদি সব নীতিকেই পরিস্থিতি অনুযায়ী কাজে লাগানো যায়। শুধু লক্ষ্য রাখতে হবে কখন যেন কোন ব্যাপারেই বাড়াবাড়ি করা না হয়।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। মানবাধিকারের প্রেক্ষিতে নারী-বৈষম্যের পটভূমি বর্ণনা করুন।
২। নারী-বৈষম্যের পক্ষের যুক্তিগুলো ব্যাখ্যা ও পরীক্ষা করুন।
৩। নারী-বৈষম্যের বিপক্ষে যেসব যুক্তি রয়েছে তাদের বৈধতা পরীক্ষা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। বিশ্বজনীন মানবাধিকার সনদ রচিত হয়
ক. ১৯৪৪ সালে খ. ১৯৪৮ সালে
গ. ১৯৫৮ সালে

২। ছেলেরা মেয়েদের চেয়ে বেশি
ক. পড়াশুনা করে খ. ঘরে থাকে
গ. মারামারি করে

৩। দৃষ্টিগত-স্হানগত সামর্থ্যের ব্যাপারে নারী-পুরুষের পার্থক্যের অনুপাত
ক. ১:৪ খ. ১:২
গ. ২:১

৪। মেয়েরা পুরুষদের চেয়ে বেশি পারঙ্গম
ক. ভাষার ক্ষেত্রে খ. হাতের কাজে
গ. গণিতের সমস্যা সমাধানে

৫। যে আবিষ্কারটি কর্মক্ষেত্রে নারীকে শক্তিশালী করেছে তা হচ্ছে
ক. গ্যাসের চুলা খ. কম্পিউটার
গ. জন্ম-নিয়ন্ত্রণ পদ্ধতি

সত্য/মিথ্যা

১. নারী ও পুরুষের সমানাধিকারের বিষয়টি জাতিসংঘের মানবাধিকারের ঘোষণায় স্বীকৃত হয়েছে।সত্য/মিথ্যা
২. পাশ্চাত্যের দেশসমূহে কোন নারী-বৈষম্য নেই।সত্য/মিথ্যা
৩. নারী-আন্দোলনের বক্তব্য বিষয়ে কোন বিতর্ক নেই।সত্য/মিথ্যা
৪. বৈষম্যে বিশ্বাসকারীরা নর-নারীর মনোদৈহিক পার্থক্যের ওপর বেশি জোর দেন।সত্য/মিথ্যা
৫. পুরুষ নারীদের চেয়ে বেশি আক্রমণাত্মক মনোভাবের অধিকারী এটা নারীবাদীদের অভিযোগ।সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। গ ৩। খ ৪। ক ৫। গ।
সত্য-মিথ্যা : ১। সত্য ২। মিথ্যা ৩। মিথ্যা ৪। সত্য ৫। মিথ্যা।

পাঠ ৫

মানবাধিকার ও নারী-বৈষম্য (২য় ভাগ)
Human Rights and Discrimination Against Women (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- পারিবারিক ক্ষেত্রে নারী-বৈষম্য সম্পর্কে জ্ঞাত হবেন।
- বৈষম্যের সঙ্গে যৌতুক ও দেনমোহরের সম্পর্ক বিষয়ে অবহিত হতে পারবেন।
- সম্পত্তির উত্তরাধিকারের ক্ষেত্রে নারীদের প্রতি বৈষম্য করা হয় কিনা বুঝতে পারবেন।
- নারী-নির্যাতন বন্ধের বিভিন্ন প্রস্তাব মূল্যায়ন করতে পারবেন।

পূর্ববর্তী পাঠে আমরা নারী-বৈষম্যের বিষয়ে যে আলোচনা করেছি তাতে বাস্তব চিত্র পুরো ফুটে ওঠেনি। ব্যবহারিক নীতিবিদ্যার ক্ষেত্রে এ বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। আমরা এখন তা নিয়েই আলোচনা করব। এখানে একটি কথা উল্লেখ করা খুবই প্রয়োজন আর তা হচ্ছে; বিভিন্ন পেশার ক্ষেত্রে নারী-বৈষম্য রয়েছে তাতে কোন সন্দেহ নেই, কিন্তু বিশ্বজুড়ে নারীদের সঙ্গে সম্ভবত সবচেয়ে বেশি বৈষম্যমূলক আচরণ করা হয় পারিবারিক পর্যায়ে। এ প্রসঙ্গে যাওয়ার আগে আমরা জাতিসংঘের মানবাধিকার সম্পর্কিত সংশ্লিষ্ট কয়েকটি ধারা উল্লেখ করতে পারি। ধারা ১৬(১)-এ বলা হয়েছে:

বিশ্বজুড়ে নারীদের ওপর সবচেয়ে বৈষম্যমূলক আচরণ করা হয় পারিবারিক পর্যায়ে। বৈবাহিক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে এটা বিশেষভাবে লক্ষণীয়।

১. পূর্ণবয়স্ক নর-নারী তাদের বর্ণ, জাতীয়তা অথবা ধর্মের কারণে কোন সীমাবদ্ধতা ছাড়া বিয়ে করার এবং পরিবার প্রতিষ্ঠার অধিকার রাখে। বিবাহকালীন ও বিবাহ বিচ্ছেদের সময় তারা সমঅধিকারের দাবিদার।

২. বিবাহেচ্ছুরা স্বাধীন ও পূর্ণ সম্মতির ভিত্তিতে পরিণয়সূত্রে আবদ্ধ হবে।

৩. পরিবার হচ্ছে সমাজের প্রাকৃতিক ও মৌলিক দলীয়-একক।

১৯৭৯ সালের ১৮ ডিসেম্বর জাতিসংঘ নারীর প্রতি বৈষম্য দূরীকরণের জন্য আরো একটি বিশেষ সনদ অনুমোদন করে যাকে বলা হয় "নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ" (Convention On the Elimination of All Forms of Discrimination Against Women)। এতেও বিয়ে ও পারিবারিক সম্পর্ক বিষয়ক সকল ক্ষেত্রে নারীর প্রতি বৈষম্য দূরীকরণে সকল উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য রাষ্ট্রসমূহের প্রতি জাতিসংঘ Awnevb জানিয়েছে। কিন্তু পৃথিবীর বহু রাষ্ট্রে জাতিসংঘের এসব Awnevb উপেক্ষিত হচ্ছে। বাংলাদেশে তা যেভাবে ঘটছে তার এক জ্বলন্ত উদাহরণ হচ্ছে বিয়েতে যৌতুক প্রথা। এ বিষয়ে আমরা বর্তমানে আলোচনা করব।

যৌতুক ও নারী-বৈষম্য

যৌতুক নারী-বৈষম্যের উদাহরণ সন্দেহ নেই, কিন্তু গোড়াতে এর উদ্দেশ্য ভাল ছিল।

যৌতুকের আদি উদ্দেশ্যের মধ্যে কোন অনৈতিক ভাবনা ছিল না। হিন্দু সমাজ থেকে এর আগমন। হিন্দু আইনে যেহেতু মেয়েরা পিতার সম্পত্তির উত্তরাধিকারী হয় না, সেহেতু বিয়ের

সময় তাদের যথেষ্ট পরিমাণে পুষিয়ে দেয়ার আগ্রহ থেকেই এর উদ্ভব। তাছাড়া হিন্দু মুসলমান সকল পিতামাতাই চান তাঁদের সন্তান বিয়ের পর যেন সুখে শান্তিতে থাকে। সেজন্যও তারা তাঁদের মেয়েকে বিয়ের প্রথমেই নানা ধরনের উপহার-উপঢৌকন দিয়ে থাকেন। এর প্রয়োজনীয়তা বিশেষ করে এজন্য অনুভূত হয় যে, যে ছেলেটির কাছে তাঁরা তাঁদের মেয়েকে তুলে দেন, জীবনের প্রথমে বেশিরভাগ ক্ষেত্রেই তার আয়-উপার্জন যথেষ্ট থাকে না। এমতাবস্থায় স্ত্রী কর্তৃক তার পিতামাতার কাছ থেকে নিয়ে আসা সামান্য উপহার সামগ্রীও তাদের নতুন সংসারে বেশ কাজে লাগে। একইভাবে স্বামীর পিতামাতার কাছ থেকেও নবদম্পতিকে সাহায্য করার সুযোগ রয়েছে। মূলত প্রাথমিক পর্যায়ে যৌতুকের ব্যাপারটিতে সদিচ্ছাই ছিল মুখ্য বিষয়।

অভাব-অনটনের কারণে মানুষ এখন লোভের বশবর্তী হয়ে যৌতুক ব্যবস্থাকে অনৈতিক করে ফেলেছে।

বর্তমানে অবস্থা পাল্টে গেছে। বেকারত্ব, অভাব-অনটন ইত্যাদি কারণে ছেলে কিংবা তার পরিবার এখন আর খুব সহজে একটি মেয়ের ভার নিতে চায় না। এমতাবস্থায় তারা মেয়েটির সঙ্গে দাবি করে বসে বিরাট অংকের টাকা কিংবা ব্যয়বহুল দ্রব্য-সামগ্রী যা দেবার সামর্থ্য কন্যার পিতামাতার অধিকাংশ ক্ষেত্রেই থাকে না। এখানে লোভ নামক অসদ্‌গুণটি এমনি উলঙ্গভাবে কাজ করে যে পুরো বিষয়টিই একটি অনৈতিক ব্যাপারে পর্যবসিত হয়, সৃষ্টি হয় বৈষম্যমূলক ব্যবস্থার।

যৌতুকের মধ্যে আজকাল একটা ক্ষতিপূরণের ব্যাপার থাকে যা গ্রহণযোগ্য নয়।

যৌতুক অন্য আরেকটি উপায়েও নারী-বৈষম্যের সৃষ্টি করে। আজকাল যেসব মেয়ে সুন্দরী কিংবা চাকুরীজীবী হয় না, যৌতুকের মাধ্যমে তাদের এই ঘাটতিটুকু পূরণ করে দেয়ার চেষ্টা করেন তাদের পিতামাতারা। কিন্তু এতে প্রকৃত ঘাটতি পূরণ হয় না, ফলে মেয়েটির জীবনে নেমে আসে নানা জটিলতা। বরপক্ষের লোভ যদি বেশি হয় তাহলে তার জীবন-সংশয়ও দেখা দেয়। আজকাল পত্রিকার পাতা খুললেই দেখা যায় যৌতুক প্রথার বলি অসংখ্য নারীর মর্মন্তুদ সব ঘটনার খবর। আজ তাই সময় এসেছে যৌতুক প্রথা বিলোপ করা এবং তা তখনি সম্ভব যখন জীবনের অন্যান্য ক্ষেত্রে নারী-বৈষম্য লোপ পাবে; নারী হয়ে ওঠবে শিক্ষিত, উপার্জনশীল ও স্বাবলম্বী।

যৌতুক ও দেন-মোহর

দেনমোহর মেয়েদের জন্য এক ধরনের সামাজিক নিরাপত্তার ব্যবস্থা হিসেবে কাজ করে, আর তাই এ অনৈতিক নয়।

সাধারণত যৌতুক কন্যাপক্ষ পাত্রপক্ষকে দিয়ে থাকে, কিন্তু এর বিপরীতে মুসলিম-বিবাহ-ব্যবস্থায় মোহর নামক একটি লেনদেনের ব্যবস্থা রয়েছে যাতে পাত্র পাত্রীকে নির্দিষ্ট অংকের অর্থ দিতে আইনত বাধ্য থাকেন। অংকটি নির্ধারিত হয় দর কষাকষির মাধ্যমে। প্রশ্ন ওঠতে পারে, এটা কি যৌতুক নয়, কিংবা যৌতুক প্রথার মত নিন্দনীয় নয়? অনেকে একে কন্যাক্রয়ের মত ব্যাপার বলেও মনে করেন। কিন্তু প্রকৃত ব্যাপার তা নয়। গত কয়েক হাজার বছরের ইতিহাসের শিক্ষা রয়েছে এই ব্যবস্থায়। এ ইতিহাস বলে যে পুরুষ অনেক ক্ষেত্রেই নারীর প্রতি অবিচার করেছে এবং করে থাকে। সাধারণত সব সমাজেই নারী বেশিরভাগ ক্ষেত্রে ঘরকন্না ও সন্তান পালন ইত্যাদি নিয়েই ব্যস্ত থাকে। নিজে স্বাবলম্বী হওয়ার উপায় তাদের খুব কমই থাকে, এমতাবস্থায় যদি কোন কারণে তাদের বিয়ে ভেঙ্গে যায় তাহলে তাদের আর দাঁড়াবার জায়গা থাকে না। দেন-মোহরের ব্যবস্থা মেয়েদেরকে এই অবস্থায় সাহায্য করতে পারে। একে বলা যায় এক ধরনের উল্টো-বৈষম্যমূলক ব্যবস্থা। একে এক ধরনের সামাজিক নিরাপত্তা (Social security) ব্যবস্থাও বলা যেতে পারে।

আগে মেয়েদেরকে উত্তরাধিকারের ক্ষেত্রে বঞ্চিত করা হতো; এখন আইন করে অবস্থার অনেক পরিবর্তন হয়েছে।

ইসলামি ব্যবস্থায় উত্তরাধিকারে নারীর হিস্যা পুরুষের অর্ধেক। একে নারীবাদীরা নারীর প্রতি বৈষম্য বলে মনে করেন।

ইসলামি পন্ডিতদের মতে পুরুষই যেহেতু পরিবারের ভরণ-পোষণের জন্য দায়ী, সেহেতু তার হিস্যা নারীর দ্বিগুণ হওয়াটা ন্যায়নীতির পরিপন্থী নয়।

সম্পত্তি ও উত্তরাধিকারের ক্ষেত্রে নারী বৈষম্য

পারিবারিক ক্ষেত্রে সম্পত্তি ও উত্তরাধিকার থেকে নারীকে বঞ্চিত করার ইতিহাস অত্যন্ত প্রাচীন। সাম্প্রতিককালে প্রাচ্য ও পাশ্চাত্যের বহুদেশে আইন সংস্কারের মাধ্যমে এ অবস্থার পরিবর্তন সাধন করা হয়েছে। পারিবারিক আইনের ভিত্তি বেশির ভাগ ক্ষেত্রেই যেহেতু ধর্ম সেহেতু এই ধরনের আইন অনেক ক্ষেত্রেই ধর্ম-বিরুদ্ধ বলে আখ্যা পেয়েছে। ইসলাম গোড়া থেকে উভয় ক্ষেত্রেই নারীদের অধিকার স্বীকার করে নেয়ায় এ পর্যন্ত প্রশংসিত হয়ে আসছিল, কিন্তু ইদানিং অবস্থার অনেক পরিবর্তন ঘটেছে। এখন নারীবাদীরা মনে করেন যে, ইসলামের উত্তরাধিকার আইনকে পরিবর্তন করা দরকার, কেননা এতে নারীর অধিকার পুরুষদের চেয়ে অর্ধেক করা হয়েছে, যা সমানাধিকারের পরিপন্থী। মুসলিম পন্ডিতরা এ অভিযোগ অস্বীকার করেন। তাঁরা যুক্তি দেখান যে, ইসলামি ব্যবস্থায় যেহেতু পরিবারের যাবতীয় দায়িত্ব পুরুষকে বহন করতে হয় এবং যেহেতু এ ব্যাপারে নারীর কোন দায়দায়িত্ব নেই সেহেতু উত্তরাধিকারে তার ভাগ অর্ধেক হওয়া মোটেও সমানাধিকারের পরিপন্থী নয়। আমরা ন্যায়ের যে কাঁটি নীতির সাক্ষাৎ পেয়েছি তাদের বিচারে এ বক্তব্যের সারবত্তা অস্বীকার করা যায় না। অবশ্য আজকাল নারীবাদীরা এই বক্তব্য উত্থাপন করছেন যে, পুরুষ কেন শুধু পরিবারের দায়িত্ব নিবে, নারীদেরও এ ব্যাপারে সমদায়িত্ব নেয়া উচিত। সত্যি বলতে কি বহু নারী আজ স্বামীর মতই পারিবারিক দায়িত্ব পালন করছেনও। তবে গড়পড়তা মহিলাদের ক্ষেত্রে এ দায়িত্ব পালন কতটুকু সম্ভব ও সুবিধাজনক এবং ভবিষ্যৎ বংশধরদের জন্য এ কতটুকু সুফলদায়ক তা নিয়ে বিস্তর বিতর্ক রয়েছে। এসব দিক বিবেচনা করলে উত্তরাধিকারের ব্যাপারে ইসলামি ব্যবস্থাকে তাৎপর্যহীন মনে করার কোন কারণ নেই, আর তাই সংশ্লিষ্ট সকলকে বিষয়টি নিয়ে আরো ভাবতে হবে।

নারী নির্যাতন

নারীর বিরুদ্ধে পারিবারিক পর্যায়ে বৈষম্য এবং মানবাধিকার লঙ্ঘনের আরেক অতি পরিচিত উদাহরণ হচ্ছে নারী-নির্যাতন। পুরুষ যেহেতু শারীরিক দিক থেকে নারীর চেয়ে শক্তিশালী সেহেতু তার পক্ষে নারী নির্যাতনের সুযোগ সর্বত্রই বর্তমান; কিন্তু পারিবারিক পরিমন্ডলে এটি খুবই সহজ। তবে এ ধরনের নির্যাতনের পেছনে নানা সামাজিক ও অর্থনৈতিক কারণ রয়েছে যেজন্য আমাদের দেশে নানা আইন করেও অবস্থার খুব একটা হেরফের করা যায়নি। নারীবাদীরা এর সমাধান হিসেবে সামাজিক ও রাষ্ট্রীয় পর্যয়ে নারীর ক্ষমতায়নের প্রয়োজনীয়তার ওপর সবিশেষ জোর দেন। এই লক্ষ্যে বর্তমানে এদেশে কিছু ব্যবস্থাও গৃহীত হয়েছে। সন্দেহ নেই এতে অবস্থার অনেক উন্নতি ঘটবে, কিন্তু মানবাধিকারের নৈতিক দিকটির মর্ম উপলব্ধি করতে না পারলে সমস্যার সন্তোষজনক সমাধান হবে না, এটা জোর দিয়েই বলা যায়; কেননা এরই মধ্যে সামাজিক পর্যায়ে নতুন ব্যবস্থার বিরুদ্ধে কিছু কিছু বিরূপ প্রতিক্রিয়াও লক্ষ্য করা যাচ্ছে। সুতরাং প্রয়োজন সর্বজনীন শিক্ষার- যে শিক্ষা মানুষের নৈতিক চেতনাকে করবে উদ্দীপ্ত, তার মানবিক গুণাবলীকে করবে শাণিত।

নারী নির্যাতন নারীর বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের আরেকটি উদাহরণ। নারীবাদীরা নারীর ক্ষমতায়নের মাধ্যমে এ অবস্থার অবসান ঘটাতে চান। তবে এ ব্যাপারে সবচেয়ে কার্যকর পন্থা হচ্ছে সর্বজনীন শিক্ষা ও মানবিক গুণাবলীর বিকাশ সাধন।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। নারী-বৈষম্যের ক্ষেত্রগুলো চিহ্নিত করুন। কোন্ ক্ষেত্রে নারী-বৈষম্য বেশি পরিলক্ষিত হয়?
২। যৌতুক প্রথা অনৈতিক কেন? দেন-মোহরকেও কি আপনি অনৈতিক মনে করেন?
৩। উত্তরাধিকারের ক্ষেত্রে ইসলাম কি নারীদের প্রতি অবিচার করেছে? আপনার উত্তরের পক্ষে যুক্তি দিন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। বিবাহ ও পরিবার বিষয়ে জাতিসংঘ সনদের যে ধারায় বলা হয়েছে তা হচ্ছে
ক. ২৫ ধারা খ. ১৬(১)ধারা
গ. ৫০ ধারা

২। যে অসদ্‌গুণ যৌতুক প্রথাকে অনৈতিক করেছে তা হচ্ছে
ক. ক্রোধ খ. ঘৃণা
গ. লোভ

৩। দেন-মোহর দেয়া হয়
ক. কন্যাকে খ. বরকে
গ. কন্যার পিতাকে

৪। ইসলামি উত্তরাধিকার আইনে নারী-পুরুষের অধিকারের অনুপাত
ক. ১ : ১ খ. ২ : ১
গ. ১ : ২

৫। নারীবাদীরা নারী নির্যাতন বন্ধের জন্য সুপারিশ করেন তা হচ্ছে
ক. নারীর ক্ষমতায়ন খ. নারীর নৈতিক চেতনা বৃদ্ধি
গ. নারীর স্বার্থ-চেতনা বৃদ্ধি

সত্য/মিথ্যা

১. নারীদের প্রতি বেশি বৈষম্যমূলক আচরণ করা হয় পারিবারিক পর্যায়ে।সত্য/মিথ্যা
২. জাতিসংঘ সনদ অনুযায়ী বর্ণগত ও ধর্মীয় ভিন্নতার কারণে নর-নারীর পরিণয়সূত্রে আবদ্ধ হওয়া উচিত নয়।সত্য/মিথ্যা
৩. "নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ" গ্রহণ করা হয় ১৯৭৯ সালে।সত্য/মিথ্যা
৪. পৃথিবীর সব রাষ্ট্রই জাতিসংঘের নারীর প্রতি বৈষম্য বিলোপ নীতি হুবহু গ্রহণ করেছে। সত্য/মিথ্যা
৫. গোড়া থেকেই যৌতুক প্রথার মধ্যে অনৈতিক ভাবনা ছিল। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। গ ৩। ক ৪। গ ৫। ক।
সত্য-মিথ্যা: ১। সত্য ২। মিথ্যা ৩। সত্য ৪। মিথ্যা ৫। মিথ্যা।

পাঠ ৬

অপরাধ ও শাস্তি (১ম ভাগ)
Crime and Punishment (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- শাস্তির বৈশিষ্ট্যাবলী উল্লেখ করতে পারবেন।
- শাস্তিদান সম্পর্কিত তিনটি মতবাদের পার্থক্য নির্দেশ করতে পারবেন।
- এসব মতবাদ সম্পর্কিত সমালোচনাসমূহ উল্লেখ করতে পারবেন।

অপরাধ হচ্ছে মানুষের এমন কোন কর্ম যা সমাজ বা রাষ্ট্র অনুমোদন করে না। রাষ্ট্রের এ অনুমোদনহীনতা প্রকাশ পায় অপরাধের জন্য শাস্তি বিধানের মধ্যে। রাষ্ট্র বা সমাজ যখন কোন কাজ অনুমোদন করে তখন এর জন্য কোন পুরস্কারের ব্যবস্হা রাখতে পারে, আবার নাও পারে। অপরাধের জন্য কিন্তু রাষ্ট্রকে শাস্তির ব্যবস্হা রাখতেই হয়; এর প্রতি উদাসীনতা রাষ্ট্রের জন্য গাফেলতির পর্যায়ে পড়ে। তবে অপরাধীর অনুশোচনা বা ক্ষমা প্রার্থনার প্রেক্ষিতে রাষ্ট্র বা সমাজ শাস্তি নাও দিতে পারে।

অপরাধের প্রতি রাষ্ট্রের উদাসীনতা গ্রহণযোগ্য নয়।

অপরাধের জন্য যে শাস্তির ব্যবস্হা রাষ্ট্র করে থাকে তা অপরাধীর জন্য বেদনাদায়ক হয়ে থাকে। কিন্তু মানুষ এমনিতেও নানা বেদনাদায়ক অবস্হার শিকার হয়। এই অবস্হার সঙ্গে শাস্তির তফাৎটা বোঝা যায় এর নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলোর মাধ্যমে:

শাস্তি সর্বদাই বেদনাদায়ক

শাস্তির বৈশিষ্টাবলী

১. শাস্তি যে কোন ব্যক্তির কাছে অনাকাঙ্ক্ষিত যা সে সব সময়ই পরিহার করতে চায়। ধনী ব্যক্তির কাছে দশ টাকা খুবই তুচ্ছ ব্যাপার, কিন্তু যখন জরিমানা হিসেবে এ টাকা দিতে হয় তখন তা সে মোটেও পছন্দ করে না।

শাস্তি অনাকাঙ্ক্ষিত

২. শাস্তি যে ব্যক্তির কাছে শুধু অনাকাঙ্ক্ষিত তাই নয়, এ হচ্ছে একজনের ইচ্ছার বিরুদ্ধে তার ওপর অন্যের ইচ্ছা চাপিয়ে দেয়া। এই অন্য ব্যক্তিটিকে যদি জিজ্ঞেস করা হয়, কেন তুমি তার ওপর এই ধরনের বিষয় চাপাচ্ছ? তাহলে তাকে বলতে হবে, "তাকে শাস্তি দিতে"। প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনামূলক ক্ষতি ইত্যাদি তাই প্রকৃতপক্ষে শাস্তি নয়। মানুষে মানুষে প্রতিযোগিতার কারণে একে অন্যকে যে কষ্ট দেয় তাও একই কারণে শাস্তি নয়; শাস্তি নয় মানুষের ঐ সমস্ত কাজও যা কারো জন্য ক্ষতিকর হলেও এর পেছনে ক্ষতি করার কোন উদ্দেশ্য থাকে না। কোন রোগীকে যখন আলাদা কক্ষে রাখার জন্য ডাক্তার উপদেশ দেন তখন আমরা বলতে পারি না যে তিনি তাকে শাস্তি দিচ্ছেন।

শাস্তি হল একজনের ইচ্ছার বিরুদ্ধে অন্যের ইচ্ছা চাপিয়ে দেয়া।

৩. শুধুমাত্র খারাপ উদ্দেশ্যেই যে শাস্তি দেয়া হয় না তা নয়, একে দেয়া হয় কৃত কোন কর্মের জন্য। কোন কোন সমাজে ইচ্ছাকৃতভাবে বাচ্চাদের ওপর কষ্টকর কাজ চাপিয়ে দেয়া হয়। কিন্তু

শাস্তি প্রদান করা হয় কৃতকর্মের জন্য

তদ্‌সত্ত্বেও একে শাস্তি বলা যাবে না, কেননা বাচ্চাদের কোন কৃতকর্মের জন্য তাদেরকে কষ্ট দেয়া হয় না, তারা ভবিষ্যতে কষ্ট-সহিষ্ণু হবে এই আশায়ই তা করা হয়।

শাস্তি প্রতিশোধমূলক নয়।

৪. শাস্তি প্রতিশোধমূলক ব্যাপার নয়, কেননা প্রতিশোধ সব সময়ই আত্ম-কেন্দ্রিক ব্যাপার; অর্থাৎ প্রতিশোধের বেলায় ব্যক্তি তার প্রতি যে অন্যায় করে তার কথা বিবেচনা করে। শাস্তির বেলায় ব্যক্তিকে বিবেচনায় না এনে শুধুমাত্র কৃত অন্যায়ের কথা বিবেচনা করা হয়।

অপরাধের শাস্তি সকলের কাছেই কাম্য।

অপরাধ ও শাস্তির বৈশিষ্ট্য সম্পর্কে এই প্রাথমিক আলোচনা স্বাভাবিকভাবেই শাস্তি প্রদান বিষয়ক যে নৈতিক প্রশ্নের উদ্ভব ঘটায় তা হচ্ছে, শাস্তি কি আসলেই কাম্য? এ ব্যাপারে প্লেটো থেকে শুরু করে প্রায় সব বিখ্যাত দার্শনিকই ইতিবাচক মত প্রকাশ করেছেন। অ্যারিস্টটল একে নেতিবাচক পুরস্কার হিসেবে গণ্য করতেন। কান্ট তো নৈতিক কাজের জন্য পুরস্কার এবং অনৈতিক কাজের জন্য শাস্তির ব্যবস্হা থাকাকে নৈতিকতার একটা অত্যাবশ্যকীয় শর্ত হিসেবেই গণ্য করতেন। উপযোগবাদী বেনথাম, মিলও সমাজে শাস্তির উপযোগিতা নিয়ে আলোচনা করেছেন। তবে শাস্তির পদ্ধতি নিয়ে দার্শনিকদের মধ্যে বিতর্ক হয়েছে। এ ব্যাপারে তিনটি অতি পরিচিত মতবাদ রয়েছে। এগুলো হচ্ছে :

১. প্রতিদানমূলক মতবাদ (Retributive Theory)

২. প্রতিরোধাত্মক মতবাদ (Deterrent Theory)

৩. সংশোধনাত্মক মতবাদ (Reformative Theory)

প্রতিদানমূলক মতবাদ

অপরাধের মাত্রা অনুপাতে শাস্তি হওয়া উচিত।

এই শাস্তির মতবাদটি মানুষ ও প্রাণীদের মধ্যে আঘাতের বদলে প্রত্যাঘাত করার প্রবণতার সঙ্গে যুক্ত বলে অনেকে মনে করেন। তবে যেমন আমরা আগেই দেখিয়েছি, শাস্তি প্রতিশোধ নয়, আর এই হেতু প্রায়ই একে দাঁড়িপাল্লার প্রতীকের মাধ্যমে বুঝানোর চেষ্টা করা হয়। ইউরোপীয় আদালতগুলোর সম্মুখভাগে দাঁড়িপাল্লা হাতে গ্রিক ন্যায়-দেবীর মূর্তি এই উদ্দেশ্যেই স্হাপিত দেখা যায়। ইসলামের পবিত্র গ্রন্থ আল-কুরআনেও ন্যায়-বিচারের প্রতীক হিসেবে 'আল-মিজান' বা দাঁড়িপাল্লা শব্দটি ব্যবহারের মাধ্যমে এই প্রতিদানমূলক শাস্তির মতবাদকে সমর্থন করা হয়েছে। বাইবেলে চোখের বদলে চোখ এবং দাঁতের বদলে দাঁত-এই আইনের আকারে একই মতবাদের কথা বলা হয়েছে। এককথায় বলা যায় শাস্তির মতবাদ হিসেবে প্রতিদানমূলক মতবাদ শুধু প্রাচীনই নয়, অনেকটা প্রাকৃতিকও।

কোন কোন ক্ষেত্রে প্রতিদানমূলক শাস্তি প্রদান অসম্ভব

প্রতিদানমূলক শাস্তি মতবাদের একটা বড় অসুবিধা এই যে, অনেক অপরাধ রয়েছে যাদের ক্ষেত্রে এই প্রতিদানের ব্যাপারটি যথার্থ অর্থে খাটে না। এই মতবাদ অনুযায়ী কেউ কারো কোন অনিষ্ট করলে অনিষ্টকারীকেও সমান অনিষ্টের শিকার হতে হয়; কিন্তু ব্যভিচার ও অন্যান্য সমাজ বিগর্হিত অপরাধের ক্ষেত্রে এই নীতিতে বিচার প্রায়ই অসম্ভব হয়ে দাঁড়ায়। কেননা এসব ক্ষেত্রে কেউ কারো অনিষ্ট করেছে এমন অভিযোগ আনে না; অথচ ব্যভিচার প্রায় সব সমাজেই অপরাধের কাজ। তাছাড়া বিভিন্ন অপরাধের বিপরীতে শাস্তির পরিমাণ নির্ধারণও কঠিন ব্যাপার।

প্রতিরোধাত্মক মতবাদ

প্রতিরোধাত্মক মতবাদও বেশ প্রাচীন। প্রতিদানমূলক শাস্তির মতবাদ অনুযায়ী মানুষ যখন কোন অপরাধ করে তখন তার শাস্তি প্রাপ্য হয়; এতে মানুষ যাতে অপরাধ না করে সে ব্যাপারে খুব জোর চিন্তা-ভাবনা নেই। প্রতিরোধাত্মক মতবাদ এ ব্যাপারে সচেতন। এই মতবাদ অনুযায়ী অপরাধীকে শাস্তি দিতে হয় যেন অন্যেরা তা দেখে একই ধরনের অপরাধ না করে। আমাদের দৈনন্দিন জীবনে এই ধরনের শাস্তির প্রচুর উদাহরণ দেখা যায়। একজন স্কুল-শিক্ষক যখন পড়া তৈরি করতে না পারার জন্য একজন ছাত্রকে বেঞ্চিতে দাঁড় করিয়ে রাখেন তখন তাঁর উদ্দেশ্য থাকে অন্যান্য ছাত্ররা যাতে এরপর থেকে তার শাস্তি দেখে পড়া শিখে আসে। এ প্রসঙ্গে একজন বিচারকের উক্তিও উল্লেখ করা যায়। তিনি একজন অপরাধীকে বলেছিলেন, "ভেড়া চুরির জন্য নয়, ভেড়া যাতে আর চুরি না হয় সেজন্য তোমাকে শাস্তি দেয়া হলো।" আল-কুরআনেও কোন কোন শাস্তি জনসমক্ষে দেয়ার জন্য বলা হয়েছে। অপরাধ প্রতিরোধই যে এর উদ্দেশ্য তা না বললেও চলে।

অন্যদেরকে সচেতন করার জন্যই একজন অপরাধীকে শাস্তি দিতে হবে।

তবে প্রতিরোধাত্মক মতবাদও সমালোচনামুক্ত নয়। যেহেতু অপরাধ প্রতিরোধই এই মতবাদের মূল উদ্দেশ্য, সেহেতু অনেক ক্ষেত্রেই অপরাধীকে মাত্রারিক্ত শাস্তি দেয়ার একটা প্রবণতা বিচারকদের মধ্যে লক্ষ্য করা যায়। তাছাড়া অনেক নির্দোষ লোকেরও এই প্রক্রিয়ায় শাস্তি পাওয়ার সম্ভাবনা থাকে। তবে এর সবচাইতে বড় দুর্বলতা হলো, ব্যক্তিকে এখানে উপায় হিসেবে গ্রহণ করা হয়, লক্ষ্য হিসেবে নয়, এটি অনেক নীতিবিদই মানতে নারাজ।

এতে মানুষকে উদ্দেশ্য নয়, উপায় হিসেবে বিবেচনা করা হয়।

সংশোধনাত্মক মতবাদ

সংশোধনাত্মক মতবাদের মূল নিহিত সুখবাদী তত্ত্বের মধ্যে। প্রতিদানমূলক মতবাদ ও প্রতিরোধাত্মক মতবাদ দুই-ই খুবই কঠোর মতবাদ। আমাদের জীবনে প্রচুর ভুলভ্রান্তি হয়ে থাকে; নৈতিক বিষয়েও ভুলভ্রান্তির শিকার হওয়া অসম্ভব কিছু নয়। এমতাবস্থায় সংশোধনবাদীরা মনে করেন মানুষকে সংশোধিত হওয়ার সুযোগ দেয়া উচিত এবং সেই লক্ষ্য কে সামনে রেখেই শাস্তিদান নীতি প্রণীত হওয়া উচিত। অবশ্য এই প্রক্রিয়ায় অপরাধীকে কষ্টপ্রদান একদম বন্ধ করার সুপারিশ এর প্রাথমিক প্রবক্তারা করেননি। মানুষ তথা প্রাণীদের ব্যবহার সংশোধনের ব্যাপারে কিছু পরিমাণ কষ্ট প্রদান যে ফলপ্রদ তা তাঁরা বুঝতে পেরেছিলেন। আধুনিক সংশোধনবাদীরা তাঁদের চেয়ে এক কদম এগিয়ে গেছেন এবং শাস্তিতত্ত্বের ক্ষেত্রে প্রায় বিপ্লবের সূচনা করেছেন। তাঁরা এক্ষেত্রে এক শিক্ষামূলক মতবাদ দিয়েছেন। এই মতবাদ অনুযায়ী অপরাধ প্রবণতাকে এখন এক ধরনের রোগ হিসেবে গণ্য করা হয় এবং এর প্রতিবিধান হিসোবে অপরাধীর সুস্থ অবস্থায় প্রত্যাবর্তনের জন্য এমন ধরনের কার্যক্রম গ্রহণ করার পরামর্শ দেয়া হয় যা তার ব্যক্তিত্ব তথা চরিত্রের মধ্যে পরিবর্তন এনে দেয়। এর ফলে অপরাধী সমাজে বাস করার উপযুক্ত হয়ে ওঠে। ইতোমধ্যে পৃথিবীর বহুদেশ এই মতবাদ গ্রহণ করেছে এবং এর আলোকে তাদের শাস্তি-ব্যবস্হাকে ঢেলে সাজিয়েছে। তবে এ মতবাদের বিরুদ্ধেও অনেক কথা বলার আছে।

অপরাধীকে সংশোধিত হওয়ার সুযোগ দেয়া উচিত।

অপরাধ প্রবণতা এক ধরনের রোগ।

সংশোধনাত্মক মতবাদের বিরুদ্ধে একটা বড় অভিযোগ এই যে, এমন বহু অপরাধী রয়েছে যাদেরকে শিথিল ও মানবিক পদ্ধতিতে সংশোধন করা যায় না। যদি যেতো, পৃথিবীতে বর্তমানে যে হারে অপরাধ সংঘটিত হচ্ছে তা হতো না। তাছাড়া এই মতবাদে বিশ্বাসীদের মধ্যে যাঁরা অপরাধকে মানসিক রোগের ফল বলে গণ্য করেন সেই আধুনিক সংস্কারবাদীদের বিরুদ্ধে বলা

অপরাধীর বুদ্ধিবৃত্তিক ব্যক্তিত্ব খর্ব হয়।

যেতে পারে যে, তারা অপরাধীদেরকে বুদ্ধিবৃত্তিক ব্যক্তিত্ব হিসেবে না নিয়ে, মানসিক রোগী হিসেবে নেন, যা এসব ব্যক্তির জন্য রীতিমত অপমানজনক।

স্থান-কাল-পাত্রভেদে মতবাদগুলোর যথার্থ প্রয়োগ প্রয়োজন।

উপর্যুক্ত সব সমালোচনার প্রেক্ষিতে আমরা বলতে পারি যে, অপরাধীদেরকে শাস্তি প্রদানের ক্ষেত্রে কোন একটি বিশেষ মতবাদ সম্পূর্ণভাবে অনুসরণ করার মধ্যে খুব একটা নৈতিক AŠ `wói পরিচয় নেই। স্থান-কাল-পাত্রভেদে সম্পূর্ণ অবস্থা বিবেচনা করে মতবাদগুলোর যথার্থ প্রয়োগের মধ্যেই প্রকৃত ও নৈতিক অন্তর্দৃষ্টি বিদ্যমান।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। শাস্তি কী? শাস্তির বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন।
২। প্রতিদানমূলক শাস্তি ও প্রতিশোধাত্মক শাস্তির মধ্যে পার্থক্য করুন।
৩। শাস্তি সম্পর্কিত বিভিন্ন মতবাদ আলোচনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। আদালতে দাঁড়িপাল্লা প্রতীকের মাধ্যমে বোঝানো হয়।
K. শাস্তি সর্বদাই প্রতিশোধমূলক।
L. কেবল ঈশ্বরই শাস্তি দেয়ার অধিকার রাখেন।
M. শাস্তি হওয়া উচিত প্রতিদানমূলক।

২। শাস্তির প্রতিদানমূলক মতবাদ অনুযায়ী।
K. অপরাধের পরিমাণের চেয়ে শাস্তি হবে দ্বিগুণ মাত্রার।
L. অপরাধীকে ক্ষমা করে দিতে হবে।
M. অপরাধের মাত্রা ও শাস্তির মাত্রা সমান হওয়া উচিত।

৩। প্রতিরোধাত্মক শাস্তির ক্ষেত্রে, ব্যক্তিকে।
K. উপায় হিসেবে গ্রহণ করা হয়।
L. উদ্দেশ্য হিসেবে গ্রহণ করা হয়।
M. উপায় ও উদ্দেশ্য - উভয়টি হিসেবে গ্রহণ করা হয়।

৪। সংশোধনাত্মক শাস্তির ক্ষেত্রে
K. ব্যক্তিকে এমন কঠোর শাস্তি দেয়া হয়, যা দেখে অন্যরা সংশোধিত হবে।
L. ব্যক্তিকে আর স্বাভাবিক সমাজে ফিরে আসতে দেয়া হয় না।
M. ব্যক্তিকে সংশোধনের জন্য এমন ব্যবস্থা নেয়া হয় যাতে তার ব্যক্তিত্বে পরিবর্তন আসে এবং সে সমাজে বসবাসের উপযুক্ত হয়।

৫। অপরাধীকে শাস্তি প্রদান করার ক্ষেত্রে
K. প্রতিদানমূলক মতবাদ অনুসরণ করা উচিত।
L. সংশোধনাত্মক মতবাদ অনুসরণ করা উচিত।
M. স্হান-কাল-পাত্রভেদে এদের যথার্থ প্রয়োগ evÃbxq।

সত্য/মিথ্যা

১. মানুষ প্রতিযোগিতার জন্য একে অন্যকে যে কষ্ট দেয় তাও এক প্রকার শাস্তি। সত্য/মিথ্যা
২. অ্যারিস্টটল শাস্তিকে নেতিবাচক পুরস্কার মনে করতেন। সত্য/মিথ্যা
৩. শাস্তির প্রতিরোধাত্মক মতবাদ অনুযায়ী শাস্তির মূল লক্ষ্য হওয়া উচিত অপরাধীর বিরুদ্ধে প্রতিশোধ নেয়া। সত্য/মিথ্যা
৪. ইদানিং শাস্তির সংশোধনাত্মক মতবাদের অনেক সমর্থকই অপরাধ প্রবণতাকে এক ধরনের রোগ বলে মনে করেন। সত্য/মিথ্যা
৫. সংশোধনাত্মক শাস্তি সাধারণত খুবই কঠোর হয়ে থাকে। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। গ ২। খ ৩। ক ৪। গ ৫। গ।
সত্য/মিথ্যা : ১। মিথ্যা ২। সত্য ৩। মিথ্যা ৪। সত্য ৫। মিথ্যা।

পাঠ ৭

অপরাধ ও শাস্তি (২য় ভাগ)
Crime and Punishment (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- শাস্তি হিসেবে মৃত্যুদন্ড কতটুকু কাম্য তা বুঝতে পারবেন।
- প্রতিরোধাত্মক ও প্রতিদানমূলক শাস্তি হিসেবে মৃত্যুদন্ডের বিপক্ষে যেসব যুক্তি রয়েছে তা উল্লেখ করতে পারবেন।
- মৃত্যুদন্ড বিষয়ে নিজস্ব মত গঠনে সমর্থ হবেন।
- অপরাধ ও ক্ষমা বিষয়ে সংক্ষিপ্ত একটি পর্যালোচনা পাবেন।

শাস্তির সংশোধনাত্মক মতবাদ প্রাণদন্ড বিরোধী।

এ ইউনিটের পাঠ ৬ এ আমরা লক্ষ্য করেছি যে শাস্তির সংশোধনাত্মক মতবাদ শাস্তি প্রদানের ক্ষেত্রে বেশ উদারপন্থী। তারা অপরাধীর সংশোধনের ওপর জোর দেয়, কিন্তু প্রাণদন্ডের মত শাস্তি এ সুযোগ নষ্ট করে বলে তারা প্রাণদন্ডের ঘোরতর বিরোধী। যদিও আমরা দেখিয়েছি, আধুনিক সংশোধনবাদীরা অনেকাংশে বুদ্ধিবৃত্তিক ব্যক্তি হিসেবে অপরাধীদের মর্যাদাকে ক্ষুণ্ন করেছেন, তবু তাঁদের মতবাদ এখন বিশ্বব্যাপী ব্যাপক সমর্থন লাভ করেছে। প্রাণদন্ডকে মূলত প্রতিরোধাত্মক ও প্রতিদানমূলক শাস্তির মতবাদসমূহ সমর্থন করে বলে ধরা হয়; বিধায় এ সম্পর্কিত আলোচনা প্রাণদন্ড কতটুকু অপরাধ প্রতিরোধ করতে পারে, কিংবা প্রতিদান হিসেবেই বা এ কতটুকু ফলপ্রদ সে ব্যাপারে অধিকাংশ সমালোচক দৃষ্টি দিয়ে থাকেন। আমরা নিম্নে প্রথমে মৃত্যুদন্ডের প্রতিরোধাত্মক মূল্য নিয়ে একজন সমালোচক যেসব প্রসঙ্গের অবতারণা করেছেন তার একটি সার-সংক্ষেপ পেশ করছি।

মৃত্যুদন্ড খুন প্রতিরোধ করে না।

১. মৃত্যুদন্ড যদি খুন প্রতিরোধে সহায়ক হতো তাহলে এর ব্যাপক প্রয়োগ সংশ্লিষ্ট দেশে খুনের সংখ্যা কমিয়ে দিত। কিন্তু বিভিন্ন দেশে পরিচালিত সমীক্ষা একথা বলে না।

মৃত্যুদন্ড রহিত করা হয়েছে এমন দেশে খুনের সংখ্যা হ্রাস পেয়েছে।

২. ইউরোপীয় যেসব দেশে মৃত্যুদন্ড রহিত করা হয়েছে সেসব দেশে খুনের সংখ্যা বাড়ার চেয়ে কমে গেছে। যেসব দেশে সদ্য এই নীতি চালু করা হয়েছে সে সব দেশে খুনের হারে কোন লক্ষ্যযোগ্য তারতম্য দেখা যায়নি।

মৃত্যুদন্ড চালু করায় খুনের সংখ্যা কমেনি

৩. কয়েকটি দেশে মৃত্যুদন্ড রহিত করার পর তা যখন আবার চালু করা হয় তখন দেখা যায় যে খুনের সংখ্যা কমেনি।

৪. এমন দুটো পাশাপাশি রাষ্ট্র যার একটিতে মৃত্যুদন্ড চালু আছে অন্যটিতে নেই তাদের ক্ষেত্রে খুনের হারে খুব একটা হেরফের দেখা যায়নি।

৫. মৃত্যুদন্ডের আইনের মধ্যে তার উদ্দেশ্য পন্ড করে দেয়ার প্রবণতা থাকে, কেননা উক্ত আইনের বিকল্প না থাকলে, খুব কমই মৃত্যুদন্ড দেয়া হয়।

৬. অপরাধীদের মধ্যে যাদেরকে মৃত্যুদন্ড দেয়া হয় তাদের চেয়ে পুলিশের হাতে অপরাধ সংঘটনের কালে বা তার অব্যবহিত পরে যাদের মৃত্যু ঘটে তাদের সংখ্যা তুলনামূলকভাবে বেশি। এটা প্রমাণ করে যে, সম্ভাব্য হত্যাকারী পুলিশের হাতে নিহত হওয়ার ভয়ে যতটা না অপরকে হত্যা করতে বিরত থাকবে, আইনের ভয়ে ততটা থাকবে না।

৭. মৃত্যুদন্ড যদি ব্যাপকভাবে দেয়া হয় তবে এর প্রতি জনসাধারণের ভীতি কমে যায়; অপরপক্ষে যদি কালে-ভদ্রে এর প্রয়োগ ঘটে তার সম্ভাব্য অপরাধীরা একে গুরুত্বের সঙ্গে গ্রহণ করে না।

মৃত্যুদন্ড যতবেশী দেয়া হয় এর ভয় তত হ্রাস পায়।

৮. মৃত্যুদন্ডের একটি প্রতিরোধাত্মক ক্ষমতা আছে। এই ধরনের ধারণার পেছনে মানুষের স্বাধীন ও যৌক্তিক ইচ্ছাশক্তি রয়েছে এমন একটা ধারণা কাজ করে; কিন্তু যে কারণে বেশিরভাগ ক্ষেত্রে মৃত্যুদন্ড দেয়া হয় সেই হত্যাকান্ডগুলোর বেশির ভাগই সংঘটিত হয় মানুষের অনিচ্ছা ও যৌক্তিক-বিবেচনাশূন্য পরিস্থিতিতে।

৯. যারা মৃত্যুকে ভয় পায় না, যেমন যারা শহীদ হতে চায়, কিংবা যাদের মধ্যে মৃত্যু-কামনা গড়ে ওঠে তাদের জন্য মৃত্যুদন্ড কখনো প্রতিরোধাত্মক ভূমিকা পালন করে না।

১০. কিছু কিছু ধরনের সম্ভাব্য অপরাধী আছে যাদেরকে মৃত্যুদন্ড হত্যাকার্যে প্ররোচিত করে। তাদের অনেকে হত্যাকান্ড সংঘটিত করার ব্যাপারে এক ধরনের মনোবিকারগত আকর্ষণ অনুভব করে।

১১. মৃত্যুদন্ডের প্রতিরোধাত্মক ক্ষমতা তার দূরবর্তিতা ও অনিশ্চয়তার ফলে অনেকাংশে খর্ব হয়ে যায়। তাছাড়া মানুষ বেশিরভাগ ক্ষেত্রেই তার নিজের মৃত্যু সম্পর্কে কল্পনা করতে অসমর্থ।

প্রতিদান হিসেবে প্রাণদন্ড

প্রতিদানমূলক শাস্তিতত্ত্বের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হচ্ছে, এ অপরাধের গুরুত্ব অনুযায়ী আনুপাতিক হারে শাস্তি প্রদানের ওপর জোর দেয়। কেউ যদি হত্যা করে এই নীতি স্বাভাবিকভাবেই তাই প্রাণদন্ডের কথা বলে। কান্ট এই বিষয়টাকে এভাবে বর্ণনা করেছেন : মৃত্যু ও বেঁচে থাকার মধ্যে কোন মিল নেই, তা সে বেঁচে থাকা যত দুর্দশাপূর্ণই হোক না কেন; এর ফলে হত্যার অপরাধে অপরাধীকে আইনত বিচার করে মৃত্যুদন্ড দেয়া না হলে অপরাধ এবং তার প্রতিদানের মধ্যে কোন সমতা থাকে না। কিন্তু এই সমতাকেই যদি প্রতিদানমূলক শাস্তির উদ্দেশ্য ধরা হয় তাহলে যে অসুবিধের সৃষ্টি হয় তা হচ্ছে, আমাদেরকে চুরির বদলে চুরি, জালিয়াতির বদলে জালিয়াতি ইত্যাদিকে মেনে নিতে হবে। এছাড়া এই তত্ত্বের যেসব অসুবিধে রয়েছে তাকে নিম্নোক্তভাবে বর্ণনা করা যায় :

হত্যাকারীকে মৃত্যুদন্ড দেয়া না হলে অপরাধ ও প্রতিদানের মধ্যে সমতা থাকে না।

১. দেখা যায় অনেক দেশেই হত্যাকান্ড ছাড়াও অন্যান্য অনেক অপরাধের শাস্তি হচ্ছে প্রাণদন্ড। ধর্ষণ, ধ্বংসাত্মক কাজ, রাষ্ট্রদ্রোহিতা ইত্যাদি অপরাধের ক্ষেত্রে প্রাণদন্ড অনেক দেশেই নিত্যনৈমিত্তিক ঘটনা। এটা প্রতিদানমূলক শাস্তির মূল উদ্দেশ্যই নষ্ট করে দেয়।

২. সব হত্যাকান্ডের জন্য মৃত্যুদন্ড প্রদান করা হয় না বা যায় না। ভুলবশত কিংবা ঘটনাক্রমে যখন কাউকে হত্যা করা হয় তখন প্রায়ই বিদ্যমান আইন ব্যবস্হায় প্রাণদন্ড দেয়া হয় না, অথচ যে কোনভাবেই হত্যা করা হোক না কেন নিহত ব্যক্তির আর পৃথিবীতে ফিরে আসা হয় না।

৩. প্রতিদানমূলক শাস্তিদানের পদ্ধতি সম্পর্কে প্রশ্ন তোলা যায়। সাধারণত প্রাণদন্ড কার্যকর করা হয় ফাঁসি, বৈদ্যুতিক চেয়ার, গ্যাস-চ্যাম্বার বা ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে। এসব স্হানে মানবিক বিবেচনা কাজ করে, কিন্তু অধিকাংশ হত্যাকান্ডে এমন বর্বরোচিত ও পৈশাচিক ব্যাপার থাকে যার ফলে প্রাণদন্ডের ওপরোক্ত সব পদ্ধতিকে প্রতিদানমূলক বললে তার প্রতি উপহাসই করা হয়।

৪. প্রতিদানমূলক শাস্তিদানের পদ্ধতি সম্পর্কে আরেকটি যে প্রশ্ন ওঠে তা অপরাধীর স্বার্থ-সংশ্লিষ্ট। সাধারণত হত্যাকান্ডের জন্য অভিযুক্ত অপরাধীদেরকে বিচারের রায়ের পূর্বে দীর্ঘদিন কারাগারে কাটাতে হয় গভীর উৎকণ্ঠা ও কষ্টের মধ্যে। একবার প্রাণদন্ডের হুকুম হয়ে গেলে তার অবস্হা আরো সঙ্গীন হয়ে ওঠে। তাকে মৃত্যুদিনের জন্য অপেক্ষা করার সাথে সাথে নানা ধরনের আপিল, শুনানী এবং শেষটায় ক্ষমার আবেদন ইত্যাদির মধ্য দিয়ে চরম মানসিক দুর্দশার মধ্যে সময় কাটাতে হয়। যাকে সে হত্যা করেছে তার অন্তত এই ধরনের যন্ত্রণা ভোগ করার দুর্ভাগ্য হয়নি এটা ধরে নেয়া চলে।

দন্ডপ্রাপ্ত আসামীকে মানসিক কষ্ট প্রদান অমানবিক।

উপর্যুক্ত সব যুক্তির আলোকে সংশোধনবাদীরা তো বটেই, আধুনিক সাধারণ শিক্ষিত লোকেরাও শাস্তি হিসেবে প্রাণদন্ড সমর্থন করেন না। কিন্তু প্রশ্ন হচ্ছে হত্যাকান্ডের জন্য প্রাণদন্ড ছাড়া অন্য কি শাস্তি যথোপযুক্ত হতে পারে? হত্যাকারী যত সংশোধিতই হোক, সে যাকে হত্যা করেছে সে কি আর এ পৃথিবীতে ফিরে আসতে পারবে? এমতাবস্হায় হত্যাকারীর ভাগ্য যদি নিহত ব্যক্তির অনুরূপ না হয় তাহলে ন্যায়নীতি লঙ্ঘিত হবে এটা সুনিশ্চিতভাবে বলা যায়।তবে হত্যাকান্ড ছাড়া অন্যান্য যেসব অপরাধের জন্য মৃত্যুদন্ডের ব্যবস্হা রয়েছে সেগুলো সম্পর্কে অবশ্য নতুন করে ভাবনার অবকাশ রয়েছে। তবে সবচাইতে গ্রহণযোগ্য পন্থা বোধ হয় এই যে প্রাণদন্ডের বিষয়টি শুধুমাত্র mgvRZvwZK দার্শনিক ও অপরাধ বিজ্ঞানীদের মধ্যে সীমাবদ্ধ না রেখে কোন নির্দিষ্ট ভূখন্ডের জনমতের ওপরই ছেড়ে দেয়া উচিত। কেননা ঐ দন্ড-সংহিতাই সর্বোত্তম যা কোন জাতির সামগ্রিক অবস্হা ও আদর্শিক চিন্তা-চেতনাকে তুলে ধরে।

সাধারণ শিক্ষিতরাও আজকাল প্রাণদন্ড সমর্থন করেন না।

বিষয়টি জনমতের ওপর ছেড়ে দেয়া উচিত।

অপরাধ ও ক্ষমা

শাস্তি অপরাধীর প্রাপ্য। শাস্তি সম্পর্কিত সকল মতবাদই এটা স্বীকার করে। কিন্তু এতদ্‌সত্ত্বেও অপরাধীকে ক্ষমা করে দেয়ার রীতিও চালু রয়েছে এবং একে অনেক সময় উচ্চ নৈতিক গুণসম্পন্ন কাজ মনে করা হয়। বিশেষত যখন কোন ব্যক্তি তার বিরুদ্ধে কৃত অপরাধের জন্য অপরাধীকে ক্ষমা করে দেয়। অপরাধীর প্রতি রাষ্ট্রের অনুকম্পা প্রদর্শনকে অবশ্য এতটা মর্যাদার সঙ্গে দেখা হয় না; এর কারণ বোধ হয় এই যে রাষ্ট্র যথেষ্ট বিচার-বিবেচনার পর অপরাধীকে ক্ষমা করে। রাষ্ট্র সাধারণত দু'ভাবে অপরাধীর ক্ষমা মঞ্জুর করে- বিচারকের রায়ের মাধ্যমে এবং বিচারকের রায়ে দোষী সাব্যস্ত হওয়ার পর রাষ্ট্রের বিশেষ ক্ষমতা ব্যবহার করে। বিচারক যখন অপরাধীকে ক্ষমা করেন তখন অপরাধের সামগ্রিক পরিবেশ পরিস্হিতি তাঁর বিবেচনায় থাকে। অপরাধীর মনস্তাত্ত্বিক অবস্হাও তিনি বিচার করেন; কিন্তু স্বয়ং রাষ্ট্র যখন অপরাধীর অপরাধ

ক্ষমা করে দেয়াকে উচ্চতর নৈতিক গুণ বলে মনে করা হয়।

সমাজ ও রাষ্ট্রের বৃহত্তর স্বার্থে রাষ্ট্র অপরাধীকে ক্ষমা করে থাকে।

ক্ষমা করে দেয় তখন বিবেচনা একটু ভিন্ন প্রকৃতির হয়। এসব ক্ষেত্রে সাধারণত সমাজ ও রাষ্ট্রের বৃহত্তর স্বার্থের কথা বিবেচনা করে অপরাধীকে ক্ষমা করা হয়। গৃহযুদ্ধ, বড় রকমের বিদ্রোহ ইত্যাদির ফলে যেসব অপরাধ সংঘটিত হয় তা ক্ষমা না করলে রাষ্ট্রীয় ঐক্য, সংহতি ইত্যাদি জোরদার হয় না। বিভিন্ন রাষ্ট্রীয় উৎসবাদি উপলক্ষেও ব্যক্তি-অপরাধীকে ক্ষমা করে দেয়ার রেওয়াজ রয়েছে। এসব ক্ষেত্রে ন্যায়ের স্বার্থে অপরাধীর অপরাধের ফলে ¶ZM¯ ফরিয়াদির ক্ষতিপূরণ করা ক্ষমাকারী বিচারক কিংবা রাষ্ট্রের বিবেচনায় থাকা উচিত।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। প্রতিরোধাত্মক ও প্রতিদানমূলক শাস্তি হিসেবে মৃত্যুদন্ডের বিরুদ্ধে যেসব অভিযোগ আছে, তা পর্যালোচনা করুন।

২। শাস্তি হিসেবে মৃত্যুদন্ড কতটা কাম্য? আপনার মতামত দিন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। শাস্তি হিসেবে মৃত্যুদন্ডকে সমর্থন করা হয়
K. কেবল প্রতিরোধাত্মক মতবাদে।
L. কেবল প্রতিদানমূলক মতবাদে।
M. এদের উভয়টিতেই।

২। প্রাণদন্ডের বিষয়টির ক্ষেত্রে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা
K. শুধুমাত্র রাষ্ট্রের হাতে ছেড়ে দেয়া উচিত।
L. ভূ-খন্ডের জনমতের ওপর ছেড়ে দেয়া উচিত।
M. দার্শনিকদের হাতে ছেড়ে দেয়া উচিত।

৩। অপরাধীকে ক্ষমা করে দেয়ার রীতি সমাজে
K. উচ্চ নৈতিক গুণসম্পন্ন কাজ হিসেবে বিবেচিত হয়।
L. এক ধরনের অপরাধ হিসেবে বিবেচিত হয়।
M. কাপুরুষতা হিসেবে বিবেচিত হয়।

সত্য/মিথ্যা

১. শাস্তির সংশোধনাত্মক মতবাদের সমর্থকরা মৃত্যুদন্ডের সমর্থক।সত্য/মিথ্যা

২. প্রতিদানমূলক শাস্তিততত্ত্বে অপরাধের গুরুত্ব অনুযায়ী আনুপাতিক হারে শাস্তি প্রদানের ওপর গুরুত্ব দেয়া হয়। সত্য/মিথ্যা

৩. হত্যা ছাড়াও আরও অনেক অপরাধ আছে, যাদের জন্য শাস্তি হিসেবে মৃত্যুদন্ডের বিধান অনেক দেশে প্রচলিত আছে। সত্য/মিথ্যা

৪. রাষ্ট্র কর্তৃক অপরাধীকে ক্ষমা করে দেয়ার ব্যাপারটিকে খুব মর্যাদার সঙ্গে দেখা হয়। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। গ ২। খ ৩। ক।
সত্য/মিথ্যা : ১। মিথ্যা ২। সত্য ৩। সত্য ৪। মিথ্যা।

পাঠ 8

যুদ্ধ ও শান্তি (১ম ভাগ)
War and Peace (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- যুদ্ধের নৈতিক বৈধতার বিপক্ষের যুক্তি ও তার সমালোচনা উল্লেখ করতে পারবেন।
- যুদ্ধের নৈতিক বৈধতার পক্ষের কয়েকটি যুক্তি ও সমালোচনা উল্লেখ করতে পারবেন।
- অন্যায় প্রতিরোধে ও আত্মরক্ষার্থে যুদ্ধের সমর্থনে যেসব বক্তব্য রয়েছে তা উল্লেখ করতে পারবেন।

মানুষ মূলত শান্তিপ্রিয়

অধিকাংশ মানুষ মূলত শান্তিপ্রিয়। তারা চিরকালই প্রেম-প্রীতির মাঝে সংসারে শান্তিতে থাকতে চেয়েছে। কিন্তু পৃথিবীর সর্বত্রই ইতিহাসের বিভিন্ন পর্যায়ে প্রচুর যুদ্ধ হয়েছে, আর এর ফলস্বরূপ বহু মানুষের সোনার সংসার পুড়ে ছাই হয়েছে। যুদ্ধকে তাই সাধারণত কেউ সুনজরে দেখেন না। এর নৈতিক বৈধতা নিয়েও তাই প্রশ্নের অন্ত নেই।

যুদ্ধের নৈতিক বৈধতার বিপক্ষে যুক্তি ও তার সমালোচনা

যুদ্ধের নৈতিক বৈধতার ব্যাপারে আমাদের ব্যক্তিগত শুভাশুভের ধারণার আলোকে যুক্তি উপস্থাপনের রীতিটি সুপরিচিত।

যুদ্ধের নৈতিক বৈধতা নিয়ে প্রশ্ন তোলার ব্যাপারে সবচেয়ে সহজ পদ্ধতিটি যা অনুসরণ করা হয় তা আমাদের ব্যক্তিগত শুভাশুভের ধারণার ওপরই নির্ভরশীল, যদিও যুদ্ধ খুব কমই শুধু ব্যক্তিতে ব্যক্তিতে সংঘটিত হয়। আলেকজান্ডার ও এক দস্যুর কথোপকথনের মাঝে এর প্রমাণ মিলে। আলেকজান্ডার তখন ভারতে। ঘটনাক্রমে তাঁর সৈন্যদের হাতে একজন দস্যু ধৃত হয় এবং তার বিচারের জন্য তাকে আলেকজান্ডারের সামনে নিয়ে যাওয়া হয়। আলেকজান্ডার দস্যুকে জিজ্ঞেস করলেন, কেন সে অপরের সম্পত্তি লুট করে এবং খুনজখম করে? দস্যুটির উত্তর ছিল আলেকজান্ডার যদি অপরের রাজ্য দখল করে এবং তা করতে অগণিত লোকজন হত্যা করে কোন অপরাধ না করে থাকেন তবে সে পরের সম্পত্তি লুট করে এবং ছোট আকারের হত্যাকান্ড চালিয়ে কোন অপরাধ করে না। দস্যুর এ উত্তরের মাঝে একটা ব্যঙ্গ আছে, আর সেজন্যই এটা পরিষ্কার যে নিজের কাজকে সে যেমন নৈতিক মনে করে না, তেমনি যুদ্ধকেও সে নৈতিক মনে করে না।

ব্যক্তিগত নৈতিকতার নিরিখে যুদ্ধের নৈতিক বৈধতা নিয়ে আরো একদল লোক প্রশ্ন তুলেছিলেন প্রথম ও দ্বিতীয় বিশ্ব যুদ্ধের কালে। তাদেরকে বলা হয় বিবেকের তাড়নায় যুদ্ধবিরোধী (conscientious objector to war)। পরবর্তীতে ভিয়েতনাম যুদ্ধের সময় অনেকে একই তাড়নায় যুদ্ধ-বিরোধিতায় নেমেছিলেন।

মানুষের যুদ্ধ-চিন্তায় উপর্যুক্ত সব ব্যক্তিগত নৈতিকতা প্রয়োগের বিরুদ্ধে সবচাইতে কার্যকর যুক্তি যা উপস্হাপন করা হয় তা হচ্ছে, যুদ্ধ অধিকাংশ ক্ষেত্রেই কোন ব্যক্তিগত ব্যাপার নয়, আর তাই ব্যক্তির নৈতিকবোধ কিংবা তার বিবেকের নিরিখে একে বিচার করা চলে না। এই মত অনুসারে অনাকাঙ্ক্ষিত হলেও যুদ্ধ এক বাস্তব সত্য এবং যখন যুদ্ধ লেগে যায় তখন এসব নিয়ম-কানুনের

সি.ডি. ব্রড মনে করেন, বিবেকের কথা বলে যুদ্ধকে যাঁরা এড়িয়ে চলতে চান তাঁরা মূলত নিজের সাথে প্রতারণা করেন।

বিবেকের তাড়নায় যারা যুদ্ধের বিরোধিতা করেন তাঁরা মূলত ধ্বংস ও হত্যার বিরুদ্ধেই অবস্থান গ্রহণ করেন।

ঊর্ধ্বে স্থান পায়। এ অবস্থায় কোন নৈতিক বিবেচনাই এখানে সম্ভব নয়। যারা বিশেষ করে বিবেকের দাবিতে যুদ্ধ-বিরোধিতা করেন তাদের বিরুদ্ধেও যুক্তির অভাব নেই। সি. ডি. ব্রড তাঁর এক বিখ্যাত নিবন্ধে এ ব্যাপারে আলোকপাত করেছেন। তাঁর বক্তব্যের সারকথা হচ্ছে :যারা বিবেকের কথা বলে যুদ্ধে যোগদানে অনীহা প্রকাশ করে তারা মূলত নিজেদের সঙ্গে প্রতারণা করে। কেননা যুদ্ধে না যাওয়ার ব্যাপারে তাদের মধ্যে যেসব প্রেষণা কাজ করে সেগুলোর মধ্যে মৃত্যু-চিন্তা কিংবা আহত হওয়ার ভয় ইত্যাদিও থাকে। এসব প্রেষণার উপস্থিতি অন্যান্য শুভ প্রেষণার কার্যকারিতা হ্রাস করে তাদের যুদ্ধ-বিরোধিতাকে পুরোপুরি বিবেকের ব্যাপার হিসেবে গণ্য হতে দেয় না, আর এর ফলে শান্তির অন্বেষা যে পুরোপুরি বিবেক তথা নৈতিকতা তাড়িত তা বলা যায় না।

উপর্যুক্ত দুটো যুক্তির বিরুদ্ধেই পাল্টা যুক্তি দেয়া যায়। প্রথমত যুদ্ধ ব্যক্তিগত ব্যাপার না হলেও ব্যক্তির জীবনে এর প্রভাব অনস্বীকার্য, আর তাই একে শুধুমাত্র সামষ্টিক দৃষ্টিকোণ থেকে দেখা উচিত নয়। দ্বিতীয়ত বিবেকের তাড়নায় যুদ্ধ বিরোধিদের আন্দোলন সম্পর্কে যা বলা হয়েছে তাও গ্রহণ করা যায় না। এ আন্দোলন মূলত এক ধ্বংস ও হত্যাবিরোধী আন্দোলন। অন্তত অপরকে হত্যা ও তার সুখস্বাচ্ছন্দ বিনষ্ট না করার ভাবনাকে প্রতিটি যুদ্ধবিরোধিরই অন্যতম প্রেষণা হিসেবে আমরা গ্রহণ করতে পারি, যদিও এর ভিত্তি নিহিত তার আত্ম-স্বার্থের ভাবনার মধ্যেই। আমরা একজন যুদ্ধ-বিরোধী তথা শান্তিবাদীর ভাবনাকে এভাবে প্রকাশ করতে পারি: "আমরা হত্যা করব না এবং অপরের সুখ স্বচ্ছন্দে বিঘ্ন ঘটাবো না, কেননা আমরা নিজেরা নিহত হতে চাই না এবং নিজেদের সুখে কেউ বিঘ্ন ঘটাক তা চাই না।"

এই ভাবনা কান্টের সেই বিখ্যাত নৈতিক নীতির প্রতিফলন যাকে আর. এম. হেয়ারও নৈতিকতার অন্যতম বৈশিষ্ট্য হিসেবে গ্রহণ করেছেন। আমরা দেখেছি এর নাম তিনি দিয়েছেন বিশ্বজনীনকরণ-যোগ্যতা নীতি।

যুদ্ধের নৈতিক বৈধতার পক্ষে কয়েকটি যুক্তি

যুদ্ধের জন্য সাহসিকতা গুণটি জরুরী। প্লেটোর আদর্শ রাষ্ট্রে এর গুণকীর্তন করা হয়েছে।

যুদ্ধকে নৈতিক বৈধতা দেয়ার ব্যাপারে আলেকজান্ডারের গুরু অ্যারিস্টটল এবং তাঁরও গুরু প্লেটোর অভিমত এ প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে। যুদ্ধের জন্য জরুরী মানুষের সেই গুণটি যাকে আমরা সাহসিকতা বলি, একটি নৈতিক গুণ হিসেবে স্বীকৃতি পেয়েছিল তাঁদের মাধ্যমেই। প্লেটোর আদর্শ রাষ্ট্রে যোদ্ধাশ্রেণীর বিশেষ ভূমিকা রয়েছে। বিপরীতে শান্তির অভিলাসকে চিরকালই মানুষ ভীরুতা, কাপুরুষতা ইত্যাদি নেতিবাচক গুণের সঙ্গে সম্পৃক্ত করে দেখেছে (যেমন সি.ডি.ব্রডের বক্তব্যে এটা অত্যন্ত স্পষ্ট)।

যুদ্ধকে একটি খেলা হিসেবে দেখার প্রবণতাও এর নৈতিক বৈধতা প্রমাণের জন্য ব্যবহৃত হতে পারে। প্রাচীনকালে এই ধারণা খুবই ব্যাপক ছিল যে সাধারণ মানুষের চিত্তবিনোদনের জন্য যেমন বিভিন্ন প্রতিযোগিতামূলক ক্রীড়ানুষ্ঠানের ব্যবস্থা থাকে, তেমনি যারা অসাধারণ, যারা বীর তাদের প্রতিযোগিতার জন্য থাকে সমরাঙ্গন। এই প্রতিযোগিতার নেশায়ই আগের দিনের রাজা-বাদশাহরা দিগ্বিজয়ে বের হতেন; যেমন আলেকজান্ডার বের হয়েছিলেন। যেহেতু এই প্রতিযোগিতার সঙ্গে সংশ্লিষ্ট সকলেই প্রতিযোগিতার নিয়মে (বীরভোগ্যা বসুন্ধরা) নিজেদের ভাগ্যকে বরণ করতে

প্রস্তুত থাকতেন, সেহেতু ব্যাপক ধ্বংসযজ্ঞ ও হত্যাকান্ড সত্ত্বেও তারা অনৈতিক কোন কিছু করতেন তা বলা চলে না।

যুদ্ধের নৈতিক বৈধতার পক্ষে উপরে যা বলা হলো, যুক্তি হিসেবে তা খুব শক্তিশালী নয়, কেননা অনেকেই এখন সাহসিকতাকে নৈতিক গুণ হিসেবে স্বীকার করতে নারাজ (ফিলিপ্পা ফুটের বক্তব্য স্মর্তব্য)। আর যুদ্ধ শুধু যুদ্ধবাজদের ব্যাপার হলেও এটা অস্বীকার করার উপায় নেই যে, যুদ্ধে-অনিচ্ছুক অনেক ব্যক্তির ধনপ্রাণও যুদ্ধের বলি হয়। বাংলা প্রবাদ, "রাজায় রাজায় যুদ্ধ হয়, DjLvMovi প্রাণ যায়" এই সত্যেরই প্রতিধ্বনি। যুদ্ধের নৈতিক বৈধতার পক্ষে নিম্নোক্ত যুক্তি দুটি অবশ্য খুবই শক্তিশালী :

যুদ্ধ একটি খেলাও বটে। চিত্ত বিনোদনের জন্য যেমন ক্রীড়া প্রতিযোগিতা তেমনি সমরাঙ্গন হল বীরদের প্রতিযোগিতার স্থান।

(1) Ab¨vq cwZ‡iv‡a h× : h× GKwU µxov GB gZ hZB cPvi Kiv †nvK bv †Kb, A‡bK mgq mgi-bvqK‡`i Lvg‡Lqvwj‡Z wbZvš Z"Q I cwinvi‡hvM¨ Kvi‡YI h× ev‡a| Ggb NU‡j Zvi wei"‡× i"‡L `vov‡bvUv GKUv ˆbwZK `vwqZ n‡q c‡o| kvmK‡`i AZ¨vPvi-AwePvi e‡Üi Rb¨I A‡bK mgq h‡×i c‡qvRb nq| BwZnv‡m GB ai‡bi h‡×i ARm D`vniY i‡q‡Q| †hgb : evsjv‡`‡ki gw³h×| cwK¯vb ivóe¨e¯v ïi" †_‡KB ce evsjvi cwZ Pig A_‰bZK, ivR‰bwZK, mvgvwRK I mvs¯‹wZK ˆelg¨ cPjb K‡i| ce evsjvi RbM‡Yi cwZ cwK¯vb‡`i Ab¨vq I AwePv‡ii wei"‡× Av‡›`vjb-msMvg †kl chv‡q mk¯ gw³h‡× i‡c †bq| cwK¯vb mvgvwiK evwnbx 25 gvP iv‡Z AZwKZ evOvwj‡`i Ici nvgjv Pvjvq| ceevsjvi RbMY AvZ¥i¶vi R‡b¨ b¨vqh× ïi" K‡i, hv gw³h× wn‡m‡e weke¨vcx ¯xKwZ jvf K‡i| wPšvkxj e¨w³MY GB ai‡bi h×‡K Drmvwn Z K‡i‡Qb| Gme h‡×i ˆbwZK ˆeaZv wb‡q Le KgB ck I‡V| ZvB we‡ki wewfb †`‡k Ab¨vq cwZ‡iv‡a b¨vqh×‡K ˆbwZK fv‡e mg_b Kiv n‡q _v‡K|

h‡×i ˆbwZK ˆeaZvi c‡¶i hw³ ZZUv †Rvivi‡jv bq| †Kbbv h× h‡× Awb"QK †jv‡Ki Rxe‡b mebvk †W‡K Av‡b|

Ab¨vq cwZ‡iv‡ai Rb¨ h× KLbI KLbI Awbevh n‡q c‡o|

(2) AvZ¥i¶vi‡_ h× : A‡b¨i AvµgY †_‡K wbR Rxeb i¶v Kivi AwaKvi c‡Z¨K gvb‡li GK †gŠwjK AwaKvi| e¨w³i gZ GKwU RwZi †¶‡Îl GK_v mZ¨| †h †Kvb Kvi‡YB †nvK GK RwZ hLb Ab¨ RwZ‡K AvµgY K‡i ZLb h× cwinvi Ki‡j †mB RwZi A¯Z wecb n‡q c‡o, †mB RwZi fv‡M¨ †b‡g Av‡m A‡kl `tL-``kv| m½Z Kvi‡YB Avµvš RwZ‡K AvµgY †VKv‡Z h‡× bvg‡Z nq| GUv Ab¨vq wKQ bq| D`vniY wn‡m‡e wf‡qZbvg h‡×i K_v ejv hvq| wf‡qZbvgevmx‡K Zv‡`i A¯Z i¶vi R‡b¨ `xN 30 eQi h× Pwj‡q †h‡Z n‡qwQj| wdwj¯wb RbMYI Zv‡`i ¯vaxbZvi R‡b¨ BmivB‡ji wei"‡× cÂvk eQi a‡i h× K‡i P‡j‡Q|

AvZ¥i¶v‡_ h‡× A‡bK mgq Acwinvh n‡q c‡o|

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। যুদ্ধের নৈতিক বৈধতার পক্ষের যুক্তিসমূহের সমালোচনামূলক ব্যাখ্যা দিন।
২। যুদ্ধের নৈতিক বৈধতার বিপক্ষের যুক্তিসমূহের সমালোচনামূলক ব্যাখ্যা দিন।
৩। আপনি কি মনে করেন যে অন্যায় প্রতিরোধ ও আত্মরক্ষার্থে যুদ্ধ করা মানুষের নৈতিক দায়িত্ব? আপনার বক্তব্য যুক্তি দিয়ে প্রতিষ্ঠিত করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। যুদ্ধের ক্ষেত্রে সাধারণ মানুষের মনোভাব
ক. তারা যুদ্ধ পছন্দ করে। খ. তারা সাধারণত যুদ্ধ পছন্দ করে না।
গ. যুদ্ধ ছাড়া মানুষ বাঁচতে পারে না।
২। ব্যক্তি যুদ্ধে সামিল হবার নৈতিক দায়িত্ব অনুভব করবেন
ক. রাজ্য বিস্তারের ক্ষেত্রে। খ. শত্রু নিধনে।
গ. অন্যায় প্রতিরোধে।
৩। শান্তির জন্য যুদ্ধের ভূমিকা হলো ।
ক. শান্তি প্রতিষ্ঠার জন্য মাঝে মাঝে যুদ্ধ অপরিহার্য হয়ে পড়ে।
খ. শান্তি ও যুদ্ধ সবসময় বিপরীত সম্পর্কে যুক্ত।
গ. যুদ্ধ ছাড়া শান্তি অসম্ভব।
৪। বিবেকের তাড়নায় যারা যুদ্ধের বিরোধিতা করেন তাদের অবস্থান মূলত কিসের বিরুদ্ধে
ক. ধ্বংস ও হত্যার। খ. পারিবারিক সুসম্পর্কের।
গ. শান্তি ও জাতিসত্তার।
৫। যখন ব্যক্তিগত নিরাপত্তা কিংবা জাতিসত্তা হুমকির সম্মুখীন হয় তখন ব্যক্তির
ক. যুদ্ধ করা উচিত। খ. পালিয়ে যাওয়া উচিত।
গ. চুপচাপ অত্যাচার সহ্য করা উচিত।

সত্য/মিথ্যা

১. অধিকাংশ মানুষ যুদ্ধপ্রিয়। সত্য/মিথ্যা
২. যুদ্ধ ব্যক্তির জীবনে দুঃখ-দুর্দশা বয়ে আনে। সত্য/মিথ্যা
৩. অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ করা হঠকারিতামাত্র। সত্য/মিথ্যা
৪. যুদ্ধ বীরের জন্য ক্রীড়া প্রতিযোগিতাতুল্য। সত্য/মিথ্যা
৫. যুদ্ধে লিপ্ত মানুষ বেশিরভাগ ক্ষেত্রেই সীমা লঙ্ঘন করে। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। গ ৩। ক ৪। ক ৫। ক।
সত্য/মিথ্যা: ১। মিথ্যা ২। সত্য ৩। মিথ্যা ৪। সত্য ৫। সত্য।

cW 9

যুদ্ধ ও শান্তি (২য় ভাগ)
War and Peace (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- সনাতন ও আধুনিক যুদ্ধের পার্থক্য উল্লেখ করতে পারবেন।
- যুদ্ধের নবরূপের প্রেক্ষিতে নব-নৈতিকতার উন্মেষ ব্যাখ্যা করতে পারবেন।
- শান্তি প্রতিষ্ঠায় দার্শনিকের মতামত বর্ণনা করতে পারবেন।

যুদ্ধ ও শান্তি সম্পর্কিত আমাদের পাঠ ৮ এর আলোচনা মূলত প্রচলিত যুদ্ধের ক্ষেত্রেই সীমাবদ্ধ রাখা হয়েছে। কিন্তু এখন দিন বদলে গেছে এবং যুদ্ধের ক্ষেত্রেও আমূল সব পরিবর্তন সাধিত হয়েছে। নতুন পরিস্থিতিতে যুদ্ধ ও শান্তির ব্যাপারটিও নতুন মাত্রা পেয়েছে। তবে এ ব্যাপারে আলোচনার আগে সনাতন ও আধুনিক যুদ্ধের পার্থক্য সম্পর্কে প্রথমেই আমাদের কিছু ধারণা থাকা দরকার।

সনাতন ও আধুনিক যুদ্ধের মধ্যে যথেষ্ট তফাৎ পরিলক্ষিত হচ্ছে।

সনাতন ও আধুনিক যুদ্ধের পার্থক্য

১. সনাতন যুদ্ধ ছিল মূলত দ্বিপাক্ষিক। এখানে এক পক্ষ আক্রমণ করতো ও অন্য পক্ষ আক্রমণ প্রতিহত করতো, কিংবা দু'পক্ষই আক্রমণকারীর ভূমিকা পালন করতে পারতো। কিন্তু এ আক্রমণ কদাচিৎ দু'দলের বাইরে ছড়িয়ে পড়তো। ঐতিহাসিকরা বলেন, পলাশীর প্রান্তরে যখন সিরাজউদ্‌দৌলা ও ক্লাইভের মধ্যে যুদ্ধ চলছিল তখন নিকটবর্তী মাঠে কৃষকরা নিশ্চিন্তে জমিতে কাজ করছিলেন। তাদের মনে কোন পক্ষ থেকেই আক্রান্ত হওয়ার আশঙ্কা কিংবা কোন পক্ষ অবলম্বন করার কোন স্পৃহা ছিল না। ব্যাপারটাকে তারা শুধু ক্ষমতা দখলের জন্য দুপক্ষের লড়াই হিসেবেই নিতে পেরেছিলেন। কিন্তু আধুনিককালে তা সম্ভব নয়। আধুনিককালে ক্ষমতার সঙ্গে একটি রাষ্ট্রের প্রায় সকল মানুষই জড়িত থাকে, ফলে যুদ্ধ তাদের সকলকে কমবেশি প্রভাবিত করে। সত্যি বলতে কি কলকারখানার শ্রমিক, ক্ষেত খামারে কর্মরত কৃষকের শ্রমও এখন যুদ্ধে জয় লাভের ব্যাপারে বড় ভূমিকা পালন করে।

সনাতন যুদ্ধ ছিল মূলত দ্বিপাক্ষিক।

আধুনিক যুদ্ধে প্রত্যক্ষ অংশগ্রহণকারী দু'দল যোদ্ধা ছাড়াও বিপুল সংখ্যক বেসামরিক লোক যুদ্ধের সঙ্গে জড়িত ও ক্ষয়ক্ষতির শিকার হয়।

২. সনাতন যুদ্ধে যারা যুদ্ধে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করতো তারাই কেবল লাভবান বা ক্ষতিগ্রস্থ হতো। কিন্তু এখন যিনি যুদ্ধ সমর্থন করেন না, যুদ্ধের ক্ষতি থেকে তাঁরও রেহাই পাওয়ার উপায় নেই। দ্বিতীয় বিশ্বযুদ্ধের কালে যত না যুদ্ধরত লোক নিহত হয়েছে, তার চেয়ে বেশি হয়েছে সাধারণ লোক। ব্যাপক ও নির্বিচার বোমা বর্ষণই এই জন্য দায়ী।

৩. আগে ক্ষমতার সঙ্গে রাজনৈতিক আদর্শের যোগাযোগ খুব কমক্ষেত্রেই পরিলক্ষিত হতো। ব্যক্তিগত ক্ষমতালিপ্সাই অধিকাংশ যুদ্ধের মূলে কাজ করতো, কিন্তু বর্তমানে যে কোন স্থানীয় যুদ্ধও শেষটায় রাজনৈতিক আদর্শিক চেতনায় উদ্বুদ্ধ হয়ে পড়ে; ফলে যুদ্ধের বিস্তৃতি ঘটে খুব তাড়াতাড়ি এবং এর ফলে যুদ্ধক্ষেত্র থেকে দূরের লোকেরাও যুদ্ধের উত্তাপ অনুভব করে।

সনাতন যুদ্ধে ক্ষমতা বিস্তারই ছিল মূল কারণ। বর্তমানে এর সঙ্গে যোগ হয়েছে রাজনৈতিক আদর্শ।

ভিয়েতনাম যুদ্ধ এর প্রকৃষ্ট উদাহরণ। এই ক্ষুদ্র দেশটি সাম্যবাদীদের অধিকারে থাকবে না পুঁজিবাদীদের অধিকারে থাকবে শুধুমাত্র এই প্রতিযোগিতার কারণেই মার্কিন যুক্তরাষ্ট্রের হাজার হাজার তরুণকে প্রাণ দিতে হয়েছে ভিয়েতনামের জঙ্গলে এবং লাখ লাখ ভিয়েতনামীকে নাপাম বোমার শিকার হয়ে মৃত্যুবরণ করতে হয়েছে।

আধুনিক যুদ্ধে পারমাণবিক অস্ত্র ব্যবহারের আশংকা যুদ্ধের ভয়াবহতা অনেকগুণ বৃদ্ধি করেছে। শুধু মানুষ নয়, জীবজগৎ এবং প্রাকৃতিক পরিবেশের ওপরও বর্তমান যুদ্ধ মারাত্মক প্রভাব ফেলে।

৪. সনাতন যুদ্ধের সঙ্গে আধুনিক যুদ্ধের সবচেয়ে বড় পার্থক্য সূচিত হয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষদিকে আমেরিকা যুক্তরাষ্ট্র কর্তৃক জাপানের হিরোসিমা ও নাগাশাকি শহরের ওপর পারমাণবিক বোমা নিক্ষেপের মধ্য দিয়ে। এরপর যদিও আর কোথাও এই বোমার প্রয়োগ হয়নি, পৃথিবীর বহুদেশ, এমনকি পাকিস্তান-ভারতের মত গরীব দেশও এই বোমার অধিকারী হয়েছে। এই বোমাগুলো এমনি শক্তিশালী যে সভ্যতার উন্মেষকাল থেকে আজ পর্যন্ত মানব জাতি আর কখনো এত বড় অস্তিত্বের সংকটে পড়েনি। কোন কারণে এখন যদি যুদ্ধ বাঁধে এবং পৃথিবীর সব দেশগুলো এতে জড়িয়ে পড়ে তাহলে পৃথিবীতে কোন মানুষ বেঁচে থাকবে এমন আশা দুরাশামাত্র। শুধু মানুষ নয়, যুদ্ধ এখন মানুষ ছাড়িয়ে নির্দোষ জীব-জগৎ, পরিবেশ-প্রকৃতি সকল কিছুর ওপর এক বিরাট হুমকি হয়ে দাঁড়িয়েছে।

যুদ্ধের নবরূপ ও নব্য-নৈতিকতা

যুদ্ধের ভয়াবহতার কারণে কোন প্রকার যুদ্ধই এখন আর বিবেকবান মানুষের সমর্থন পায় না।

সনাতন যুদ্ধের সঙ্গে আধুনিক যুদ্ধের উপর্যুক্ত পার্থক্যের কারণে যুদ্ধ সম্পর্কিত নৈতিক দৃষ্টিকোণ আজ আমূলভাবে পরিবর্তিত হওয়ার পথে। আত্মরক্ষামূলকই হোক, কিংবা হোক কোন অন্যায়ের প্রতিবাদসূচক, কোন যুদ্ধই এখন আর বিবেকবান মানুষের মাঝে তেমন সমর্থন পায় না। শান্তিই আজ সকলের কাম্য। ধর্মীয় দৃষ্টিকোণ থেকেও শান্তির অন্বেষা একটি কর্তব্য। যেমন আল-কুরআনের নিম্নোক্ত নির্দেশটি কোন মুসলমানের পক্ষেই অমান্য করা সম্ভব নয়:

"যদি তারা শান্তির অভিপ্রায় প্রকাশ করে তোমাকেও অবশ্যই তা করতে হবে এবং আল্লাহর ওপর আস্থা স্থাপন করতে হবে।"(৮:৬১)

ইসলামের মত প্রধান প্রধান ধর্মগুলোও যুদ্ধ নয় বরং শান্তির ওপরই জোর দিয়েছে।

শান্তির এই মাহাত্ম শুধু ইসলামই ঘোষণা করেনি, অন্যান্য ধর্মেও এর জোর তাগিদ রয়েছে। খ্রিস্টধর্মে প্রেমের ওপর যে জোর দেয়া হয়েছে তা আমরা এ প্রেক্ষিতে স্মরণ করতে পারি; স্মরণ করতে পারি বৌদ্ধ ধর্মের অহিংসার মতবাদে এবং আধুনিক gvbeZvev`x চিন্তাবিদ মহাত্মা গান্ধীর এর প্রতি নিঃশর্ত সমর্থনে। যাঁরা নৈতিকতাকে ধর্মের প্রভাবমুক্ত দেখতে চান তাঁদেরও নিরাশ হওয়ার কারণ নেই। রাসেল, সার্ত্রে প্রমুখ নিরীশ্বরবাদী দার্শনিকরাও যুদ্ধের বিপরীতে শান্তির পক্ষে কথা বলেছেন এবং কাজ করেছেন। এঁদের চেষ্টার ফলে অন্যান্য নৈতিক কিছু ধারণার মত শান্তিও আজ স্বগতঃমূল্যে মূল্যবান বলে সর্বত্র বিবেচিত হচ্ছে। আমাদের এ নব্য-নৈতিকতাকে মেনে নিতে হবে। কিন্তু প্রশ্ন হচ্ছে, শান্তি শুধু একটি ধারণামাত্র নয়, এর বাস্তব রূপায়ণ চাই; এর উপায় কী? অন্যকথায় যুদ্ধ নিরোধের উপায় কী? এ ব্যাপারে আমরা দুজন আধুনিক দার্শনিকের ভাবনা নিয়ে চিন্তা করতে পারি। এদের একজন হলেন বার্ট্র্যান্ড রাসেল এবং অপরজন আর. এম. হেয়ার।

রাসেল ছিলেন বিশ্ব শান্তির পক্ষে সোচ্চার। বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য তিনি বিশ্ব-সরকার প্রতিষ্ঠার রূপরেখা প্রণয়ন করেন।

বার্ট্র্যান্ড রাসেল ও তাঁর বিশ্ব-সরকার

সম্ভবত বিংশ শতাব্দীতে শান্তি তথা বিশ্ব-শান্তি সম্পর্কে বার্ট্র্যান্ড রাসেলের মত আর কোন দার্শনিক এত বেশি ভাবেননি। তিনি ছিলেন শান্তি আন্দোলনের একজন সক্রিয় নেতাও। যুদ্ধের সম্ভাবনা দূর করে পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে তাঁর বেশ কয়েকটি পুস্তকে তিনি

আলোচনা করেছেন। এগুলো হচ্ছে: Principles of Social Reconstruction (1916), Education and Social Order (1932), New Hopes for a Changing World (1951),Has Man a Future? ইত্যাদি। এসব পুস্তকে শান্তি প্রতিষ্ঠার লক্ষে যেসব প্রস্তাব রয়েছে তার মাঝে একটি বিশ্ব-সরকার প্রতিষ্ঠার প্রস্তাব খুবই বিখ্যাত। অবশ্য তিনিই এ ব্যাপারে প্রথম প্রস্তাবক নন। তাঁর আগে জার্মান দার্শনিক কান্টসহ আরো কজন দার্শনিক এ ধরনের ধারণা নিয়ে আলোচনা করেছিলেন। তবে রাসেল বিংশ শতাব্দীর নাজুক পরিস্থিতিতে এর রূপরেখা সম্পর্কে যা বলেছেন তা বেশ বিস্তৃত। তাঁর প্রস্তাবে তিনি এই সরকারের হাতে সশস্ত্র বাহিনী রাখার একচ্ছত্র ক্ষমতা দেন। এই ক্ষমতা শেষে বিপজ্জনক হয়ে ওঠে এই চিন্তায় তিনি বিভিন্ন অঞ্চলকে স্বায়ত্তশাসন প্রদানের প্রস্তাব করেন। রাসেল ভাবেননি যে সহজে এই সরকার গঠন করা যাবে। এজন্য তিনি শক্তি প্রয়োগেরও পক্ষপাতী ছিলেন। বৃদ্ধ বয়সে রাসেল ভিয়েতনাম যুদ্ধের বিরোধিতা করতে গিয়ে কারাবরণও করেছিলেন।

শান্তির পক্ষে আর. এম. হেয়ারের মতবাদ

আর. এম. হেয়ার রাসেলের মত শান্তির ব্যাপারে সক্রিয় কোন ভূমিকা নেননি। তাই তাঁর কোন পুঙ্খানুপুঙ্খ কর্ম-পরিকল্পনা নেই। তবে তাঁর মতবাদে বাস্তবতার স্পর্শ রয়েছে। তিনি মানুষের দুটো শক্তির ওপর জোর দেন যা তাঁর মতে যাবতীয় যুদ্ধের মূল কারণ। তাঁর ভাষায়, "এই দুটো শক্তি হচ্ছে দুটো ধারণা। মানুষ এসব ধারণার বশবর্তী যদি না হতো, তাহলে তারা সামরিক বা কূটনৈতিক পরিস্থিতি যাই হোক না কেন, যুদ্ধ শুরু করতো না ... আমি এ দুটো ধারণাকে বলব জাতীয়তাবাদ ও গোঁড়ামি।"

হেয়ার জাতীয়তাবাদ ও গোঁড়ামির এক মূর্ত রূপ লক্ষ্য করেন হিটলারের মাঝে; আর এর ফলেই তাঁর মতে দ্বিতীয় বিশ্বযুদ্ধ সম্ভব হয়েছিল। চীন প্রশাসনেও তিনি এ দুটো ধারণার উপস্থিতি লক্ষ্য করে আতংকবোধ করেন। যেমন আতংকবোধ করেন আমেরিকান কোন কোন নেতার মাঝে এদের উপস্থিতি দেখে।

দুটো ধারণার মধ্যে হেয়ার জাতীয়তাবাদকে কম ক্ষতিকর মনে করেন; কেননা যখন সর্বজনীনকরণ নীতির আওতায় তাঁকে প্রশ্ন করা হয়, যুদ্ধের মাধ্যমে অন্যের ওপর তিনি যে ক্ষতি চাপিয়ে দিতে চান, অন্যেরা যদি সেই ক্ষতি তাঁর ওপর চাপায়, সেটা তিনি পছন্দ করবেন কিনা? তখন তিনি হার মানেন। কিন্তু যিনি গোঁড়া তিনি নির্দ্বিধায় বলবেন যে, তা তিনি অপছন্দ করবেন না। স্বভাবতঃই যুদ্ধের ব্যাপারে Zার মনোভাবে কোন ছাড় নেই।

জাতীয়তাবাদ ও গোঁড়ামি থেকে রক্ষা করতে হলে মানুষকে স্বচ্ছ চিন্তার অধিকারী করে তুলতে হবে।

কি করে মানুষকে জাতীয়তাবাদ ও গোঁড়া চিন্তা-চেতনা থেকে রক্ষা করা যাবে এর উত্তরে হেয়ার যা বলেন তা হচ্ছে, তাদেরকে অজ্ঞতা থেকে রক্ষা করতে হবে, যাবতীয় তথ্যে প্রবেশাধিকার দিতে হবে এবং চিন্তার স্বাধীনতাকে অবাধ করতে হবে, যার অর্থ হচ্ছে মানুষকে স্বচ্ছ-চিন্তার অধিকারী করতে হবে। এই স্বচ্ছ চিন্তার অধিকারী লোকগুলোই কেবল মানব জাতির, কিংবা অন্তত সর্বাধিক সংখ্যক লোকের সেবাকে তাদের কর্তব্য-কর্ম বলে গণ্য করতে পারবে। যখন অবস্থা এমন হবে তখন কেউ আর যুদ্ধ বাঁধাতে চাইবে না বলে হেয়ার মনে করেন।

কিন্তু প্রশ্ন হচ্ছে, এ প্রবাদ যদি সত্য হয় যে, ক্ষমতা মানুষকে কলুষিত করে তাহলে যাদের হাতে ক্ষমতা রয়েছে তারা কি অতটুকু সদয় হতে পারবেন? ইতোমধ্যেই ক্ষমতার ভারসাম্য রক্ষার

তত্ত্বের সুবাদে তাঁরা বিশ্বে অস্ত্র প্রতিযোগিতার সৃষ্টি করেছেন। এর ফলে ক্ষমতাধরদের যেভাবে ক্ষমতা বেড়ে চলছে তাতে তাঁরা কি শেষপর্যন্ত তাদের মানসিক ভারসাম্য বজায় রাখতে পারবেন?

রাসেলের প্রস্তাবের ব্যাপারেও প্রশ্ন ওঠে। শক্তি প্রয়োগের মাধ্যমে বিশ্ব-সরকারের প্রতিষ্ঠা কি স্ব-বিরোধিতা নয়? তাছাড়া শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে প্রথম বিশ্ব যুদ্ধোত্তর কালে গঠিত লীগ-অব-নেশনস এবং এখনকার জাতিসংঘের ব্যর্থতাগুলোর আলোকে অনেকে বিশ্ব-সরকারের ধারণাকে অবাস্তব আখ্যা দিয়ে থাকেন। এসব আপত্তি সত্ত্বেও মনে হয় দার্শনিকরা যুদ্ধ ও শান্তির সমস্যাগুলো চিহ্নিত করতে পেরেছেন। দৃঢ় মনোবল নিয়ে কাজ করলে পৃথিবীতে হয়ত এখন শান্তি বজায় রাখা মোটামুটি সম্ভব হবে।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। সনাতন ও আধুনিক যুদ্ধের মধ্যে তুলনা করুন।

২। যুদ্ধের নবরূপ ও নব্য-নৈতিকতার প্রেক্ষাপটে শান্তি প্রতিষ্ঠার পক্ষে বার্ট্র্যান্ড রাসেলের মতামত আলোচনা করুন।

৩। আর. এম. হেয়ারের মতে যুদ্ধের মূল কারণ কি কি? শান্তির পক্ষে তাঁর মতবাদের তাৎপর্য ব্যাখ্যা ও মূল্যায়ন করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। সনাতন যুদ্ধ প্রকৃতিগতভাবে ছিল?
ক. এক পাক্ষিক খ. দ্বিপাক্ষিক
গ. বহু-পাক্ষিক।

২। বিশ্বের প্রধান ধর্ম ও ধর্ম প্রচারকরা ছিলেন
ক. শান্তিকামী খ. যুদ্ধকামী
গ. এসব বিষয়ে নিরপেক্ষ।

৩। আধুনিক যুদ্ধে
ক. শুধু যোদ্ধারা ক্ষতিগ্র¯ হন খ. শুধু পরিবেশ ক্ষতিগ্র¯ হয়
গ. মানব প্রজাতি ও পরিবেশ ক্ষতিগ্র¯ হয়।

৪। হেয়ারের মতে যাবতীয় যুদ্ধের মূল কারণ
ক. মানুষের অজ্ঞতা খ. রাজনৈতিক আদর্শের সংঘাত
গ. জাতীয়তাবাদ ও গোঁড়ামি।

৫। ভিয়েতনাম যুদ্ধের বিরোধিতা করতে গিয়ে কারাবরণ করেছিলেন
ক. আর. এম. হেয়ার খ. এ. জে. এয়ার
গ. বার্ট্র্যান্ড রাসেল।

সত্য/মিথ্যা

১. সনাতন ও আধুনিক যুদ্ধের মধ্যে কোন তফাৎ নেই। সত্য/মিথ্যা
২. আধুনিক যুদ্ধে কেবল অংশগ্রহণকারী যোদ্ধারাই ক্ষয়ক্ষতির শিকার হন।সত্য/মিথ্যা
৩. আধুনিক যুদ্ধে জীবজগৎ ও পরিবেশের ব্যাপক ক্ষতি হয়। সত্য/মিথ্যা
৪. প্রধান ধর্মগুলো শান্তির পক্ষে অবস্থান নিয়েছে। সত্য/মিথ্যা
৫. হিটলার ছিলেন উগ্র জাতীয়তাবাদী। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। ক ৩। গ ৪। গ ৫। গ।
সত্য/মিথ্যা : ১। মিথ্যা ২। মিথ্যা ৩। সত্য ৪। সত্য ৫। সত্য।

cW 10

পরিবেশ দূষণ (১ম ভাগ)
Environmental Pollution (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- পরিবেশ-নীতিবিদ্যার উদ্ভব ও পরিবেশ-দূষণ রোধে এর ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।
- পরিবেশ-দূষণ রোধের কারণ হিসেবে তিনটি তত্ত্বের সাক্ষাৎ পাবেন।
- তিনটি তত্ত্বেরই সীমাবদ্ধতা উল্লেখ করতে পারবেন।

মানুষ যে পরিমন্ডলে বাস করে তাতে পরিবর্তন আনতে পারে এবং যখন এ পরিবর্তনের বৈধতা নিয়ে প্রশ্ন ওঠে তখনই পরিবেশ নীতিবিদ্যার সূত্রপাত হয়।

মানুষ যে প্রাকৃতিক পরিমন্ডলে বাস করে তাকেই তার পরিবেশ বলে। এ পরিমন্ডলে থাকে বায়ু, পানি, মাটি, আলো নানা ধরনের উদ্ভিদ ও জীবজন্তু এবং আরো কত কী। মানুষ আবার নিজেও এই একই পরিবেশের অংশ; কিন্তু অন্যান্যদের সঙ্গে তার পার্থক্য হচ্ছে এই যে, তার রয়েছে বুদ্ধি ও ইচ্ছাশক্তি যার সাহায্যে তার পরিবেশে সে নিজের মত করে কিছু পরিবর্তন আনতে পারে। এ পরিবর্তন কতটুকু গ্রহণযোগ্য এবং কতটুকু নয় সে সম্পর্কে আবার সে নিজেকে প্রশ্নও করতে পারে। এ ধরনের প্রশ্ন থেকেই ব্যবহারিক নীতিবিদ্যায় পরিবেশ-নীতিবিদ্যা বলে একটি গুরুত্বপূর্ণ শাখা জন্ম নিয়েছে। Joseph R. Des Jardins এই নতুন নীতিবিদ্যাকে এভাবে সংজ্ঞায়িত করেছেন :

"সাধারণত পরিবেশ নীতিবিদ্যা হচ্ছে মানবজাতি এবং তাদের প্রাকৃতিক পরিবেশের মধ্যে নৈতিক সম্পর্কের একটি পদ্ধতিগত মূল্যায়ন। পরিবেশ-নীতিবিদ্যা মনে করে যে নৈতিক নিয়মসমূহ প্রকৃতি-রাজ্যের প্রতি মানব-আচরণকে পথ দেখাতে পারে।"

মানুষের কর্তব্য ও দায়িত্ব হচ্ছে পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করা। কেন সে তা করবে এ ব্যাপারে তিনটি মতবাদ রয়েছে।

পরিবেশ নীতিবিদ্যর এই সংজ্ঞা থেকে এটা স্পষ্ট যে, একজন মানুষ যেমন অন্য একজন মানুষের সঙ্গে নৈতিক সম্পর্কে সম্পর্কিত, তার পরিবেশের সঙ্গে তার সম্পর্ক তাই। এই দৃষ্টিকোণ থেকে ওপরে উল্লিখিত পরিবেশের প্রতিটি অংশের প্রতি তার দায়িত্ব ও কর্তব্য রয়েছে বলে ধরে নেয়া যায়। এ দায়িত্ব ও কর্তব্যেরই একটি রূপ হচ্ছে পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করা এবং এ কাজ থেকে নিজকে নিবৃত্ত রাখা। আমরা এই পুস্তকের প্রথম ইউনিটেই বলেছি যে, এ কাজ মানুষের সদ্‌গুণের এক ধরনের সম্প্রসারণ বৈ নয়; যে নীতির কারণে সে একজন নির্দোষ লোকের প্রতি অন্যায় আচরণে বিরত থাকে, সেই একই নীতিতে পরিবেশকেও রক্ষা করার দায়িত্ব তার ওপর বর্তায়। কিন্তু প্রতিটি নৈতিক নীতি ও আচরণের ব্যাখ্যা প্রদর্শন যেহেতু নীতিবিদ্যার অন্যতম বৈশিষ্ট্য সেহেতু কেন মানুষ পরিবেশ দূষণে অংশ নিবে না, অথবা তাতে বাধা দিবে না এই প্রশ্নটির ব্যাখ্যা প্রদানও অত্যাবশ্যক হয়ে দাঁড়ায়। এ ব্যাপারে সাধারণত তিনটি ব্যাখ্যা পাওয়া যায় যাকে পরিবেশ নীতিবিদ্যা সম্পর্কিত তিনটি মতবাদের আকারে প্রায়ই উল্লেখ করা হয়। এ মতবাদগুলো হচ্ছে :

১. মানব-কেন্দ্রিক মতবাদ (Anthropocentric Theory)

২. মানব-কেন্দ্রিকতামুক্ত মতবাদ (Non-anthropocentric Theory)

৩. সামগ্রিক মতবাদ (Holistic Theory)

১. মানব-কেন্দ্রিক মতবাদ

মানবকেন্দ্রিক মতবাদ অনুযায়ী মানুষের স্বার্থেই মানুষকে প্রাকৃতিক দূষণ ঠেকাতে হবে এবং প্রকৃতির প্রতি নৈতিক আচরণ প্রদর্শন করতে হবে। এ মতবাদে বিশ্বাসীদের এমনিতে পরিবেশের প্রতি যে কোন মায়া নেই শুধু তাই নয়; এ মানুষকে সুস্পষ্টভাবে প্রাকৃতিক সকল কিছুর ওপর স্থান দেয়। প্রাচীন গ্রীসের সফিস্টদের নেতা প্রোটাগোরাসের gjmi 'Man is the measure of all things'কে মানবকেন্দ্রিক মতবাদের চিরায়ত আপ্তবাক্য হিসেবে গণ্য করা হয়। পাশ্চাত্য জগতে বাইবেলের একটি উক্তিকেও এই ধরনের বিশ্ব-বীক্ষার জন্য দায়ী করা হয়। উক্তিটি এরকম :

মানবকেন্দ্রিক মতবাদ অনুযায়ী মানুষের স্বার্থেই পরিবেশ-দূষণ ঠেকাতে হবে।

"অতঃপর ঈশ্বর বললেন : আমার অনুকরণে আমারই মত মানুষের সৃষ্টি হোক এবং তাদের ক্ষমতা বিস্তৃত হোক সাগরের মৎস্যকুল এবং আকাশের পাখিকুল ও ডাঙায় বিচরণরত প্রাণীকুল এবং সমগ্র পৃথিবীর ওপর আর পৃথিবীতে যেসব সরীসৃপ বিচরণ করে তাদের ওপর।"

প্রকৃতির ওপর এত অবাধ-ক্ষমতা পাওয়ার পর এ ক্ষমতা হারানোর আশঙ্কা ছাড়া মানুষ প্রকৃতির ব্যাপারে দায়িত্বপূর্ণ আচরণ করবে তথা পরিবেশের ভারসাম্য রক্ষায় সে উৎসাহী হবে এমন ভাবা খুবই কঠিন বলে অনেকে মনে করেন।

আধুনিককালে উপযোগবাদীরা মানবকেন্দ্রিক মতবাদের প্রবক্তা হিসেবে বেশ পরিচিতি পেয়েছেন। অন্যান্য অনেক বিষয়ের মত পরিবেশ দূষণের ব্যাপারেও তাঁরা এখন হিসেব কষে দেখাচ্ছেন, মানুষের জন্য এর পরিণাম কতটুকু ক্ষতিকর। এ ব্যাপারে আজকাল সবচাইতে পরিচিত ক্ষতির যে বিবরণটি তুলে ধরা হয় তাকে বলা হয় "গ্রীণ হাউজ এফেক্ট"। এ সম্পর্কে আমরা পরবর্তী পাঠে আলোচনা করব।

পানি-দূষণ, বন-উৎপাটন এবং আরো অনেক প্রাকৃতিক বিষয়ের সঙ্গেও মানুষের স্বার্থহানির সম্পর্ক দেখিয়ে এগুলো থেকে মানুষকে নিবৃত্ত করার জন্য উপযোগবাদীরা আজকাল চেষ্টা করছেন। পরিবেশ দূষণের প্রশ্নে মানবকেন্দ্রিকতা এখন সাধারণ মানুষের মাঝেও সঞ্চারিত হয়েছে।

২. মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদ

এ মতবাদ অনুযায়ী মানুষের উপকারের জন্যই শুধু মানুষ পরিবেশ দূষণ থেকে বিরত থাকে না, পরিবেশের নিজের যে একটা মূল্য রয়েছে এ চিন্তা থেকেই সে তা করে। সে বিশ্বাস করে যে মানুষের মতই প্রাকৃতিক যাবতীয় বিষয়েরই যেমন প্রাণীকুল, উদ্ভিদ, অনুজীব, পাহাড়-পর্বত, নদীনালা সবার ক্ষেত্রেই নৈতিক বিবেচনার স্থান রয়েছে। প্রাচীন প্রকৃতি-পূজারীদের মধ্যে এই তত্ত্বের প্রথম উন্মেষ দেখা যায়। এখনো এশিয়া-আফ্রিকার পাহাড়ে-জঙ্গলে তাদের সাক্ষাৎ মিলে। তবে প্রাচীন গ্রিক দার্শনিক সম্প্রদায় স্টোয়িকরা এই বিষয়টির ওপর একটি নতুন মাত্রা যোগ করেছিলেন। তাঁরা প্রকৃতিকে বুদ্ধিময় সত্তা হিসোবে গ্রহণ করেছিলেন এবং বুদ্ধিমান জীব হিসেবে মানুষের পক্ষে এর সঙ্গে মিলেমিশে তথা প্রকৃতির নিয়ম অনুযায়ী জীবন যাপন করার মাঝেই তার ভালত্ব নিহিত আছে বলে মনে করতেন। ধর্ম হিসেবে ইসলাম প্রাকৃতিক জীবন যাপনের ওপর জোর দিয়েছে। আল-কুরআন আল্লাহর সৃষ্ট প্রকৃতিকে বিকৃত করাকে শয়তানের কাজ বলে উল্লেখ করেছে যা তার মানব-নিরপেক্ষ মূল্যকে সমর্থন করে। তবে আধুনিক মানুষের মধ্যে

মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদ অনুযায়ী প্রাকৃতিক সকল বস্তুরই মানব নিরপেক্ষ মূল্য রয়েছে।

আদিম মানুষের বিশ্বাস, দর্শন, ধর্ম ও বিজ্ঞান এই মতের সমর্থনে বিশেষ অবদান রেখেছে।

মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদের প্রতি সহানুভূতি তথা সমর্থন এসেছে আধুনিক বিজ্ঞানীদের গবেষণার মাধ্যমে একথা অস্বীকার করার উপায় নেই। এই বাংলাদেশেরই এক কৃতীসন্তান জগদীশ চন্দ্র বসু এক সময় দেখিয়েছিলেন যে, গাছপালারও আমাদের মত সুখ-দুঃখের অনুভূতি রয়েছে; এর অর্থ হচ্ছে এদের যথেচ্ছ নিধন কখনো কাম্য হতে পারে না। জীব-বিজ্ঞানীরা তো এ ব্যাপারে আরো এক কদম এগিয়ে। বিভিন্ন উচ্চ প্রজাতির প্রাণীর সঙ্গে সাদৃশ্য দেখিয়ে তাঁরা তাদের স্বকীয় মূল্য তুলে ধরেছেন। অনুজীব বিজ্ঞানীদের জিনতত্ত্বের মত নবতর আবিষ্কারও এখন এমনকি অনুজীবদের রক্ষার্থেও যুক্তি খুঁজে পেয়েছে।

৩. সামগ্রিক মতবাদ

এই মতবাদটি দার্শনিকদের, বিশেষ করে ম্যুরের আঙ্গিক ঐক্য (Organic Unity) তত্ত্বেরই প্রতিধ্বনি। ম্যুর স্বতঃমূল্যকে একটি আঙ্গিক ঐক্য হিসেবে ব্যাখ্যা করেছিলেন, আমরা দেখেছি। প্রকৃতিও একই অর্থে স্বতঃমূল্যে মূল্যবান, কেননা যেসব উপাদান সহযোগে প্রকৃতি গঠিত এদের একটির সঙ্গে আরেকটির রয়েছে অঙ্গাঙ্গি সম্পর্ক। তুচ্ছ তৃণ থেকে সুসভ্য মানুষ পর্যন্ত রয়েছে অস্তিত্বের এমন একটি শৃঙ্খল যার মধ্যে এতটুকু ফাঁক নেই। অতএব প্রত্যেকটি প্রজাতিই মূল্যবান এবং একই সঙ্গে সমস্ত প্রকৃতিও মূল্যবান। ফলে পরিবেশ দূষণ আংশিকই হোক কিংবা সামগ্রিকই হোক, দুটোই সমান নিন্দনীয় বলে এই মতবাদ মনে করে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে সামগ্রিক মতবাদ মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদের মত মূলত পরিবেশ বিজ্ঞান বলে জ্ঞানের যে শাখাটি গড়ে ওঠেছে তার ওপর বিশেষভাবে নির্ভরশীল। পরিবেশ বিজ্ঞান প্রকৃতির বিভিন্ন বিভাগের মধ্যে যে আন্তঃসম্পর্ক রয়েছে সে সম্পর্কে বিশেষভাবে আলোচনা করে।

সামগ্রিক মতবাদ অনুযায়ী সমগ্র প্রকৃতি একটি আঙ্গিক ঐক্য এবং এর অংশসমূহও তাই স্বতঃমূল্যে মূল্যবান।

পরবর্তী পাঠে এই নির্ভরশীলতার ব্যাপারটি আমরা বিশেষভাবে প্রত্যক্ষ করব।

পরিবেশ-দূষণের সঙ্গে সম্পর্কিত উপর্যুক্ত তত্ত্বসমূহ একেবারে ত্রুটিহীন নয়। মানবকেন্দ্রিক মতবাদ পরিবেশকে যে মূল্য দিয়েছে তা কারণিক মূল্য (instrumental value), আর এর ফলে পরিবেশ দূষণ ততক্ষণ পর্যন্ত নিন্দনীয় হয় না যতক্ষণ না এ মানুষের জন্য ক্ষতিকর হয়। এই মতবাদে মানুষ বাদে অন্যান্য প্রাণীর বা প্রাণের কথা বিবেচনা করা হয় না। মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদে এই ত্রুটিটি নেই, কিন্তু এই মতবাদটি এবং সামগ্রিক মতবাদটিও মানুষের বৈজ্ঞানিক জ্ঞান ও উপলব্ধির ওপর সবিশেষ নির্ভরশীল। এর অর্থ হচ্ছে, মানুষের বৈজ্ঞানিক জ্ঞান বদলে যাওয়ার সাথে সাথে পরিবেশ দূষণ, তথা পরিবেশ বিষয়ক নৈতিক ভাবনায়ও পরিবর্তন সূচিত হতে পারে। তবে সামনের দিনগুলোতে এসব অবস্থার ক্রমাগত উন্নতি যে ঘটবে তাতে কোন সন্দেহ নেই। এতেও কোন সন্দেহ নেই যে কোন দৃষ্টিকোণ থেকেই দেখা হোক না কেন পরিবেশ নীতিবিদ্যা পরিবেশ বিজ্ঞানের ওপর নির্ভর না করে পারবে না।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। পরিবেশ নীতিবিদ্যা কী? পরিবেশ-দূষণ রোধে এর ভূমিকা ব্যাখ্যা করুন।
২। পরিবেশ সম্পর্কে মানব-কেন্দ্রিক মতবাদের মূল ত্রুটি কী?
৩। মানবকেন্দ্রিকতামুক্ত মতবাদ ও এর সীমাবদ্ধতা ব্যাখ্যা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। অন্যান্য প্রাকৃতিক জিনিষের সাথে মানুষের পার্থক্য হচ্ছে
ক. মানুষের হাত আছে খ. মানুষের বুদ্ধি ও ইচ্ছাশক্তি আছে
গ. মানুষ তার বাসগৃহ বানাতে পারে।

২। একজন পরিবেশ নীতিবিদ হিসেবে বিশেষভাবে পরিচিত
ক. ডব্লিও. ডি. রস খ. আর. এম. হেয়ার
গ. জুসেফ আর. দেস জারডিনস।

৩। Man is the measure of all things এ K_vটি
ক. সক্রেটিসের খ. প্রোটাগোরাসের
গ. প্লেটোর।

৪। স্টোয়িকরা প্রকৃতিকে
ক. শ্রদ্ধা করতেন খ. ঘৃণা করতেন
গ. পূজা করতেন।

৫। যে বিজ্ঞানী দেখিয়েছিলেন যে, গাছপালারও সুখ-দুঃখের অনুভূতি আছে তিনি হচ্ছেন
ক. আইনস্টাইন খ. নিউটন
গ. জগদীশচন্দ্র বসু।

সত্য/মিথ্যা

২. মানুষ যে প্রাকৃতিক পরিমন্ডলে বাস করে তাকেই তার পরিবেশ বলে। সত্য/মিথ্যা
৩. মানবকেন্দ্রিক মতবাদ অনুযায়ী মানুষের ওপর পরিবেশের স্থান। সত্য/মিথ্যা
৪. উপযোগবাদীরা পরিবেশ দূষণ সম্পর্কিত মানবকেন্দ্রিক মত সমর্থন করে না। সত্য/মিথ্যা
৫. প্রাচীন প্রকৃতি পূজারীদেরকে মানবকেন্দ্রিকতামুক্ত পরিবেশবাদী বলা চলে।সত্য/মিথ্যা
৬. পরিবেশ নীতিবিদ্যা পরিবেশ বিজ্ঞানের ওপর নির্ভর করে না। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১।খ ২।গ ৩।খ ৪।ক ৫।গ।
সত্য/মিথ্যা : ১। সত্য ২। মিথ্যা ৩। মিথ্যা ৪। সত্য ৫। মিথ্যা।

cW 11

পরিবেশ দূষণ (২য় ভাগ)
Environmental Pollution (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- বায়ু-দূষণের প্রকৃতি ও প্রভাব সম্পর্কে জানতে পারবেন।
- পানি-দূষণের প্রকৃতি ও প্রভাব বিষয়ে অবহিত হবেন।
- পরিবেশ দূষণে পারমাণবিক কর্মসূচীর অবদান সম্পর্কে জানতে পারবেন।

জীবমাত্রই তার প্রাকৃতিক পরিবেশে যে উপাদানের সঙ্গে সবচাইতে বেশি সম্পৃক্ত তা হচ্ছে বায়ু ও পানি। পরিবেশ-দূষণ সম্পর্কিত আলোচনার বেশিরভাগই তাই এ দুটো বিষয় নিয়েই হয়ে থাকে। এখানে আমরা প্রথমেই বায়ু-দূষণ নিয়ে আলোচনা করব।

বায়ু-দূষণ

বায়ু একটি যৌগিক পদার্থ যার মধ্যে রয়েছে বিভিন্ন মাত্রার নাইট্রোজেন, অক্সিজেন, আরগন, কার্বন-ডাই-অক্সাইড ও আরো কিছু গ্যাস। এদের মধ্যে নাইট্রোজেনের পরিমাণ সবচাইতে বেশি ৭৫.৫৪%। অক্সিজেনের পরিমাণ ২৩.২১%, আরগনের পরিমাণ ১.২% এবং কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ ০.০৫%। অন্যান্য গ্যাসের পরিমাণ আরো নগণ্য। বায়ু-দূষণ তখনই ঘটে যখন বায়ু এই সব অনুপাত রক্ষা করতে ব্যর্থ হয়। যেসব কারণে এই অনুপাত ধ্বংস হয় তা হচ্ছে কয়লা ও পেট্রোলিয়াম জাতীয় তেল থেকে সৃষ্ট ধোঁয়া ও গ্যাস, পারমাণবিক তেজস্ক্রিয়া, বিভিন্ন ধরনের পোকামাকড় বিধ্বংসী ওষুধের যথেচ্ছ ব্যবহার এবং ট্যানারী বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি। একটু খেয়াল করলেই বুঝা যাবে বায়ু-দূষণকারী এসব কর্মকান্ডের জন্য পৃথিবীতে একমাত্র মানুষই দায়ী; কিন্তু পরিবেশকে আমরা যেকোন দৃষ্টিকোণ থেকেই দেখি না কেন, মানুষের এই কর্মকান্ডকে কিছুতেই সমর্থন করা যায় না। নির্মল বায়ু শুধু মানুষের জন্যই নয়; জীবজন্তু, গাছপালা সকলের জন্যই উপকারী। এ এমন এক অবিমিশ্র আশীর্বাদ যা নষ্ট হলে প্রকৃতির ভারসাম্য নষ্ট হয় এবং তার আঙ্গিক ঐক্যের ক্ষতি হয়। এই ক্ষতির পটভূমি নিম্নোক্তভাবে বর্ণনা করা যায় :

বায়ু যখন তার বিভিন্ন উপাদানের মধ্যে নির্দিষ্ট অনুপাত বজায় রাখতে ব্যর্থ হয় তখনই বায়ু-দূষণ ঘটে। এর জন্য মানুষই দায়ী।

বায়ু-দূষণের সূচনা ঘটে সভ্যতা বিকাশের ঊষালগ্নেই। মানুষ যখন আগুনের ব্যবহার শেখে তখন থেকেই সে বায়ুমন্ডলে ধোঁয়ার আকারে কার্বন-ডাই-অক্সাইড ও অন্যান্য ক্ষতিকারক উপাদান প্রেরণ করতে থাকে। কিন্তু বহু সহস্র বছর অবধি এর পরিমাণ এত অল্প ছিল যে, তাতে পরিবেশের তেমন কোন ক্ষতিই হয়নি। আসল ক্ষতিটা শুরু হয় শিল্পবিপ্লবের পর থেকে। এই সময় থেকে মানুষ তার সুখ-স্বাচ্ছন্দ্য বাড়াবার জন্য একদিকে যেমন প্রাকৃতিক সম্পদের যথেচ্ছ ব্যবহার শুরু করে, অন্যদিকে সে সম্পদকে ব্যবহারোপযোগী করার জন্য জ্বালানী হিসেবে ব্যাপকভাবে কয়লা, কাঠ ইত্যাদি ব্যবহার করতে থাকে। কয়লার ব্যবহার শেষ হতে না হতেই শুরু হয় পেট্রোলিয়াম জাতীয় তেল, গ্যাস ইত্যাদির ব্যবহার। বর্তমানে এটা তুঙ্গে চলেছে, যদিও ইতোমধ্যেই

সভ্যতার অগ্রগতির সাথে সাথে বায়ু-দূষণের পরিমাণ বেড়েছে।

পারমাণবিক চুল্লী ও বোমা আবিষ্কার করে বায়ুমন্ডলের আরো ক্ষতি করে চলেছে। বায়ু-দূষণের ফলে পরিবেশে যেসব বিপর্যয় ঘটছে সেগুলো হচ্ছে :

এসিড বৃষ্টি

ক্রমবর্ধমান হারে শিল্পপ্রতিষ্ঠান, তাপবিদ্যুৎ কেন্দ্র ও যান্ত্রিক যানবাহন বৃদ্ধির ফলে এসব থেকে বায়ুমন্ডলে সালফার-ডাই-অক্সাইড, হাইড্রোজেন সালফাইড, নাইট্রোজেন অক্সাইড নির্গত হচ্ছে এবং বায়ুমন্ডলের জলীয় বাষ্পের সঙ্গে মিশে সালফিউরিক এসিড, নাইট্রিক এসিড ইত্যাদির আকারে বৃষ্টির সঙ্গে পৃথিবীতে নেমে আসে। এর ফলে জমির উর্বরতা কমে যায় এবং জীবজন্তু ও গাছপালার মধ্যে নানা রোগের সৃষ্টি করে। পৃথিবীর বিভিন্ন জায়গায় এই ধরনের এসিড বৃষ্টির ফলে ইতোমধ্যে প্রভূত ক্ষতি সাধিত হয়েছে। শুধু জীবজগৎ ও বৃক্ষই নয়, মানুষের সৃষ্টি বিভিন্ন সুন্দর দালান কোঠা, যেমন, যুক্তরাষ্ট্রের লিংকন মেমোরিয়াল এবং ভারতের তাজমহলও এসিড বৃষ্টির ফলে দিন দিন ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বায়ু-দূষণের অন্যতম ফল এসিড বৃষ্টি যা গাছপালা,জীবজন্তু এবং মানুষের স্থাপত্য কীর্তিসমূহের জন্য খুবই ক্ষতিকর।

গ্রীণ হাউজ প্রতিক্রিয়া

এসিড বৃষ্টির ফলে যে ক্ষতি হচ্ছে তা আমরা ইতোমধ্যেই অনুভব করছি, কিন্তু বায়ু-দূষণের ফলে তার চেয়েও বড় ক্ষতি পৃথিবীর জন্য অপেক্ষা করছে বলে বৈজ্ঞানিকরা আশংকা করছেন। গ্রীণ হাউজ প্রতিক্রিয়া বলে পরিচিত এই বিপদ-সংকেতটি বহুদিন থেকেই উচ্চারিত হচ্ছে। বলা হচ্ছে, ব্যাপক শিল্পায়নের ফলে, বিশেষ করে কয়লা, তেল, গ্যাস ইত্যাদি ব্যাপক আকারে পোড়ানোর ফলে বায়ুমন্ডল ক্রমাগত উত্তপ্ত হয়ে ওঠছে। এটা ঘটে বিশেষ করে এজন্য যে, পৃথিবী সূর্য থেকে যে উত্তাপ পায় তার কিছু অংশ উবে যাওয়ার কালে কার্বন-ডাই অক্সাইড জলীয়বাষ্প ইত্যাদির সঙ্গে বিক্রিয়ার ফলে পৃথিবীর চারপাশে এমন একটি আবহের সৃষ্টি করে রেখেছে যে, পৃথিবী থেকে তাপ সহজে পালাতে পারে না। ফলে পৃথিবীর অবস্হা অনেকটা শীতের দেশের শাকসব্জি ফলানোর গ্রীণ হাউজের মতই হয়ে ওঠছে যাতে ভিতরে মনুষ্যসৃষ্ট ওপরোক্ত বাড়তি তাপ আটকা পড়ছে ক্রমাগত। বিজ্ঞানীদের আশংকা এই অবস্হার ফলে আগামী কয়েক দশকের মধ্যে দু্মরুর বরফ গলে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে এবং এর ফলে পৃথিবীর বিস্তৃত অংশ ডুবে যাবে। এই প্রক্রিয়ায় সম্ভাব্য ক্ষতিগ্রস্থ দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম।

বিভিন্ন প্রক্রিয়ায় বায়ু-দূষণের ফলে বায়ু ক্রমাগত উত্তপ্ত হচ্ছে আর এর ফলে দু্মরুর বরফ গলে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাবে। এতে অনেক দেশ ডুবে যাবে।

গ্রীণ হাউজ প্রতিক্রিয়ার ফলে আরো যে সব ক্ষতিকর ব্যাপার সংঘটিত হতে পারে বলে বিজ্ঞানীরা মনে করেন সেগুলো হচ্ছে ঘন ঘন সাইক্লোন, বন্যা ইত্যাদির আগমন, বাতাসের গতি পরিবর্তন এবং এর ফলে ঋতু-বিন্যাসে পরিবর্তন ইত্যাদি। মোটকথা, বায়ু-দূষণের ফলে পৃথিবীর পরিবেশে ব্যাপক অনাকাঙ্ক্ষিত পরিবর্তন সূচিত হচ্ছে।

সাইক্লোন, বন্যা, ঋতু-বিন্যাসে পরিবর্তন ইত্যাদিও গ্রীণ হাউজ এফেক্টের মধ্যে রয়েছে।

মানব-স্বাস্থ্যের ওপর বায়ু-দূষণের প্রভাব

বায়ু-দূষণের ফলে মানুষের রোগব্যাধি বেড়ে যাচ্ছে।

মানুষের স্বাস্থ্যের ওপর বায়ু-দূষণের প্রভাব কতটুকু তা ভুক্তভোগীরাই বেশি জানেন। বায়ু-দূষণের ফলে চোখের পীড়া একটি অতি পরিচিত ব্যাপার। নানা রকমের বক্ষব্যাধি, শ্বাসনালীঘটিত ব্যাধি, যেমন ব্রংকাইটিস, হাঁপানী ইত্যাদির প্রকোপ বায়ু-দূষণের ফলে সর্বত্র বেড়ে যাচ্ছে। শহর ও শিল্পাঞ্চলে বিশেষ করে এসবের প্রকোপ খুব বেশি। সীসাযুক্ত জ্বালানী তেল ব্যবহারের কারণে বর্তমানে ঢাকা শহরে বায়ু-দূষণ এক আশংকাজনক পর্যায়ে পৌঁছে। গ্রহণীয় মাত্রার চেয়ে বহুগুণ বেশি সীসাযুক্ত বায়ু গ্রহণের ফলে জনজীবনে, বিশেষ করে শিশুদের ক্ষেত্রে অসুখ-বিসুখ লেগেই আছে। বিশ্বের আরো কিছু বড় শহরে একই অবস্থা বিদ্যমান।

পানি-দূষণ

উন্নত দেশগুলোর চেয়ে পানি-দূষণ এখন অনুন্নত দেশে বেশি হচ্ছে।

বায়ু-দূষণের জন্য বিশ্বের উন্নত দেশগুলিই বেশিরভাগ দায়ী; কিন্তু পানি-দূষণের ক্ষেত্রে চিত্রটা ভিন্ন রকম। একথা সত্য, ইউরোপ-আমেরিকার কল-কারখানার বর্জ্য এখনো পানিকে দূষিত করে, কিন্তু বিভিন্ন প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করার ফলে এর পরিমাণ এখন অনেকটা কম। অধিকন্তু উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার ফলে তারা পানি-দূষণের আরেকটি বড় কারণ দূর করতে পেরেছে, কিন্তু আমাদের বেশির ভাগ প্রাচ্য দেশসমূহে এখনো এই সকল ক্ষেত্রে সাফল্য অর্জিত হয়নি। ক্রমবর্ধমান হারে এখানে যেসব শিল্প-কারখানা প্রতিষ্ঠিত হচ্ছে তাদের বর্জ্য নিক্ষেপের সবচাইতে সুবিধাজনক ক্ষেত্র হচ্ছে এখানকার নদনদীগুলো। বাংলাদেশের শহরাঞ্চলের বিশেষ করে ঢাকার আশেপাশে যেসব নদী রয়েছে তাদের পানি শিল্প বর্জ্যের কারণে কতটুকু দূষিত তা যে কেউ পর্যবেক্ষণ করলেই জানতে পারবেন। তবে প্রাচ্য দেশসমূহে নদনদী ও বদ্ধ জলাশয়গুলোর পানি দূষিত হওয়ার বড় কারণ হচ্ছে অপ্রতুল পয়ঃনিষ্কাশন ব্যবস্থা। একদিকে শহরাঞ্চলে এ ব্যবস্থা নদ-নদীর সঙ্গে যুক্ত থাকে, অন্যদিকে গ্রামাঞ্চলের মানুষ যত্রতত্র মলমূত্র ত্যাগ করে। বর্ষায় এর সবই নদীতে নিক্ষিপ্ত হয়। পরিণামে পানি হয়ে ওঠে নানা রোগ-ব্যাধির আকর।

অনুন্নত দেশে পানি-দূষণের বড় কারণ অপ্রতুল পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।

বর্তমানে কৃষি ব্যবস্থাও পানি-দূষণ করছে।

ইদানিং বিভিন্ন অনুন্নত দেশে কৃষিব্যবস্থাও পানি-দূষণে ব্যাপক ভূমিকা রাখছে। দেশের খাদ্যাভাব কমাতে প্রায় সব গরীব দেশই বাধ্য হচ্ছে জমিতে রাসায়নিক সার ব্যবহার করতে। এসব রাসায়নিক পদার্থ বৃষ্টির পানিতে ধৌত হয়ে খালবিল নদনদীতে গিয়ে পড়ে পানি দূষিত করছে। প্রত্যক্ষভাবে এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে জলে বসবাসকারী মাছ, সরীসৃপ ও অন্যান্য প্রাণী। অসুস্থ মাছ খেয়ে মানুষও অসুস্থতার শিকার হচ্ছে।

পরিবেশ দূষণ ও পরমাণুর ব্যবহার

পরমাণুর ব্যবহার পরিণামে মানুষের জন্য খুবই বিপদজনক।

পরিবেশ দূষণের ওপরোক্ত চিত্র ষোল কলায় পূর্ণ হয় যখন আমরা আজ পরমাণু-বিজ্ঞান বিষয়ে মানুষের অগ্রগতির বিষয়ে চিন্তা করি। বিদ্যুৎ উৎপাদন, চিকিৎসা, কৃষি প্রভৃতি ক্ষেত্রে এর লাভজনক ব্যবহার রয়েছে এবং একথাও সত্য যে এসব কাজে, বিশেষ করে বিদ্যুৎ উৎপাদনে কয়লা ও পেট্রোলিয়াম তাৎক্ষণিকভাবে পরিবেশের যে পরিমাণ ক্ষতি করে পরমাণুর ব্যবহার তা করে না। কিন্তু পারমাণবিক শক্তি ব্যবহারের বিপদ বিলম্বিত ও অধিকতর মারাত্মক প্রমাণিত হয়েছে। পারমাণবিক শক্তি উৎপাদনের প্রক্রিয়ায় যে বর্জ্য উৎপন্ন হয় তা অত্যন্ত বিষাক্ত এবং এর ফলে যে জায়গায়ই একে রাখা হোক না কেন জীবজন্তু এবং গাছপালার জন্য এ হুমকি হয়ে থাকবেই। এজন্য ইদানিং বহু উন্নত দেশ তাদের তেজস্ক্রিয় বর্জ্য অনুন্নত দেশে পাচার করে দেয়

বলে জানা গেছে। এতে করে সাময়িক কোন সুবিধার জন্য এসব দেশ তার পরিবেশকে দীর্ঘস্থায়ী বিপজ্জনক অবস্থায় নিক্ষেপ করে। তাছাড়া পারমাণবিক শক্তি উৎপাদন নিজেই একটি বিপদজনক প্রক্রিয়া। এই সেদিন রাশিয়ার চেরনোবিলের পারমাণবিক শক্তি কারখানায় যে দুর্ঘটনা ঘটেছিল তাতে শুধু রাশিয়ার বিস্তীর্ণ অঞ্চলই ক্ষতিগ্রস্ত হয়নি আশেপাশে ইউরোপের অনেক দেশেও তেজস্ক্রিয় ছড়িয়ে পড়েছিল এবং সেসব দেশের কৃষি ও স্বাস্থ্য ব্যবস্থায় এর মারাত্মক প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছিল। তাদের কৃষিপণ্য নিয়ে বিশ্বের অন্যান্য জায়গায় তখন দারুণ আতংকের সৃষ্টি হয়েছিল। তবে এতো শান্তিকালীন সময়ের কথা। পারমাণবিক যুদ্ধ বাঁধলে বিশ্বে পরিবেশের ওপর এর যে কি প্রতিক্রিয়া হবে তা ভাবতেও গা শিউরে ওঠে। পরিবেশ দূষণকে তাই যে কোন কান্ডজ্ঞানসম্পন্ন লোকই অনৈতিক ভাবতে বাধ্য।

এখানে আরেকটা কথা না বললেই নয়; পরিবেশ-দূষণের যে চিত্র আমরা ওপরের বর্ণনা থেকে পেয়েছি, তাতে এটা স্পষ্ট যে, এ আর কোন বিশেষ ব্যক্তি বা দেশের সমস্যা নয়। এ এক বিশ্ব-সমস্যায় রূপলাভ করেছে। বিশ্বজনীনতা যদি নৈতিকতার অন্যতম বৈশিষ্ট্য হয়ে থাকে, নৈতিক সমস্যা হিসেবে পরিবেশ দূষণের চেয়ে বড় সমস্যা আর কী হতে পারে?

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। বায়-দূষণ যে যে উপায়ে ঘটে তা বর্ণনা করুন। বায়ু-দূষণের ফলে কx কx সমস্যার সৃষ্টি হয়?

২। পানি-দূষণ কিভাবে ঘটে? এর ক্ষতিকর দিক সম্পর্কে আলোচনা করুন।

৩। পরিবেশ দূষণে পরমাণু শক্তির ব্যবহারের কি কোন ভূমিকা আছে? সংক্ষেপে আলোচনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। বায়ুতে অক্সিজেনের পরিমাণ
ক. ২০% খ. ২৩.২১%
গ. ১০%

২। তাজমহল ক্ষতিগ্রস্ত হচ্ছে
ক. পানি-দূষণের ফলে খ. বায়ু-দূষণের ফলে
গ. পারমাণবিক তেজস্ক্রিয়ার ফলে

৩। গ্রীণ হাউজে
ক. মুরগী পোষা হয় খ. মাছের চাষ হয়
গ. শাকসবজীর চাষ হয়

৪। যাবতীয় বক্ষঃব্যাধি I শ্বাসনালীর ব্যাধি মূলত
ক. পানি-দূষণের ফল খ. বায়ু-দূষণের ফল
গ. খাবার দূষণের ফল

৫। জমিতে রাসায়নিক সারের ব্যবহার প্রত্যক্ষভাবে ক্ষতিগ্র¯ করে বিশেষভাবে
ক. মানুষকে খ. জলচর প্রাণীকে
গ. স্হলচর প্রাণীকে

সত্য/মিথ্যা

- বায়ু একটি যৌগিক পদার্থ। সত্য/মিথ্যা
- বায়ুতে কার্বন-ডাই-অক্সাইডের পরিমাণ ০.০৫%। সত্য/মিথ্যা
- প্রাচীনকাল থেকেই ব্যাপক আকারে বায়ু-দূষণের সূত্রপাত হয়। সত্য/মিথ্যা
- এসিড বৃষ্টির ফলে জমির উর্বরতা বাড়ে। সত্য/মিথ্যা
- এদেশে পানি-দূষণের প্রধান কারণ পয়ঃনিষ্কাশন ব্যবস্হার অভাব। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। খ ৩। গ ৪। খ ৫। খ।
সত্য/মিথ্যা : ১। সত্য ২। সত্য ৩। মিথ্যা ৪। মিথ্যা ৫। সত্য।

cW 12

মানবেতর প্রাণীর অধিকার (১ম ভাগ)
Rights of Animals (1st part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- মানবেতর প্রাণীর প্রতি মানুষের নৈতিক ভাবনায় যে পরিবর্তন সূচিত হয়েছে তার কারণ জানতে পারবেন।
- প্রাণীর বেঁচে থাকার অধিকার ও অধিকারের ভিত্তি সম্পর্কে অবহিত হতে পারবেন।

আধুনিককালে মানুষ মানবেতর প্রাণীর মঙ্গলামঙ্গল নিয়ে আগের চেয়ে বেশি ভাবনা চিন্তা করছে।

মানবেতর প্রাণীর মূল্য এবং তাদের মঙ্গলামঙ্গল নিয়ে মানুষ প্রাচীনকাল থেকেই চিন্তা-ভাবনা করে আসছে। যুগে যুগে মহাপুরুষগণ পশুপাখির প্রতি সদয় হওয়ার জন্য যে তাগিদ দিয়ে এসেছেন এই তার প্রমাণ। এতদ্‌সত্ত্বেও একথা বলা চলে, আধুনিককালে বিষয়টি যে পরিমাণে গুরুত্ব পেয়েছে অন্য কোন কালে তা পায়নি। আটলান্টিক মহাসাগরের সুদূর কোন দ্বীপে আজ যদি কোন শিকারী সিল শিকারে যায়, সারা বিশ্বে তার বিরুদ্ধে প্রতিবাদ ওঠে; প্রশান্ত মহাসাগরের গভীর কোন প্রদেশে যদি কোন জাপানী জাহাজ তিমি কিংবা শুশুক শিকার শুরু করে সঙ্গে সঙ্গে সব কাঁটি মহাদেশের কাগজগুলো প্রতিবাদে সোচ্চার হয়ে ওঠে। গত কয়েক বছর ধরে যুক্তরাজ্যের যুবরাজ চার্লস-এর খেকশিয়াল শিকার নিয়ে কি তুলকালাম কান্ডই না হচ্ছে। মাত্র কয়েক দশক আগেও এমন কল্পনা করা যেতো না। প্রাণীদের সম্পর্কে মানুষের নৈতিক ভাবনায় যে একটা বড় পরিবর্তন এসেছে এসব তাই নির্দেশ করে।

মানুষ অধিকাংশ ক্ষেত্রে নিজের স্বার্থের কথা চিন্তা করেই প্রাণীদের স্বার্থের কথা ভাবে।

আঙ্গিক ঐক্যের নীতি এবং মমতাবোধও মানুষকে প্রাণীদের প্রতি সদয় হতে প্ররোচিত করে।

মানুষের এই নব্য-নৈতিকতার সবটাই নিঃস্বার্থ নয়। পরিবেশ বিষয়ক তার মানবকেন্দ্রিক ভাবনা এর মূলে খুবই সক্রিয়। মানুষ জানে যে সামগ্রিকভাবে প্রকৃতি অথবা তার কোন কোন অংশের ক্ষতিসাধন করার ফলস্বরূপ সে নিজেই আজ সমূহ ক্ষতির mপ্তখীন হয়েছে। মানবেতর প্রাণীসমূহও প্রকৃতিরই অংশ; আর সেই হিসেবে এদের ক্ষতিসাধনও পরিণামে মানুষের স্বার্থহানি করবে তেমন অনুমান সে সহজেই করতে পারে। আর আসলে ব্যাপারটা তাই। মানুষের বাঁচার জন্য শস্যের প্রয়োজন। এই শস্য একশ্রেণীর কীট পতঙ্গের আক্রমণে নষ্ট হয়; আর এ কীট-পতঙ্গ ধ্বংস করে যে সব পশুপাখি, আমরা তাদেরকে ধ্বংস করলে পরিণামে আমাদেরই ক্ষতি। আপাতঃদৃষ্টিতে মানুষের জন্য ক্ষতিকর যেসব প্রাণী রয়েছে তাদের সম্পর্কে প্রাকৃতিক আঙ্গিক ঐক্যের বিষয়ে চিন্তা করে আমরা তাদের ধ্বংস সাধনে নিবৃত্ত হই। তাছাড়া কোন কোন প্রাণীর প্রতি আমাদের নৈকট্য ও মমতাবোধ এতবেশি যে তাদের আমরা ক্ষতি করি না। এ স্হলে মানবিক মূল্যবোধ কাজ করে।

কিন্তু দূর আটলান্টিক বা প্রশান্ত মহাসাগরের সিল, শুশুক কিংবা তিমির জন্য কেন আমাদের প্রাণ কাঁদে? কেন তাদের হত্যার সংবাদে আমরা শিউরে ওঠি? বহু মানুষের জীবন-জীবিকা এসব প্রাণীর শিকারের সঙ্গে যুক্ত আর তাদের প্রাণের বিনিময়ে ইউরোপ-আমেরিকার বহু লোকের গার্হস্থ্য জীবন সামান্য হলেও সুখ-স্বাচ্ছন্দ্য ও বিলাস-ব্যসনে ভরে ওঠে। কি কারণে তাহলে এসব

প্রাণীদের ব্যাপারে রয়েছে দুটো স্বতঃসিদ্ধ নীতি।

প্রাণীর প্রতি দুনিয়াব্যাপী প্রতিবাদ? দুটো প্রায় স্বতঃসিদ্ধ নীতির প্রতি মানুষের সমর্থন থেকে এই প্রতিবাদের সৃষ্টি বলা যায় :

ধরিত্রীর বুকে সৃষ্ট প্রতিটি প্রাণীরই বেঁচে থাকার অধিকার রয়েছে।

এ অধিকারের ভিত্তি হচ্ছে, প্রাণীমাত্রই মানুষের মত জ্বালাযন্ত্রণা তথা ব্যথা-বেদনা অনুভব করতে পারে।

উপযোগবাদের জনক বেনথামের লেখায় প্রাণীদের এই অধিকারের বিষয়টি এভাবে ব্যক্ত হয়েছে:

"এমনদিন হয়ত আসবে যখন অবশিষ্ট সৃষ্টজীবরা ঐ সমস্ত অধিকার অর্জন করবে যা স্বৈরাচারীর হস্তক্ষেপ ছাড়া তাদের কাছ থেকে কেড়ে নেয়া যায় না। ফরাসিরা ইতোমধ্যেই আবিষ্কার করেছে যে একজন মানুষকে তার নির্যাতনকারীর খেয়ালের উপর প্রতিকারহীনভাবে ছেড়ে দেয়ার ব্যাপারে তার চামড়ার কাল রং কোন কারণ হতে পারে না। একদিন এটাও স্বীকৃত হবে যে পায়ের সংখ্যা, চামড়ার লোমশতা বা কর্কশতা অথবা পবিত্রাস্থির অভাব একটি সংবেদনশীল প্রাণীকে একই ভাগ্যের দিকে ঠেলে দেয়ার কারণ হিসেবে সমভাবেই অপর্যাপ্ত। অনতিক্রম্য রেখাটি নির্দেশ করে এমন আর কি থাকতে পারে? এটা কি বুদ্ধিবৃত্তি অথবা কথা বলার ক্ষমতা? কিন্তু একদিন, এক সপ্তাহ বা এক মাসের মানব শিশুর চেয়ে একটি পূর্ণ বয়স্ক ঘোড়া বা কুকুর অতূলনীয়ভাবে অধিকতর বুদ্ধিসম্পন্ন এবং অধিকতর আলাপযোগ্য প্রাণী। কিন্তু ধরা যাক তারা অন্য ধরনের; কিন্তু তাতে কি আসে যায়? তারা যুক্তি প্রদর্শন করতে পারে কিনা, অথবা তারা কথা বলতে পারে কিনা সেটা প্রশ্ন নয়। প্রশ্ন হচ্ছে, তারা জ্বালা-যন্ত্রণা অনুভব করে কিনা?"

প্রাণীর অধিকারের বিপক্ষে যুক্তি: মানবেতর প্রাণী তার অধিকার দাবি করতে পারে না এবং এর ব্যথা-বেদনার অনুভূতি তীক্ষ্ম নয়।

বেনথামের বক্তব্য অবশ্য অকাট্য বলে অনেকেই গ্রহণ করতে নারাজ, যে কারণে প্রাণী হত্যায় কিছু লোককে সব সময়ই উৎসাহী দেখা যায়। তাদের যুক্তি হলো, মানবেতর প্রাণী কি তাদের নিজেদের অধিকার সম্পর্কে সচেতন? তারা কি তাদের অধিকার দাবি করতে পারে? যদি না পারে তাহলে প্রকৃতপক্ষে তাদের অধিকার আছে তা কী করে বলা যায়? এবং আমরাই বা তাদের অধিকার নিয়ে কেন হৈ চৈ করব? আমরা দেখেছি, ভ্রূণের বেঁচে থাকার অধিকার নিয়েও একই ধরনের যুক্তি দেয়া হয়েছিল।

প্রাণীদের ব্যথা-বেদনার অনুভূতির প্রকৃতি নিয়েও প্রশ্ন উত্থাপিত হয়। বলা হয় মানুষের মত প্রাণীদের ব্যথা অনুভবের ক্ষমতা তত তীক্ষ্ম নয়; তাছাড়া বুদ্ধিমান প্রাণী হিসেবে মানুষের মধ্যে বিপদাশংকায় যে উদ্বেগ লক্ষ্য করা যায় প্রাণীদের মধ্যে তা নেই বললেই চলে, যে কারণে যে কোন বেদনাদায়ক পরিস্থিতিতে তার ব্যথা-বেদনা কম হতে বাধ্য।

প্রজাতিবাদের মূলকথা হলো মানুষই সর্বশ্রেষ্ঠ প্রজাতি আর তাই অন্য প্রজাতিগুলোর ওপর তার ইচ্ছা চাপিয়ে দেয়ার অধিকার রয়েছে।

পিটার সিঙ্গার যে ধরনের মনোভাব থেকে এসব যুক্তির উদ্ভব হয়েছে তাকে নাম দিয়েছেন প্রজাতিবাদ (Speciesism)। একে তিনি তুলনা করেছেন বর্ণবাদের (racism) সঙ্গে। প্রজাতিবাদের মূলকথা হলো মানুষই সর্বশ্রেষ্ঠ প্রজাতি; এজন্য অন্যান্য প্রজাতিগুলোকে তার ইচ্ছা অনুযায়ীই বেঁচে থাকতে হবে।

কিন্তু প্রজাতিবাদ-উদ্ভূত প্রশ্নগুলোর উত্তর খুবই সহজ। এই ক'দিন আগেও বহু মানব-গোষ্ঠীরই নিজেদের অধিকার সম্পর্কে কোন ধারণা ছিল না; তাই বলে কি অন্য মানব-গোষ্ঠী কর্তৃক তাদের

অধিকার হরণের ব্যাপারটিকে আমরা মন্দ বলব না? এশিয়া-আফ্রিকার বহু অনুন্নত জাতিকে এই সেদিন পর্যন্ত ইউরোপীয়রা পদানত করে রেখেছিল এই যুক্তিতে যে, তারা তাদের ভালমন্দ বুঝে না; কিন্তু আমরা এ কাজের জন্য ইউরোপীয়দেরকে সাম্রাজ্যবাদী বলে এখন গালমন্দ করি। তাছাড়া, আমাদের মধ্যে অনেক মানুষের বিকলাঙ্গ, ক্ষীণ বুদ্ধি রয়েছে যারা তাদের অধিকার দাবি করতে পারে না। অনেক দার্শনিক এই ধরনের লোককে শিশু অবস্থায়ই হত্যা করে সমাজকে সুস্থ-সুন্দর করার কথা বলেছেন, কিন্তু মানব সমাজ চিরকালই তাদের প্রতি সদয় ব্যবহার করে এসেছে। বর্তমানকালে তাদের অধিকারের প্রশ্নে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা খুবই সোচ্চার।

অনেক মানুষই তার অধিকার দাবি করতে পারে না; তাই হলে তাদেরকে ধ্বংস করা চলে না।

এটা ঠিক, বহু প্রাণীরই ব্যথা-বেদনার অনুভূতি মানুষের মত তীক্ষ্ম নয়। কিন্তু সবার ব্যাপারে একথা বলা চলে না। এ ব্যাপারে আসল সত্য হলো প্রাণীরা ব্যথা অনুভব করে এবং ব্যথার ফলে মানুষ যে প্রতিক্রিয়া প্রদর্শন করে তাদের বেলায় তার অন্যথা হয় না। প্রাণীদের উদ্বেগ †bই বলা হচ্ছে, কিন্তু এতে তার লাভ সামান্যই। যে ভবিষ্যr ভাবনার সঙ্গে উদ্বেগের ব্যাপারটি জড়িত তার সঙ্গে বুদ্ধির যোগাযোগ সুস্পষ্ট। বুদ্ধির স্বল্পতার জন্য যে কোন সাধারণ ঘটনায় পশুপাখিরা অত্যন্ত ভীত হয়ে পড়ে এবং অকল্পনীয় যন্ত্রণা ভোগ করে যা মানুষের ক্ষেত্রে প্রায়ই হয় না; কেননা সে তার বুদ্ধি দিয়ে পরিস্থিতি বুঝে নেয়। কিছু কিছু বুদ্ধিমান মানবেতর প্রাণীর ক্ষেত্রে অবশ্য উদ্বেগহীনতার অপবাদ টিকে না। তাদের ব্যথাবেদনার অনুভূতি প্রায় মানুষের মতই একথা আজ নিঃসন্দেহে বলা চলে। মোটকথা সামগ্রিক বিবেচনায় প্রাণীর অধিকার সম্পর্কে আধুনিক নৈতিক চেতনাকে সমর্থন ভিন্ন উপায় নেই।

প্রাণীরা ব্যথা বেদনা অনুভব করে এবং কিছু কিছু বুদ্ধিমান প্রাণীর মধ্যে উদ্বেগ লক্ষ্য করা যায়।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। মানবেতর প্রাণীর প্রতি আধুনিক মানুষের মনোভাব ব্যক্ত করুন। প্রাচীন মনোভাব থেকে এ কতটুকু ভিন্ন?

২। প্রাণীর অধিকার বিষয়ে বেনথামের বক্তব্য কি আপনি সমর্থন করেন? সংক্ষেপে জবাব দিন।

৩। প্রজাতিবাদ বলতে কী বুঝায়? প্রজাতিবাদের বিরুদ্ধে যেসব যুক্তি দেয়া হয় তা ব্যাখ্যা ও পরীক্ষা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। প্রাণীদের ক্ষতিসাধন করে পরিণামে মানুষ
ক. উপকৃত হয় খ. অপকৃত হয়
গ. রোগগ্রস্থ হয়।

২। তিমি বা শুশুক শিকারে আধুনিক মানুষ
ক. আনন্দ পায় খ. দুঃখ পায়।
গ. সহযোগিতা করে

৩। এক মাসের শিশুর চেয়ে পূর্ণ বয়স্ক কুকুরের বুদ্ধি
ক. বেশি খ. কম
গ. সমান।

৪। প্রজাতিবাদ তুলনীয়
ক. বর্ণনাবাদের সঙ্গে খ. বর্ণবাদের সঙ্গে
গ. মানবতাবাদের সঙ্গে।

৫। পশুপাখিরা সহজে ভীত হয়
ক. তাদের ক্ষুদ্রত্বের কারণে খ. পলায়নের ব্যবস্হা না থাকার কারণে
গ. স্বল্পবুদ্ধির কারণে।

সত্য/মিথ্যা

১. মানবেতর প্রাণীদের মঙ্গলামঙ্গল নিয়ে আধুনিককালের আগে মানুষ কখনো ভাবেনি।সত্য/মিথ্যা
২. যুবরাজ চার্লস-এর খেকশিয়াল শিকার জনসাধারণ পছন্দ করে।সত্য/মিথ্যা
৩. আজকাল মানুষ সম্পূর্ণ নিঃস্বার্থভাবে প্রাণীদের মঙ্গল কামনা করে।সত্য/মিথ্যা
৪. মানবিক মূল্যবোধের কারণে মানুষ কখনো প্রাণীর ক্ষতি থেকে নিবৃত্ত হয় না।সত্য/মিথ্যা
৫. বেনথাম প্রাণীদের অধিকার অস্বীকার করেছেন।সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। খ ২। খ ৩। ক ৪। খ ৫। গ।
সত্য/মিথ্যা : ১। মিথ্যা ২। মিথ্যা ৩। মিথ্যা ৪। মিথ্যা ৫। মিথ্যা।

cW 13

মানবেতর প্রাণীর অধিকার (২য় ভাগ)
Rights of Animals (2nd part)

উদ্দেশ্য

এই পাঠশেষে আপনি

- প্রাণী হত্যার পক্ষে বিপক্ষে যেসব যুক্তি রয়েছে সে সম্পর্কে জানতে পারবেন।
- প্রাণী হত্যা বিষয়ে একটি মোটামুটি গ্রহণযোগ্য মতের সন্ধান পাবেন।
- প্রাণীর অধিকার হরণের কিছু দেশীয় উদাহরণের সঙ্গে পরিচিত হতে পারবেন।

প্রাণীদের অধিকার নিয়ে পূর্ববর্তী পাঠে যে সিদ্ধান্তে আমরা পৌঁছেছি তা থেকে গুরুত্বপূর্ণ একটি প্রশ্ন ওঠতে পারে, আর তা হচ্ছে : আজকের বিশ্বে প্রধানত দুটি কারণে প্রাণীকুল মানুষের কাছ থেকে কষ্ট পেয়ে থাকে; যাদের একটি হচ্ছে, মানুষের খাদ্য হিসেবে ব্যবহৃত হতে গিয়ে এবং অপরটি হচ্ছে মানব কল্যাণের জন্য বিভিন্ন পরীক্ষায় ব্যবহৃত হতে গিয়ে; দুটোই আবশ্যক কাজের মধ্যে পড়ে, এমতাবস্থায় পশুপাখিকে মানুষের কষ্ট না দিয়ে উপায় কী? প্রাণীদের সৃষ্টি যে মানুষের সেবার জন্য, বাইবেলের এই অভিমত এই প্রশ্ন রাখতে, বিশেষ করে পাশ্চাত্যের মানুষকে বেশ উদ্বুদ্ধ করে। তাছাড়া মানবেতর প্রাণী জগতে বিদ্যমান একটি নিয়মকেও প্রাণী হত্যার যুক্তি হিসেবে ব্যবহার করা চলে। বলা চলে একে অন্যকে আহার করেই প্রাণীজগৎ টিকে আছে, এমতাবস্থায় তাদেরকে আহারে আমাদের কেন অরুচি হবে? এই যুক্তি প্রসঙ্গে বেনজামিন ফ্রাঙ্কলিনের জীবনের একটি ঘটনা প্রায়ই উল্লেখ করা হয়। ঘটনাটা এই রকম :

মানুষের খাদ্য এবং পরীক্ষা-নিরীক্ষার উপকরণ হিসেবে ব্যবহৃত হতে গিয়ে প্রাণীকুল মানুষের কাছ থেকে কষ্ট পেয়ে থাকে।

বেনজামিন ফ্রাঙ্কলিন মাংস খাওয়া ছেড়ে দিয়েছিলেন। একবার বন্ধুদের সঙ্গে এক নদী তীরে যখন তিনি বনভোজনে যান তখন তাঁর বন্ধুরা একটি বড় মাছ ধরেন এবং রান্নার জন্য সেটিকে কুটতে শুরু করেন। মাছটির পেট চিরতেই দেখা গেলো সেখানে একটি ছোট মাছ রয়েছে। ব্যাপারটা বেনজামিন সাহেবকে ভাবিয়ে তুলল। এর মধ্যে তাঁর বন্ধুরা যখন মাছ হাড়িতে চাপিয়ে দিলেন তখন মাছের সুমিষ্ট গন্ধে চারদিক আমোদিত হয়ে ওঠল। তিনি আর থাকতে পারলেন না। "যদি তোমরা একে অন্যকে খেতে পার তাহলে আমি কেন তোমাদেরকে খেতে পারব না" বলেই তিনি বন্ধুদের সঙ্গে খেতে বসে গেলেন।

যদি প্রাণীরা একে অন্যকে খেতে পারে, তবে মানুষও প্রাণীদের খেতে পারবে।

লক্ষ্য করলেই দেখা যাবে, বেনজামিন সাহেবের যুক্তিতে বেশ ফাঁক রয়েছে। প্রাণী জগতে একে অন্যকে খাওয়ার রীতি রয়েছে সত্য, কিন্তু এ তাদের বিধিলিপি; প্রয়োজনেই তারা একে অন্যকে খায়। অতীতের মানুষের ক্ষেত্রেও একই কথা খাটে; প্রাণীহত্যা ব্যতীত আমিষ পাওয়ার তার হাতে কোন প্রযুক্তি ছিল না; কিন্তু এখন বৈজ্ঞানিক অগ্রগতির ফলে আজকের মানুষ প্রাণিজ খাবার না খেয়েও বাঁচতে পারে। তবে কেন সে প্রাণী হত্যা করবে?

মানুষ প্রাণীদের না খেয়েও বাঁচতে পারে, প্রাণীরা তা পারে না।

প্রাণীদের নিয়ে পরীক্ষা-নিরীক্ষা যা হয় তার বেশির ভাগই বিলাসোপকরণ উৎপাদনের জন্য।

মানব কল্যাণে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষায় প্রাণীদের ব্যবহার প্রসঙ্গে যা বলা হয় তার সবটুকুই সত্য এমন বলা চলে না। গবেষণা যা হয় তার বেশির ভাগই সম্পন্ন হয় বড় বড় বহুজাতিক ব্যবসায়ী-গোষ্ঠীর অর্থানুকূল্যে এবং তারা যেসব খাতে লাভ বেশি, যেমন প্রসাধন সামগ্রী ও অন্যান্য বিলাসোপকরণ উদ্ভাবনের ব্যাপারেই বেশি উৎসাহী এবং সে কাজেই প্রাণীদেরকে তারা বেশি ব্যবহার করে তথা কষ্ট দিয়ে থাকে। এই কষ্ট প্রদান অপ্রয়োজনীয় আর তাই নিন্দনীয়।

রোগবালাই, জরা-বার্ধক্যের কষ্ট থেকে মুক্তি দেয়ার জন্য বেদনাশূন্য উপায়ে প্রাণীহত্যা নিন্দনীয় নয়। কেননা এর বিকল্প ব্যবস্থাগুলো বাস্তবানুগ নয়।

অবশ্য একথা বলা যায় না যে প্রকৃত মানব কল্যাণমূলক কাজে, যেমন- চিকিৎসা, মহাকাশ সম্পর্কিত গবেষণা প্রভৃতি কাজে আদৌ পশুপাখি ব্যবহৃত হয় না। এসব ক্ষেত্রে প্রাণীর ব্যবহার তত নিন্দনীয় নয়, যদিও আমরা পূর্ববর্তী পাঠে যে স্বতঃসিদ্ধ দুটোর উল্লেখ করেছি তাদের বিচারে তা খুব একটা প্রশংসনীয় কাজও নয়। আসল কথা হলো নিতান্ত অপারগ না হলে এসব পরীক্ষা নিরীক্ষাও পরিত্যাগ করা উচিত।

প্রাণিজ খাবার দাবারের ব্যাপারেও এই একই দৃষ্টিভঙ্গি আমাদের গ্রহণ করা উচিত। নিতান্ত প্রয়োজন না হলে খাবারের জন্য প্রাণী-হত্যা আজ আর কাম্য হতে পারে না। তবে প্রাণীদের সামগ্রিক স্বার্থের কথা বিবেচনা করলে এ ব্যাপারে ছাড় দেয়া যেতে পারে। মানুষের মত প্রাণিকুলেরও জরা, বার্ধক্য, রোগবালাই ইত্যাদি যন্ত্রণাদায়ক ব্যাপার রয়েছে। এ সবের বিরুদ্ধে মানুষ যেভাবে লড়তে পারে প্রাণীকুল তা পারে না। ফলে তাকে দুর্বিসহ জীবন-যাপন করতে হয় আমৃত্যু। মানুষের ক্ষেত্রে যেমন যৌবনের প্রান্তসীমা থেকেই রোগ-শোকের প্রকোপ বৃদ্ধি পায়, প্রাণীদের ক্ষেত্রেও তাই হওয়া স্বাভাবিক, কিন্তু সে তার অসুবিধাগুলো ভাষায় প্রকাশ করতে পারে না। এ কারণেই যথাসময়ে বেদনাশূন্য উপায়ে প্রাণহরণ করে এদেরকে খাদ্য হিসেবে গ্রহণের ফলে একদিকে যেমন তাদের উপকার হয়, অন্যদিকে মানবকুলও উপকৃত হয়। অন্যদিক থেকে বিচার করলে এ একটা কৃপামূলক ব্যবস্থাও বটে। মানুষের জ্বালা যন্ত্রণা দূর করার জন্য যদি কৃপা-মৃত্যুর অনুমোদন দেয়ার চিন্তা হতে পারে তাহলে প্রাণীদের ক্ষেত্রেও তেমন ব্যবস্থার বিধান থাকা প্রয়োজন।

বিকল্প ব্যবস্থা হিসেবে ব্যাপক আকারে বিশ্বব্যাপী পশুক্লেশ নিবারণ কেন্দ্র, নিরাময় আবাস অথবা অন্তত অভয়াশ্রম ইত্যাদি নির্মাণ করে প্রাণীদের অবস্থার উন্নতি করা যায়। কিন্তু এখন পর্যন্ত যেহেতু বিশ্বের বেশির ভাগ মানুষের জন্যই মোটামুটি শোভন জীবনের নিশ্চয়তা দেয়া সম্ভব হয়নি সেহেতু পশুদের জন্য এমন ব্যবস্থা কল্পনা করা হবে এক অবাস্তব ব্যাপার। এমতাবস্থায় খাদ্যের জন্য বেদনা শূন্যভাবে প্রাণী হত্যার ব্যাপারটিকে প্রাণীদের অধিকারে হস্তক্ষেপ হিসেবে গণ্য না করে তাদের জন্য কল্যাণকর কর্ম বলেই গণ্য করা যেতে পারে। এই দৃষ্টিকোণ থেকে খাদ্যের জন্য প্রাণীহত্যা সব সময় অনৈতিক নয়।

উন্নত স্নায়ুতন্ত্রসম্পন্ন বুদ্ধিমান প্রাণী হত্যা কোন অবস্থায়ই গ্রহণযোগ্য নয়।

এখানে একটি কথা না বললেই নয়। কল্যাণের জন্য হলেও, এমন কিছু প্রাণী আছে যাদেরকে খাদ্য হিসেবেই হোক আর গবেষণার প্রয়োজনেই হোক ব্যবহার করা সঠিক নয়। এরা হচ্ছে সেসব বুদ্ধিমান প্রাণী, যাদের স্নায়ুতন্ত্র বেশ উন্নত এবং যার ফলে মৃত্যুসহ যে কোন নৃশংস ঘটনার ভয়াবহতার ব্যাপারটি তারা বেশ উপলব্ধি করতে পারে। কোন মানবীয় কল্যাণই তাদের যন্ত্রণার ক্ষতিপূরণ হতে পারে না। বানর জাতীয় যাবতীয় বণ্যপ্রাণী, কুকুর-বিড়াল, kকর-ঘোড়া প্রভৃতি গৃহপালিত পশু, বাঘ-সিংহের মত শিকারী জন্তু এবং তিমি-শুশুক প্রভৃতি স্তন্যপায়ী প্রাণী এই শ্রেণীর অন্তর্গত বলে ধরা যায়।

আসল কথা হলো মানবেতর প্রাণীদের প্রতি ব্যবহারে কোন চরমপন্থাই গ্রহণযোগ্য হতে পারে না। প্রাণীদের সামগ্রিক কল্যাণের কথা সবসময় বিবেচনায় রাখতে হবে এবং সে বিবেচনার আলোকেই তাদের অধিকারকে আমাদের স্বীকার করে নিতে হবে। আন্তঃপ্রজাতিগত ন্যায়বিচারের এটাই হচ্ছে উপযুক্ত ভিত্তি। আজকের নৈতিকতা এই দাবি করে।

প্রাণীর অধিকার হরণের কিছু দেশীয় উদাহরণ

দেশে দেশে কালেকালে প্রাণীর অধিকার হরণের চিত্র একটু ভিন্ন হতে পারে। আমাদের দেশ কৃষি-নির্ভর এবং আমাদের কৃষি বহুল পরিমাণে প্রাণী-নির্ভর। গরু-মহিষ এখনো এদেশে লাঙল টানার কাজে ব্যবহৃত হয়। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যায় কৃষক এসব জন্তুর উপযুক্ত পরিচর্যা করে না বা করতে পারে না। বাসস্হান, চিকিৎসা ইত্যাদির কথা বাদ দিলেও এদের উপযুক্ত ও নিয়মিত খাদ্য-পানীয় প্রদান করাও তারা প্রয়োজন মনে করে না। এর ফলে এদেশের অধিকাংশ গরু-মহিষকে কৃশ-রুগ্ন দেখা যায়। এটা তাদের ওপর অত্যাচার বৈ কিছু নয়। এই সব গরু-মহিষ লাঙল টানতে অপারগ হলে তাদের ওপর লাঠি প্রয়োগ করা হয় অত্যন্ত নির্দয়ভাবে।

এদেশে কৃষিকাজে ব্যবহৃত গরু-মহিষের ওপর বেশ অত্যাচার করা হয়।

বর্তমানে ব্যবসায়ীরাও প্রাণীদের ওপর যে নির্যাতন করে তাও অত্যন্ত প্রকট। মাংসের জন্য গরু-মহিষকে যেভাবে দেশের বিভিন্ন অঞ্চল থেকে অথবা এমনকি পার্শ্ববর্তী দেশ fviZ থেকে পা‡য়দলে কিংবা ট্রাকে-লরীতে করে শহর বন্দরে নিয়ে যাওয়া হয় তা খুবই অমানবিক। অনেক সময় ক্লান্তিতে এসব প্রাণীদের অনেকগুলিই রাস্তায় শুয়ে পড়ে। এরপরেও তাদেরকে রেহাই দেয়া হয় না। লাঠি-পেটা করে ওঠিয়ে পথ চলতে বাধ্য করা হয়।

সনাতন ও আধুনিক উভয় ধরনের মোরগ-মুরগীর ব্যবসায়ীরা তাদেরকে কষ্ট দেয়।

মোরগ-মুরগীর ফেরীওয়ালাদের নিষ্ঠুরতাও সর্বজনবিদিত। তারা বেশ কিছু মোরগ-মুরগী Øq‡K c‡ii iwk‡Z রাখে এবং ফেরী করে বেড়ায়। রবীন্দ্রনাথকে এই দৃশ্য খুবই পীড়া দিয়েছিল। আধুনিক মোরগ-মুরগী উৎপাদনকারীরাও নিষ্ঠুরতায় কম নন। পোল্ট্রি ফার্মের যেসব মুরগী ডিম পাড়ে তারা এখন ঘরের ভেতর স্বাধীনভাবে চলতে পারে না, তাদেরকে অত্যন্ত ক্ষুদ্র প্রকোষ্টে আটকে রাখা হয় যেখানে তার নড়াচড়া করতে পারে না। ডিমের পরিমাণ বৃদ্ধির জন্য তাদেরকে সারারাত আলোর নিচে রাখা হয়।

kn‡i f`‡j vKMY পশুপাখিদের ওপর কম অত্যাচার করেন না। বিভিন্ন ধরনের পশুপাখি পোষার নাম করে তাঁরা তাদের স্বাধীনতায় হস্তক্ষেপ করেন। তাঁরা বুঝতে পারেন না, বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে। প্রাণীদের ওপর এসব অত্যাচার বন্ধের ব্যাপারে সকলেরই এগিয়ে আসা উচিত।

পশুপাখি পোষার নাম করে ভদ্রলোকেরা তাদের স্বাধীনতায় হস্তক্ষেপ করেন। এটাও অনুচিত।

পাঠোত্তর মূল্যায়ন

রচনামূলক প্রশ্ন

১। প্রাণী হত্যার পক্ষে-বিপক্ষে যেসব যুক্তি রয়েছে তা ব্যাখ্যা ও পরীক্ষা করুন।

২। খাদ্যের জন্য প্রাণীহত্যা কি সত্যিই অনৈতিক? বুদ্ধিমান প্রাণীদের হত্যার ব্যাপারে আপনার মত কী?

৩। আপনার অভিজ্ঞতা থেকে আমাদের evsjv‡`‡k প্রাণীদের ওপর যে নির্যাতন করা হয় তা বর্ণনা করুন।

নৈর্ব্যক্তিক প্রশ্ন

mwVK DËi wjLb

১। বেনজামিন ফ্রাঙ্কলিন মাংস খাওয়া শুরু করেছিলেন এই যুক্তিতে যে
ক. মাছ নিজেরাই অন্য মাছকে খায়
L. মাছ বুদ্ধিমান নয় গ. মাছ সুস্বাদু

২। বেদনাশূন্য উপায়ে প্রাণীহত্যা অনেক সময়
ক. কৃপা-মৃত্যুর মত খ. বৃক্ষ নিধনের মত
গ. একই উপায়ে মানুষের অঙ্গচ্ছেদের মত

৩। উন্নত স্নায়ুতন্ত্রসম্পন্ন ও বুদ্ধিমান কয়েকটি প্রাণী হচ্ছে
ক. গরু-ছাগল-মহিষ খ. বানর-তিমি-হাতি
গ. খরগোশ-হাঁস-মুরগী

৪। কৃষকরা আমাদের দেশে বেশি অত্যাচার করে
ক. হাঁস-মুরগীর ওপর খ. গরু-মহিষের ওপর
গ. পায়রা-শালিকের ওপর

৫। শnরে লোকেরা প্রাণীদের ওপর অত্যাচার করে তাদের
ক. খাবার না দিয়ে খ. বন্দি রেখে
গ. লাঠিপেটা করে

সত্য/মিথ্যা

১. মানুষের হাতে প্রাণীকুল কষ্ট পায় যে দুটি কারণে তার একটি হচ্ছে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষায় তাদের ব্যবহার। সত্য/মিথ্যা

২. মানুষের সেবার জন্য প্রাণীদের সৃষ্টি-এই অভিমত ত্রিপিটকের। সত্য/মিথ্যা

৩. প্রাণীরা প্রয়োজনে একে অন্যকে খায়। সত্য/মিথ্যা

৪. আজকের মানুষ প্রাণিজ খাবার না খেয়েও বাঁচতে পারে। সত্য/মিথ্যা

৫. পশুপাখিদের নিয়ে বেশির ভাগ গবেষণা হয় প্রসাধন সামগ্রী ও বিলাসোপকরণ উদ্ভাবনের জন্য। সত্য/মিথ্যা

সঠিক উত্তর

নৈর্ব্যক্তিক প্রশ্ন : ১। ক ২। ক ৩। খ ৪। খ ৫। খ।

সত্য/মিথ্যা: ১। সত্য ২। মিথ্যা ৩। সত্য ৪। সত্য ৫। সত্য।